
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

## শিক্ষক সংস্করণ

# প্রাথমিক গণিত

## প্রথম শ্রেণি



**লেখক ও সম্পাদক**

হামিদা বানু বেগম
ড. মোঃ মহসীন উদ্দিন
মোঃ শাহ আলম সরকার
মাহফিয়া আকতার হোসেন

**পরিমার্জন**

মোহাম্মদ মনিরুল ইসলাম
মোঃ মুরশীদ আকতার
মোঃ সেলিম
জুলেখা শারমিন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

কর্তৃক প্রকাশিত।


[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]


প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ডিজাইন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে: হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই পরিপ্রেক্ষিতে ২০০২ সালে প্রথম বারের মতো যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম পরিমার্জন করা হয়। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত নতুন শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু উপস্থাপনে সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

প্রাথমিক গণিত একটি আবশ্যকীয় বিষয়। প্রাথমিক স্তরের ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত এ বিষয়ে শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক রয়েছে। প্রণীত শিক্ষক সংস্করণে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু, প্রতিটি অধ্যায়ের জন্য অর্জন উপযোগী যোগ্যতা, শিখন ফল, প্রতিটি পাঠের বিষয়বস্তু, পাঠ সংশ্লিষ্ট শিখনফল, শিক্ষা-উপকরণ, শিখন-শেখানো কার্যাবলি, ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন সংযোজিত হয়েছে। শিক্ষক সংস্করণের শুরুতে রয়েছে শিক্ষকের জন্য সাধারণ নির্দেশনা। এই নির্দেশনা অনুসরণ করে শিখন-শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করে শিক্ষক শ্রেণি কার্যক্রম পরিচালনা করবেন। শিক্ষার্থীদের বিষয়বস্তু সংশ্লিষ্ট জ্ঞান অর্জনের পাশাপাশি গাণিতিক ধারণা ও প্রক্রিয়া এবং গাণিতিক সমস্যা সমাধানের বিষয়টি শিক্ষক গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। প্রয়োজনে শিক্ষক তার নিজ চিন্তা-ভাবনার সঙ্গে শিক্ষক সংস্করণে বর্ণিত নির্দেশনার সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন।

উল্লেখ্য, শিক্ষক সংস্করণ, শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকাসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কি না তা যাচাই করার জন্য ২০১৩ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট করা হয়। ট্রাই আউট থেকে প্রাপ্ত ফলাফল ও বিশেষজ্ঞ দ্বারা ক্রিটিক্যাল রিভিউ এর ভিত্তিতে শিক্ষক সংস্করণসমূহ পরিমার্জন করা হয়। সমগ্র কার্যক্রমটি বেশ জটিল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পর্যায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণের সহযোগিতা নেওয়া হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইংয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সংস্করণটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন-শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# শিক্ষক সংস্করণ ব্যবহার সহায়ক
## সাধারণ নির্দেশনা


প্রাথমিক স্তরের শিক্ষাক্রম যোগ্যতাভিত্তিক। এই শিক্ষাক্রমের আলোকে শিক্ষার্থীর বয়স, ধারণ ক্ষমতা, মানসিক পরিপক্কতা ও সামর্থ্য বিবেচনা করে শ্রেণি ও বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক প্রণয়ন করা হয়েছে। পাঠ্যপুস্তকের বিষয়বস্তু কোন্ যোগ্যতা অর্জনের লক্ষ্যে উপস্থাপন করা হয়েছে তা যদি শিক্ষকের নিকট সুস্পষ্ট থাকে, তবে তিনি শ্রেণিকক্ষে সফলভাবে শিখন শেখানো কার্যাবলি ও মূল্যায়নের কাজ পরিচালনা করতে পারেন। এজন্য একজন শিক্ষকের সেই বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতা থাকা প্রয়োজন। পাঠ্যপুস্তকের প্রতিটি পৃষ্ঠার পঠন-পাঠনের মানোন্নয়নে শিক্ষকদের সহায়তা করার জন্য শ্রেণিকক্ষে পঠনীয় বিষয় কীভাবে উপস্থাপন করা হবে, শিখন শেখানো কার্যাবলি ও কলা-কৌশল কী হবে, বিষয়বস্তু সংশ্লিষ্ট শিক্ষোপকরণ কখন কীভাবে ব্যবহার করতে হবে, শ্রেণির সকল শিক্ষার্থীর প্রতি সমভাবে গুরুত্ব দিয়ে কীভাবে পাঠ পরিচালনা করা যায় এবং শিক্ষার্থীদের পাঠের প্রতি আগ্রহী ও উৎসাহী করার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা সংবলিত শিক্ষক সংস্করণ প্রণয়ন করা অপরিহার্য। তাই পাঠ্যপুস্তকের প্রতিটি পৃষ্ঠার পঠন পাঠন ফলপ্রসূ, আকর্ষণীয় ও নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠ সমাপ্ত করার জন্য শিক্ষক সংস্করণের গুরুত্ব অপরিসীম। গণিত শিক্ষক সংস্করণের বিশেষ বৈশিষ্ট্য হলো যে, বাম পৃষ্ঠাটি পাঠ্যপুস্তকের পৃষ্ঠা এবং পৃথকভাবে কোনো পাঠ বিভাজন নেই। প্রত্যেক পৃষ্ঠায় হচ্ছে একটি পাঠ, পাঠটি উপস্থাপনে একাধিক পিরিয়ডের প্রয়োজন হতে পারে যা ডান পৃষ্ঠায় নির্ধারণ করা হয়েছে। পাঠের/অধ্যায়ের শিরোনামসহ পাঠ/অধ্যায়টি পাঠ্যপুস্তকের কত পৃষ্ঠা হতে কত পৃষ্ঠা পর্যন্ত হবে তার উল্লেখ আছে। পাঠ/অধ্যায়ের মাধ্যমে যে সকল যোগ্যতা ও শিখনফল অর্জিত হবে তা নম্বরসহ পুরোপুরি লেখা আছে এবং সম্ভাব্য পিরিয়ড সংখ্যা দেওয়া আছে।

প্রতিটি পাঠের শিখনফল শিক্ষার্থীদের দিয়ে অর্জন করানোর লক্ষ্যে শিক্ষককে যে বিষয়গুলোর প্রতি বিশেষভাবে খেয়াল রাখতে হবে তা হলো-

- শ্রেণিকক্ষে শিখন শেখানো কার্যাবলি পরিচালনার পূর্বে শিক্ষক সংস্করণের বাম পৃষ্ঠাটি নিবিষ্ট মনে পড়বেন এবং যে শিখনফল অর্জনের লক্ষ্যে বিষয়বস্তু উপস্থাপন করা হয়েছে তা ডান পৃষ্ঠায় প্রদত্ত শিখনফল পড়ে ধারণা স্পষ্টতর করবেন।
- শিখন শেখানো কার্যাবলি অবশ্যই শিক্ষার্থীকেন্দ্রিক হতে হবে।
- শ্রেণির পরিবেশ যেন আন্তরিক, সৌহার্দপূর্ণ ও আনন্দদায়ক হয় সেদিকে খেয়াল রাখতে হবে।
- পাঠের বিষয়বস্তু সম্পর্কে ধারণা সঠিক ও স্বচ্ছ হতে হবে।
- শিক্ষার্থীদের পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই করে নতুন পাঠ গ্রহণের জন্য প্রস্তুত ও আগ্রহী করতে হবে।
- পাঠের বিষয়বস্তু সহজ, সরল, বোধগম্য, শ্রেণি উপযোগী, আনন্দদায়ক ও আকর্ষণীয় করে উপস্থাপন করতে হবে।
- প্রতিটি পাঠের বিষয়বস্তু শিক্ষার্থীরা সঠিকভাবে বুঝেছে কিনা তা ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে পর্যবেক্ষণ করে ও ছোট ছোট প্রশ্ন করে যাচাই করতে হবে।
- চক বোর্ডে লেখার ক্ষেত্রে শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে হবে।

- বস্তু নিরপেক্ষ গাণিতিক ধ্যান ধারণা বেশ জটিল। তাই পাঠ উপস্থাপনে প্রথমে বাস্তব উপকরণের সাহায্যে ধারণা দেওয়ার পর অর্ধবাস্তব পর্যায়ে বোর্ডে ছবি এঁকে বা পাঠ্যপুস্তকের সংশ্লিষ্ট পৃষ্ঠা ব্যবহার করলে শিক্ষার্থীদের বোঝার জন্য সহজ হবে।
- কোনো পাঠের বিষয়বস্তু জটিল মনে হলে পাঠ্যপুস্তকের সাথে মিল রেখে সহজভাবে এবং জানা থেকে অজানা রীতি অনুসরণ করে উপস্থাপন করতে হবে।
- শিক্ষার্থীদের নানাভাবে উৎসাহিত করে তাদের মধ্যে সহযোগিতা ও প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টি করতে হবে।
- নিকটতম পরিবেশে প্রাপ্তিযোগ্য উপকরণ সংগ্রহ করা ছাড়াও সহজলভ্য ও স্বল্পমূল্যের উপকরণ সংগ্রহ ও ব্যবহার করে পাঠকে আকর্ষণীয়, ফলপ্রসূ ও আনন্দদায়ক করে তুলতে হবে।
- পাঠ সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল উপকরণ তাৎক্ষণিকভাবে সংগ্রহ করা সম্ভব নাও হতে পারে। তাই শ্রেণিকক্ষের বাইরে এবং ছুটিকালীন সময়েও শিক্ষার্থীদের সাহায্যে উপকরণ তৈরি ও সংগ্রহ করে যত্নসহকারে সংরক্ষণ করতে হবে।
- শিক্ষার্থীদের পাঠে মনোযোগী ও কৌতূহলী রাখার জন্য প্রাসঙ্গিক বিভিন্ন ধরনের গাণিতিক সমস্যা সম্পর্কে জিজ্ঞেস করতে হবে এবং শিক্ষার্থীদেরও গাণিতিক সমস্যা তৈরি করার সুযোগ দিতে হবে।
- অনগ্রসর শিক্ষার্থীদের শিখন দুর্বলতা চিহ্নিত করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দুর্বলতা দূর করতে হবে।
- গাণিতিক সমস্যার সঠিক সমাধান না করতে পারলে শিক্ষার্থীদের তিরস্কার বা শাস্তি দিয়ে নিরুৎসাহিত না করে তাদের প্রতি বিশেষ যত্ন নিতে হবে।
- শিক্ষার্থীদের একক, জোড়ায় ও দলগত কাজে অংশগ্রহণের সুযোগ দিতে হবে।
- পাঠ্যপুস্তকে উপস্থাপিত সমস্যা শিক্ষার্থীরা যাতে নিজেরা সমাধান করার কলাকৌশল তৈরি করতে পারে ও চিন্তা রাজ্যের বিস্তার ঘটাতে পারে তার জন্য সমস্যা তৈরি ও সমাধান করার সুযোগ রাখা হয়েছে। এক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীদের সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের করতে দেওয়া গাণিতিক সমস্যার সমাধান মনোযোগ দিয়ে দেখতে হবে এবং প্রয়োজনে সাহায্য করতে হবে।
- পাঠ/অধ্যায় সমাপনান্তে অনুশীলনীর প্রশ্ন ব্যবহার করে অথবা অনুশীলনীতে প্রদত্ত সমস্যার অনুরূপ সমস্যা তৈরি করে সমাধান করতে দিয়ে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞানের মূল্যায়ন করবেন।
- নির্দিষ্ট সময়ের মধ্যে শিখন শেখানো কার্যাবলি সমাপ্ত করতে হবে।
- পাঠ চলাকালীন সময়ে ও পাঠশেষে শিক্ষার্থীদের সঠিকভাবে মূল্যায়ন করে এবং প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করে শিখন শেখানো কার্যাবলি পরিচালনা করতে হবে।

পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ ব্যবহার করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করলে শিক্ষার্থীদের কাছে গণিত শিক্ষা অর্থবহ, আকর্ষণীয় ও চিত্তাকর্ষক হবে এবং শিক্ষার্থীদের গণিত ভীতি দূর হবে।



# সূচিপত্র


| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | তুলনা করি | ২ |
| ২ | গণনা করি | ১০ |
| ৩ | সংখ্যা (১ থেকে ১০) | ১৮ |
| ৪ | জোড়ায় সাজানো | ৩৮ |
| ৫ | শূন্য | ৪০ |
| ৬ | ক্রমের ধারণা | ৪২ |
| ৭ | যোগের ধারণা (১ থেকে ১০) | ৫০ |
| ৮ | বিয়োগের ধারণা (১ থেকে ১০) | ৮০ |
| ৯ | নিজে করি | ১০৯ |
| ১০ | যোগ ও বিয়োগ (০ থেকে ১০) | ১১০ |
| ১১ | সংখ্যা (১১ থেকে ২০) | ১১৪ |
| ১২ | যোগ | ১৩৬ |
| ১৩ | বিয়োগ | ১৪৬ |
| ১৪ | সংখ্যা (২১ থেকে ৫০) | ১৫৪ |
| ১৫ | ক্রমবাচক সংখ্যা | ১৬০ |
| ১৬ | বাংলাদেশি মুদ্রা ও নোট | ১৬৬ |
| ১৭ | যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০) | ১৭২ |
| ১৮ | জ্যামিতিক আকৃতি | ১৮০ |
| ১৯ | নিজে করি | ১৮৭ |




# শিক্ষক সংস্করণ

## প্রাথমিক গণিত

## প্রথম শ্রেণি

## ১. তুলনা করি









২

## তুলনা করি

**শিখনফল** (পৃষ্ঠা ২)

১.১.১ কম-বেশি তুলনা করে বলতে পারবে।
১.১.২ ছোট-বড় শনাক্ত করতে পারবে।
১.১.৩ হালকা-ভারী তুলনা করে বলতে পারবে।
১.১.৪ কাছে-দূরে দেখে বলতে পারবে।
১.১.৫ খাটো-লম্বা আলাদা করতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, বিদ্যালয় ও শ্রেণিকক্ষের ভেতরের বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. শ্রেণিকক্ষের ভেতরে ও বাইরে শিক্ষার্থীরা কী দেখতে পাচ্ছে তা বলতে বলুন।
২. শিক্ষার্থীরা দেখে যখন বস্তুর নাম বলছে তখন তাদের আলোচনায় সহায়তা করার জন্য জিজ্ঞাসা করুন-
"— এবং ---, এর মধ্যে কোনটি বেশি /কোনটি ভারী/ কোনটি লম্বা/কোনটি কাছে/ দূরে?"
তারপর শিক্ষার্থীদের তাদের ধারণাগুলো স্বাধীনভাবে প্রকাশের সুযোগ দিন। এমনকি শিক্ষার্থী কোনো ভুল করলেও তাৎক্ষণিকভাবে তা ঠিক করে দেবেন না, কিন্তু অন্য শিক্ষার্থীদের সাথে আলোচনা করুন বিষয়টি ঠিক ছিল কিনা।

৩. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ২ খুলতে বলুন, পৃষ্ঠার ছবিটি নিয়ে শিক্ষার্থীদের সাথে কথা বলুন এবং জিজ্ঞাসা করুন-

"গ্লাসটিতে তোমরা কী দেখতে পাচ্ছো?" "কোন গ্লাসটিতে বেশি (কম) জুস আছে?"

"দুইজন শিশুর কাছে কী আছে?", "কোনটি ভারী/ হালকা?"
"কী ধরনের পতাকা তোমরা দেখতে পাচ্ছ?", "কোন পতাকাটি ছোট/ বড়?" "কোন পতাকার খুঁটিটি লম্বা/ খাটো?"
"কোন পশু দৌড়াচ্ছে?", "কোনটি তোমার কাছে / দূরে?"
শিক্ষার্থীদের উত্তরের মাধ্যমে বস্তু সম্পর্কে পার্থক্য খুঁজতে উৎসাহিত করুন।

৪. পৃষ্ঠার জোড়া বস্তু থেকে শিক্ষার্থীরা আর কী পার্থক্য করতে পারে তা জিজ্ঞাসা করুন এবং সহপাঠীদের সাথে তাদের ধারণাগুলো স্বাধীনভাবে বিনিময়ের জন্য উৎসাহিত করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি কার্যক্রমে অংশগ্রহণ করছে?
২. শিক্ষার্থীরা কি শ্রেণিকক্ষের ভেতর ও বাইরের বিভিন্ন বস্তু সম্পর্কে সঠিকভাবে তুলনা করার জন্য শব্দ ব্যবহার করতে সক্ষম হয়েছে?

## পাশাপাশি চিত্রে কী পার্থক্য রয়েছে ?



# তুলনা করি

**শিখনফল** (পৃষ্ঠা ৩)

১.১.১ কম-বেশি তুলনা করে বলতে পারবে।
১.১.২ ছোট-বড় শনাক্ত করতে পারবে।
১.১.৩ হালকা-ভারী তুলনা করে বলতে পারবে।
১.১.৪ কাছে-দূরে দেখে বলতে পারবে।
১.১.৫ খাটো-লম্বা আলাদা করতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিকক্ষের ভেতরের ও বাইরের বিভিন্ন বস্তু।


**শিখন শেখানো কার্যাবলি**


১. পূর্বের পাঠে শিক্ষার্থীরা যা শিখেছে তা মনে করে দেওয়ার জন্য উৎসাহিত করুন এবং জোরে জোরে পড়তে বলুন।
২. শিক্ষার্থীদের ৩ পৃষ্ঠা খুলতে বলুন এবং ছবিতে তারা কী পার্থক্য দেখতে পারছে তা বলতে বলুন। শিক্ষার্থীরা যা কিছুই দেখতে পাবে তা-ই তাদের বলতে উৎসাহিত করুন, এর মধ্যে ১ম ছবিতে বরফের টুকরার সংখ্যা, ২য় ছবিতে গাছ ও প্রজাপতির সংখ্যা এবং এরকম আরো অনেক।
৩. শিক্ষার্থীদের স্মরণ করিয়ে দেবেন যে, দুই বা ততোধিক বস্তুর মধ্যে তুলনা বলতে বোঝায় বস্তুসমূহের একে অপরের মধ্যে মিল বা পার্থক্য দেখানো।
৪. শ্রেণিকক্ষের ভেতরের বস্তুর মধ্যে তুলনা করতে শিক্ষার্থীদের উৎসাহিত করুন, যেমন-পেন্সিলের দৈর্ঘ্য, শিক্ষার্থীর উচ্চতা, ব্যাগের ভর/ওজন, ইত্যাদি; এর ফলে শিক্ষার্থীরা যতসম্ভব তুলনা করার জন্য শব্দ ব্যবহার করতে পারে।
৫. শ্রেণিকক্ষের বাইরের বস্তু দেখার জন্য শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এবং ওপরের শব্দগুলো ব্যবহার করে বস্তুর মধ্যে তুলনা করতে বলুন।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি কার্যক্রমে অংশগ্রহণ করছে?
২. শিক্ষার্থীরা কি শ্রেণিকক্ষের ভেতর ও বাইরের বিভিন্ন বস্তু সম্পর্কে সঠিকভাবে তুলনা করার জন্য শব্দ ব্যবহার করতে সক্ষম হয়েছে?

নিচের জোড়াগুলোতে কী ধরনের পার্থক্য রয়েছে?









চিত্রে কী দেখা যাচ্ছে?



# তুলনা করি

(পৃষ্ঠা ৪)

**শিখনফল**

১.১.১ কম-বেশি তুলনা করে বলতে পারবে।
১.১.২ ছোট-বড় শনাক্ত করতে পারবে।
১.১.৪ কাছে-দূরে দেখে বলতে পারবে।
১.১.৫ খাটো-লম্বা আলাদা করতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন ।শেখানো কার্যাবলি**

১. পূর্বের পাঠে শিক্ষার্থীরা যা শিখেছে তা মনে করে দেওয়ার জন্য উৎসাহিত করুন এবং জোরে জোরে পড়তে বলুন।

২. শিক্ষার্থীদের ৪ পৃষ্ঠা খুলতে বলুন এবং পৃষ্ঠার ওপরের অংশের ছবি সম্পর্কে জিজ্ঞাসা করুন (চাল, হাতি, মই, নারিকেলগাছ)।

৩. বস্তুর জোড়ার মধ্যে পার্থক্য খুঁজে পেতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন, তুলনা করার ক্ষেত্রে তাদের যেকোনো শব্দ ব্যবহার করার অনুমতি দিন যেমন-লম্বা মই/ বড় মই, বড় গাছ/ লম্বা গাছ, ইত্যাদি)। শিক্ষার্থীরা যদি কোনো ভুল করে, তাহলে অন্য শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন উত্তরটি সঠিক ছিল কি না (তাৎক্ষণিকভাবে ঠিক করে দেবেন না )।

৪. নিচের ছবিটির দিকে মনোযোগ দিতে বলুন এবং ছবিটি নিয়ে আলোচনা করতে শিক্ষার্থীদের সহায়তা করুন, তাদেরকে জিজ্ঞাসা করুন–"ছবিটিতে কী কী পশু আছে?"

"তারা কী করছে?" "তারা কোথায় যাচ্ছে?"

"কোনটি দ্রুত যাচ্ছে?" "পরবর্তী সময়ে কী ঘটবে?"

শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য ছবিটি ব্যবহার করে একটি গল্প তৈরি করতে পারেন,যেমন- "একটি খরগোশ ও একটি কচ্ছপ গাছের দিকে দৌড়াচ্ছে, কিন্তু পথিমধ্যে খরগোশটি ঘুমিয়ে পড়েছে" এবং এ রকম আরো অনেক গল্প।

৫. পাঠে শিক্ষার্থীরা তুলনা করতে কী কী শব্দ ব্যবহার করেছে তা নিয়ে পাঠের পুনরালোচনা করুন।

**মূল্যায়ন**

১. সব শিক্ষার্থী কি কার্যক্রমে অংশগ্রহণ করছে?

২. শিক্ষার্থীরা কি পাঠ্যপুস্তকের বিভিন্ন বস্তু সম্পর্কে সঠিকভাবে তুলনা করার জন্য শব্দ ব্যবহার করতে সক্ষম হয়েছে?

## পার্থক্য বিভিন্নভাবে প্রকাশ করা যায়




বেশি কম







বড় ছোট



ছোট বড়



কাছে দূরে



খাটো লম্বা






ভারী হালকা

# তুলনা করি

(পৃষ্ঠা)৫

**শিখনফল**

১.১.১ কম-বেশি তুলনা করে বলতে পারবে।

১.১.২ ছোট-বড় শনাক্ত করতে পারবে।

১.১.৩ হালকা-ভারী তুলনা করে বলতে পারবে।

১.১.৪ কাছে-দূরে দেখে বলতে পারবে।

১.১.৫ খাটো-লম্বা আলাদা করতে পারবে।

**পাঠসংখ্যা: ৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিকক্ষের ভেতরের ও বাইরের বিভিন্ন বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের পৃষ্ঠা ৫ খুলতে বলুন, এক এক করে ছবিগুলো দেখতে বলুন এবং জিজ্ঞাসা করুন–

"কোন থালায় বেশি / কম আপেল আছে?"

"কোন আইসক্রিমটি বড় / ছোট?" "কোন তালগাছটি খাটো / উঁচু?"

"কোন গাড়িটি ট্রাফিক লাইটের কাছে / দূরে "

"কোন পেন্সিলটি খাটো / লম্বা?"

"কোন শিশুটি ভারী / পাতলা?"

২. " শ্রেণির সবচেয়ে লম্বা শিক্ষার্থী কে?" -তা শিক্ষার্থীদের খুঁজে বের করার কাজটি দিন।

(ক) সবল শিক্ষার্থীকে অনুমান করতে বলুন সবচেয়ে লম্বা ছাত্র কে।

(খ) শ্রেণিতে জোড়া তৈরি করে দিন এবং উচ্চতা তুলনা করতে বলুন।

(গ) খাটো ছাত্রদের বেঞ্চে / চেয়ারে বসতে বলুন। (মানবিক অধিকার সম্পর্কে সচেতন থাকুন।)

(ঘ) লম্বা ছাত্রদেরকে অন্য লম্বা ছাত্রদের সাথে জোড়া তৈরি করতে বলুন এবং আবার উচ্চতা তুলনা করতে বলুন।

(ঙ) শ্রেণির সবচেয়ে লম্বা ছাত্র না পাওয়া পর্যন্ত (গ) ও (ঘ) ধাপটি বারবার করতে থাকুন।

(চ) (ক) এর অনুমানটি সঠিক ছিল কিনা যাচাই করুন।

৩. শিক্ষার্থীরা কী শিখেছে তা পুনরালোচনা করুন।

[২য় পাঠ]

১. শিক্ষার্থীদের শ্রেণিকক্ষের মধ্যকার দুইটি ভিন্ন ভিন্ন বস্তুর ছবি আঁকতে বলুন। ছবিগুলো বোর্ডে বা দেয়ালে রাখতে বলুন এবং ছবিগুলোর মধ্যকার পার্থক্য সম্পর্কে তাদের মতামত দিতে বলুন।

[৩য় পাঠ]

১. শিক্ষার্থীদের কিছুক্ষণের জন্য শ্রেণিকক্ষের বাইরে নিয়ে যান এবং দুইটি ভিন্ন ভিন্ন বস্তুর ছবি আঁকতে বলুন। ছবিগুলো বোর্ডে বা দেয়ালে রাখতে বলুন এবং ছবিগুলোর মধ্যকার পার্থক্য সম্পর্কে তাদের মতামত দিতে বলুন।


**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি পাঠ্যপুস্তকের বিভিন্ন বস্তু সম্পর্কে সঠিকভাবে তুলনা করার জন্য শব্দ ব্যবহার করতে সক্ষম হয়েছে?

২. সব শিক্ষার্থী কি উচ্চতা তুলনার কার্যক্রমটি শেষ হওয়া পর্যন্ত আনন্দের সাথে অংশগ্রহণ করেছিল?

## ২. গণনা করি

ছবিগুলো কিসের? কয়টি করে আছে?



# গণনা করি

(পৃষ্ঠা ৬)

**শিখনফল**

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক, ৫টি যেকোন বস্তু (লাঠি, কাগজ, বই, বল ইত্যাদি), পাঠ্যপুস্তকের ছবিসম্বলিত একটি পোস্টার পেপার।

## শিখন শেখানো কার্যাবলি

[১ম পাঠ]

১. শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, বাংলাদেশের জাতীয় মাছ, জাতীয় ফুল, জাতীয় পশু ও জাতীয় ফল কী? এরপর শিক্ষার্থীদের পৃষ্ঠা ৬ খুলতে বলুন এবং এই পৃষ্ঠায় কী ছবি দেখতে পাচ্ছে তা জিজ্ঞাসা করুন।

২. ছবিতে কয়টি পতাকা/ কাঁঠাল/ ইলিশ/ শাপলা / রয়েল বেঙ্গল টইগার আছে সে বিষয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করুন এবং স্বাধীনভাবে বস্তুগুলো গণনা করার সুযোগ দিন।

৩. বড় ছবিসম্বলিত একটি পোস্টার পেপার বোর্ডের ওপর রাখুন এবং প্রতিটি ছবি নির্দেশ করে তাদের ছবিগুলো ধীরে ধীরে গণনা করতে বলুন।

৪. শিক্ষার্থীদের শ্রেণিতে ৫টি পর্যন্ত যেসব বস্তু আছে তা খুঁজে গণনা করতে বলুন, যেমন–(একটি) মুখের সংখ্যা কয়টি, শ্রেণিতে শিক্ষক সংখ্যা,(দুইটি) চোখ / কানের সংখ্যা, নাকের সংখ্যা, একই বেঞ্চে বসা শিক্ষার্থী সংখ্যা (তিনটি / চারটি), আজকে তাদের কাছে আছে এমন পাঠ্যপুস্তকের সংখ্যা, হাত ও পায়ের মোট সংখ্যা, (পাঁচটি) একটি হাতে আঙ্গুলের সংখ্যা, ইত্যাদি।

[২য় পাঠ]

১. শিক্ষার্থীদের পৃষ্ঠা ৬ খুলতে বলুন এবং পূর্বপাঠের পুনরালোচনা করুন।

২. সবল শিক্ষার্থীদের দাঁড়াতে বলুন (তাদের মাঠেও নিয়ে যেতে পারেন) এবং একটি খেলা শুরু করুন যার নাম "চলো একসাথে করি":
উদাহরণ: (১) ৫ বার হাততালি দিন। (২) শিক্ষার্থীদের ৫ জনের একটি দল তৈরি করতে বলুন।(৩) যারা দলে যোগ দেয়নি তারা হেরেছে।
হাততালির সংখ্যা পরিবর্তন করুন ২ - ৫ পর্যন্ত, এবং ২০-৩০ বার খেলাটি খেলুন।

৩. ১ – ৫টি বাস্তব বস্তু ব্যবহার করে সংখ্যা পাঠের পুনরালোচনা করুন।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ১ - ৫টি বস্তুর সংখ্যা গণনা করতে সক্ষম হয়েছে?

২. সবল শিক্ষার্থী কি কার্যক্রমে আনন্দের সাথে অংশগ্রহণ করেছিল?

ছবিগুলো কিসের? কয়টি করে আছে?



## গণনা করি

**শিখনফল** (পৃষ্ঠা ৭)

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ১০টি যে কোনো বস্তু (কাঠি, কাগজ, বই, বল ইত্যাদি), পাঠ্যপুস্তকের ছবি সম্বলিত একটি পোস্টার পেপার।

### শিখন শেখানো কার্যাবলি

[১ম পাঠ]

১. শিক্ষার্থীদের পৃষ্ঠা ৭ খুলতে বলুন এবং এই পৃষ্ঠায় কী ছবি দেখতে পাচ্ছে তা জিজ্ঞাসা করুন এবং ছবিতে কয়টি ডিম / বেলুন / বেগুন / বাক্স / দোয়েল পাখি আছে সে বিষয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করুন এবং স্বাধীনভাবে বস্তুগুলো গণনা করার সুযোগ দিন।

২. বড় ছবিসম্বলিত একটি পোস্টার পেপার বোর্ডের ওপর রাখুন এবং প্রতিটি ছবি নির্দেশ করে তাদের ছবিগুলো ধীরে ধীরে গণনা করতে বলুন।

৩. শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের বাস্তব বস্তু (৬ থেকে ১০টি) দেখান এবং এক এক করে প্রত্যেক শিক্ষার্থীকে বস্তুগুলো জোরে গণনা করতে বলুন।

৪. কয়েকটি বস্তু ( যেমন ৬টি কাঠি) বাছাই করুন এবং শিক্ষার্থীদের বস্তুগুলো দেখিয়ে জিজ্ঞাসা করুন "এখানে কয়টি ( কাঠি) আছে?" পাঠটি শেষ না হওয়া পর্যন্ত বিভিন্ন বস্তু নিয়ে উক্ত কার্যক্রমটি কয়েকবার পরিচালনা করুন। এ ক্ষেত্রে বড় আকারের বস্তু, যেমন-খাতা ব্যবহার করুন; যেন শিক্ষার্থীরা স্পষ্টভাবে বস্তুগুলো দেখতে পারে।

[২য় পাঠ]

১. শিক্ষার্থীদের পৃষ্ঠা ৭ খুলতে বলুন এবং পূর্বপাঠের পুনরালোচনা করুন।

২. শ্রেণিকক্ষে তারা কী কী বস্তু দেখতে পায় তা জোরে বলতে বলুন ( যেমন–টেবিল, চেয়ার, বই, খাতা, কলম, পেন্সিল, রাবার, ব্যাগ ইত্যাদি), তারপর "বস্তু সংগ্রহ" খেলা শুরু করুন। উদাহরণ: (১) আপনি বলুন "৭টি পাঠ্যপুস্তক"। (২) ৭টি পাঠ্যপুস্তক সংগ্রহ করতে ২ / ৩ জন শিক্ষার্থীকে একে অপরের সাহায্য করতে বলুন। বস্তু সংগ্রহ শেষ হলে তাদেরক হাত ওপরে তুলতে বলুন। (৩) যেসব শিক্ষার্থী বস্তু সংগ্রহ করতে পারবেনা তারা পরাজিত হবে।

৬ থেকে ১০টি সংখ্যার বস্তু পরিবর্তন করুন ( যেমন– খাতা, কলম, পেন্সিল, রাবার, ব্যাগ ইত্যাদি ) এবং খেলাটি ১০ – ২০ বার খেলুন।


৩. ৬ – ১০টি বাস্তব বস্তু ব্যবহার করে সংখ্যা পাঠের পুনরালোচনা করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ৬ - ১০টি বস্তুর সংখ্যা গণনা করতে সক্ষম হয়েছে?

২. সব শিক্ষার্থী কি কার্যক্রমে আনন্দের সাথে অংশগ্রহণ করেছিল?

সমান সংখ্যক ছবি মিল করো। একটি করে দেখানো হলো।



## গণনা করি

**শিখনফল** (পৃষ্ঠা ৮)

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের ৭ পৃষ্ঠার ছবিসম্বলিত একটি পোস্টার পেপার ( বোর্ডে দেখানোর জন্য), ৫টি যেকোনো বস্তু (কাঠি, কাগজ, বই, বল ইত্যাদি)

**শিখন শেখানো কার্যাবলি**

১. ১ - ১০টি সংখ্যার বাস্তব উপকরণ ব্যবহার করে সংখ্যা পাঠের ওপর পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৮ খুলতে বলুন, প্রথমে ১০টি ছবি সম্পর্কে কথা বলুন ( যেমন- ৩টি আনারস, ৫টি পাতা, ৪টি কলা ইত্যাদি) এবং দ্বিতীয়ত, কী করতে হবে তা ব্যাখ্যা করুন (বাম ও ডানের ছবির মধ্যে সমানসংখ্যক ছবি মিল করো, যেমনটি ৩টি আনারসের সাথে ৩টি চশমার মধ্যে মিল দেখানো হয়েছে)। তারপর শিক্ষার্থীদের ছবিগুলো মেলাতে বলুন এবং তাদের কাজ সতর্কভাবে পর্যবেক্ষণ করুন যেন তাদের তাৎক্ষণিকভাবে ব্যাখ্যা দিতে পারেন যদি তারা কোনো নির্দেশনা বুঝতে না পারে। যতক্ষণ পর্যন্ত সব শিক্ষার্থীর কাজ শেষ না হবে ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করুন এবং পরে বোর্ডের ওপর পোস্টার পেপারটি রাখুন (যেখানে ৮ পৃষ্ঠার ছবিটি আঁকা আছে)।
৩. শিক্ষার্থীদের সাথে পারস্পরিক ক্রিয়া, প্রতিক্রিয়ার মাধ্যমে শ্রেণিতে ছবির সমাধানটি করে দেখাবেন। লক্ষ রাখুন, প্রতি ক্ষেত্রেই শিক্ষার্থীদের প্রতিক্রিয়া বা সাড়া দেখতে হবে এবং সঠিক উত্তর বলে না দিয়ে তাদের কাছ থেকে আসা উত্তর অনুযায়ী মিল করুন।
৪. শিক্ষার্থীদের সংখ্যা বলে না দিয়ে একই রকমের কিছু (১- ৫টি) বাস্তব উপকরণ দেখান এবং শ্রেণিতে আছে এমন একই সংখ্যক বস্তু সংগ্রহ করতে বলুন। যেমন–আপনি যদি ৪টি কাঠি দেখান তাহলে শিক্ষার্থীদের ৪টি খাতা / ৪টি ব্যাগ / ৪টি কলম ইত্যাদি সংগ্রহ করতে বলুন। যদি কোনো শিক্ষার্থীর কাছে যথেষ্টসংখ্যক উপকরণ না থাকে তাহলে পরস্পরকে সাহায্য করতে বলুন। পাঠের সময় শেষ না হওয়া পর্যন্ত কার্যাক্রমটি চালু রাখুন।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি সঠিকভাবে সমানসংখ্যক বস্তু মিল করতে পেরেছে?
২. শিক্ষার্থীরা কি নির্দেশনা অনুযায়ী বস্তু সংগ্রহ করতে পেরেছে?





## সমানসংখ্যক ছবি মিল করো।





## সংখ্যা

**শিখনফল** (পৃষ্ঠা ৯)

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১ পাঠ**

**শিক্ষা উপকরণ:পাঠ্যপুস্তক,** পাঠ্যপুস্তকের ৯ পৃষ্ঠার ছবিসম্বলিত একটি পোস্টার পেপার (বোর্ডে দেখানোর জন্য), ১০ টি যেকোনো বস্তু (লাঠি, কাগজ, বই, বল ইত্যাদি)

**শিখন শেখানো কার্যাবলি**

১. ১ - ১০টি সংখ্যার বাস্তব উপকরণ ব্যবহার করে সংখ্যা পাঠের ওপর পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৯ পৃষ্ঠা খুলতে বলুন, প্রথমে ১০টি ছবি সম্পর্কে কথা বলুন ( যেমন- ৭টি প্রজাপতি, ৬টি তরমুজ, ৬টি ফুল ইত্যাদি) এবং দ্বিতীয়ত, কী করতে হবে তা ব্যাখ্যা করুন (বাম ও ডানের ছবির মধ্যে সমান সংখ্যক ছবি মিল করো, যেমনটি ৩টি আনারসের সাথে ৩টি চশমার মধ্যে মিল দেখানো হয়েছে)। তারপর শিক্ষার্থীদের ছবিগুলো মেলাতে বলুন এবং তাদের কাজ সতর্কভাবে পর্যবেক্ষণ করুন যেন তাদের তাৎক্ষণিকভাবে ব্যাখ্যা দিতে পারেন যদি তারা কোনো নির্দেশনা বুঝতে না পারে। যতক্ষণ পর্যন্ত সব শিক্ষার্থীর কাজ শেষ না হবে ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করুন এবং পরে বোর্ডের ওপর পোস্টার পেপারটি রাখুন (যেখানে ৯ পৃষ্ঠার ছবিটি আঁকা আছে)।


৩. শিক্ষার্থীদের সাথে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ার মাধ্যমে শ্রেণিতে ছবির সমাধানটি করে দেখাবেন। লক্ষ রাখুন, প্রতি ক্ষেত্রেই শিক্ষার্থীদের প্রতিক্রিয়া বা সাড়া দেখতে হবে এবং সঠিক উত্তর বলে না দিয়ে তাদের কাছ থেকে আসা উত্তর অনুযায়ী মিল করুন।

৪. শিক্ষার্থীদের সংখ্যা বলে না দিয়ে একই রকমের কিছু (৬- ১০টি) বাস্তব উপকরণ দেখান এবং শ্রেণিতে আছে এমন একই সংখ্যক বস্তু সংগ্রহ করতে বলুন। যেমন–আপনি যদি ৭টি কাঠি দেখান তাহলে শিক্ষার্থীদের ৭টি খাতা /৭টি ব্যাগ/ ৭টি কলম, ইত্যাদি সংগ্রহ করতে বলুন। যদি কোনো শিক্ষার্থীর কাছে যথেষ্টসংখ্যক উপকরণ না থাকে তাহলে, পরস্পরকে সাহায্য করতে বলুন। পাঠের সময় শেষ না হওয়া পর্যন্ত কার্যাবলিটি চালু রাখুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি সঠিকভাবে সমানসংখ্যক বস্তু মিল করতে পেরেছে ?

২. শিক্ষার্থীরা কি নির্দেশনা অনুযায়ী বস্তু সংগ্রহ করতে পেরেছে?



# ৩. সংখ্যা : (১ থেকে ১০)

## ৩.১ সংখ্যা : ১ থেকে ৫ পর্যন্ত



১



২



৩



৪



৫



# ৩. সংখ্যা (১ - ১০)

## ৩.১. সংখ্যা ১ থেকে ৫

(পৃষ্ঠা ১০)

**শিখনফল**

৪.১.১ ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা প্রতীকগুলো নাম অনুযায়ী শনাক্ত করতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, যে কোন উপকরণের ১০টি নমুনা (কাঠি, কাগজ, বই, বল ইত্যাদি)

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণের সাহায্যে পূর্বপাঠের ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যার ধারণা পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের বইয়ের ১০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং তাদের সাথে বইয়ের বাম দিকের কলামের ৫টি ছবি দ্বারা কি নির্দেশ করে সে বিষয়ে আলোচনা করুন।
৩. মাঝখানের কলামে যান, সেখানে শিক্ষার্থীরা কতগুলো লাল ফোটা চিহ্নিত করতে পারে সেটি জিজ্ঞেস করুন এবং একটি বাসের সাথে একটি লাল ফোটা, দুইটি হাঁসের সাথে দুইটি লাল ফোটা ইত্যাদি বিষয়ে ছাত্রদের সচেতন হতে সহযোগিতা করুন।
৪. ডান পাশের কলামে যান, "১", "২","৩","৪" ও "৫" চিহ্নগুলো যথাক্রমে এক, দুই, তিন, চার ও পাঁচ সংখ্যাগুলোকে নির্দেশ করে, এ বিষয়টি ছাত্রদের কাছে ব্যাখ্যা করুন। এই সংখ্যাগুলো কীভাবে লিখতে হয় সে বিষয়টি শিক্ষার্থীদের কাছে বোর্ডে লিখে ব্যাখ্যা করুন এবং আপনার নির্দেশনা অনুসরণ করে ছাত্রদের নিজেদের খাতায় সংখ্যাগুলো লিখতে বলুন।
৫. সংখ্যা না উল্লেখ করে শিক্ষার্থীদের একই ধরনের কিছু বাস্তব উপকরণ (যেমন ৫ টি কাগজ) প্রদর্শন করুন (১ থেকে শুরু করে ৫ পর্যন্ত)। উপকরণের সমান সংখ্যক দাগ বা ফোটা খাতায় আঁকতে বলুন ও সংখ্যাসূচকটি লিখতে বলুন (যেমন: ●●●●●, ৫)। ক্লাস শেষ না হওয়া বিভিন্ন সংখ্যা (৫ পর্যন্ত) নিয়ে ও বিভিন্ন উপকরণ ব্যবহার করে এই কাজটি করতে থাকুন।






**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা উপকরণ/বস্তুর সংখ্যাগুলো গণনা করতে পারল কি না যাচাই করুন।
২. শিক্ষার্থীরা ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যাগুলো খাতায় লিখতে পারল কি না যাচাই করুন।





## গণনা করা, রং করা, পড়া ও লেখা

| গণনা করি | সমানসংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  |  | ১ | ১ | ১ |
|  |  | ২ | ২ | ২ |
|  |  | ৩ | ৩ | ৩ |
|  |  | ৪ | ৪ | ৪ |
|  |  | ৫ | ৫ | ৫ |



# ৩. সংখ্যা (১-১০)

## ৩.১. সংখ্যা ১ থেকে ৫ (পৃষ্ঠা ১১)

**শিখনফল**

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠসংখ্যা :২**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ১ থেকে ৫ পর্যন্ত পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১১ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং বাম পাশের কলামে কতটি আম রয়েছে বলতে বলুন।
৩. মাঝখানের কলামে যান, একটি আমের পাশে কতটি লাল ফোটা আছে জিজ্ঞেস করুন এবং প্রতিটি শিক্ষার্থী যাতে একটি আমের জন্য "এক" বলে, সে বিষয়টি নিশ্চিত করুন।
৪. এরপর শিক্ষার্থীদের ডান কলামে দেখতে বলুন, যেখানে "১" লেখা আছে এবং নমুনার মতো করে বক্সে চারবার "১" লিখতে বলুন। শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে দেখুন এবং যে শিক্ষার্থী সুন্দরভাবে "১" লিখতে পারে নি তাকে প্রয়োজনীয় নির্দেশনা দিন।
৫. "২" লেখা দ্বিতীয় সারিতে যান এবং পূর্বের নির্দেশনাগুলো অনুসরণ করুন।
৬. "৩" লেখা তৃতীয় সারিতে শিক্ষার্থীদের যতসংখ্যক আম আছে তত বৃত্ত ভরাট করতে বলুন এবং নমুনা ঘরে সুন্দরভাবে "৩" লিখতে বলুন। "৪" ও "৫" এর জন্য একই প্রক্রিয়া অনুসরণ করুন।
৭. যদি সময় থাকে, তবে এই কাজ ক্লাস শেষ হওয়া পর্যন্ত চালিয়ে যান।

**[২য় পাঠ]**

১. শিক্ষার্থীদের ১, ২, ৩, ৪ ও ৫ বারবার লিখে অনুশীলন করান।
২. সংখ্যা লেখার খেলাটি শুরু করুন।
শিক্ষক যে ছবিটি আঁকবে তা দেখে, বন্ধুর নির্দেশনা শুনে অথবা শিক্ষকের দেওয়া হাতেতালির সংখ্যা শুনে ( ১ বার, ২ বার, ৩ বার এভাবে ৫ বার পর্যন্ত) সেই সংখ্যাটি লিখতে বলুন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি সঠিকভাবে বৃত্ত ভরাট করতে পেরেছে?
২. শিক্ষার্থীরা কি ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যা সূচকগুলো সুন্দরভাবে লিখতে পেরেছে?


## গণনা করি ও খালি ঘরে সংখ্যা লিখি




১



২
















# ৩. সংখ্যা (১-১০)

## ৩.১. সংখ্যা ১ থেকে ৫ (পৃষ্ঠা ১২)

**শিখনফল**

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।
৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ১ থেকে ৫ পর্যন্ত পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১২ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং এই পৃষ্ঠায় তারা কী দেখতে পাচ্ছে জিজ্ঞেস করুন। যেমন একটি হাতি, দুইটি ফোটা, চারটি ফোটা, তিনটি ফুল ইত্যাদি। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে উত্তরগুলো আসে সে ব্যাপারে বিশেষভাবে লক্ষ্য রাখুন ।
৩. প্রতিটি ছবির নিচের বক্সে ওপর শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং বক্সে একটা হাতির জন্যে "১" এবং দুইটা ফোটার জন্য "২" লেখা হয়েছে এটি খুঁজে পেতে শিক্ষার্থীদের সাহায্য করুন। এরপর শিক্ষার্থীদের চারটি ফোটার ছবির নিচের বক্সে কোন সংখ্যাটি হবে জিজ্ঞেস করুন এবং সংখ্যা লেখার নিয়ম সম্পর্কে সচেতন হতে সহায়তা করুন।
৪. শিক্ষার্থীদের সঠিক সংখ্যাটি প্রতিটি বক্সে লিখতে বলুন এবং সতর্কতার সাথে শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন। যে সকল শিক্ষার্থী কী করতে হবে বুঝতে পারছে না অথবা সঠিক উত্তরটি লিখতে পারছে না, তাদের নির্দেশনাদিন ও সহযোগিতা করুন।
৫. সবাই কাজটি সম্পন্ন করেছে এই ব্যাপারটি নিশ্চিত হলে, কোন বক্সে কোন সংখ্যাটি বসবে শ্রেণির সবাইকে নিয়ে এ ব্যাপারে আলোচনা শুরু করুন।
৬. যদি সময় থাকে তবে একই ধরনের কাজ বোর্ডে অনুশীলন করতে দিন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি প্রতিটি বক্সের সংখ্যা সঠিকভাবে গুনতে ও লিখতে পেরেছে ?

ছবির সাথে সংখ্যা মিল করি। একটি করে দেখানো হলো।




৩

৪

২

১

৫



# ৩. সংখ্যা (১-১০)

## ৩.১. সংখ্যা ১ থেকে ৫ (পৃষ্ঠা ১৩)

**শিখনফল**

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা :২**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক, ১ থেকে ৫ পর্যন্ত নম্বর কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ১ থেকে ৫ পর্যন্ত পুনরালোচনা করুন। শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১ ৩ নং পৃষ্ঠা খুলতে বলুন। এই পৃষ্ঠায় তারা কী দেখতে পাচ্ছে জিজ্ঞেস করুন এবং তাদের অবাধে জোরে জোরে বলার সুযোগ দিন। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে ধারণাগুলো আসে সে ব্যাপারে বিশেষভাবে লক্ষ রাখুন।

২. দাগের সাহায্যে কীভাবে তিনটি কলামকে সংযুক্ত করা হয়েছে সে ব্যাপারটির দিকে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এবং দাগ টেনে সংযোগের ক্ষেত্রে সতর্ক থাকতে সহায়তা করুন।

৩. শিক্ষ র্থীদের দাগ টেনে ছবি, সংখ্যা ও ফোটাগুলো মেলাতে বলুন এবং শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে সতর্কভাবে তাদের কাজ পর্যবেক্ষণ করুন। যারা কী করতে হবে বুঝতে পারছে না অথবা সঠিক উত্তরটি লিখতে পারছে না, তাদের নির্দেশনা দিন ও সহযোগিতা করুন।

৪. সবাই কাজটি সম্পন্ন করেছে এই ব্যাপারটি নিশ্চিত হলে শ্রেণির সবাইকে নিয়ে সমস্যাটি সমাধানের ব্যাপারে আলোচনা করুন।

৫. পাঠ্যপুস্তকের ৫ ও ৭ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং বস্তুর সংখ্যা গণনা করে সঠিক সংখ্যাটি পাশে লিখতে বলুন।

৬. শ্রেণির সবাইকে দাঁড়াতে বলুন এবং "চল একত্রিত হই" নামে একটি খেলা শুরু করতে বলুন। এই খেলায় শিক্ষার্থীদের একটি নম্বর কার্ড দেখাবেন (নম্বর বা সংখ্যাটি মুখে বলা যাবে না) এবং কার্ডের সংখ্যার সমানসংখ্যক শিক্ষার্থী একত্রিত হ য়ে এক একটি দল তৈরি করবে। যেমন নম্বর কার্ডে "৫" দেখালে ৫ জন শিক্ষার্থী মিলে একটি দল তৈরি করবে। যে শিক্ষার্থী কোনো দলে অংশ নিতে পারবে না সে পরাজিত হবে। এভাবে পাঠ শেষ না হওয়া পর্যন্ত খেলাটি চালিয়ে যেতে হবে।

[২য় পাঠ]

১. শিক্ষার্থীরা পৃষ্ঠা ১৩ এর মতো "ছবির সাথে সংখ্যা মিল করি" কাজটি করবে।


২. শিক্ষার্থীরা তাদের "ছবির সাথে সংখ্যা মিল করি" কাজটি অন্য শিক্ষার্থীদের সাথে বিনিময় করবে এবং যারা উত্তরটি সঠিকভাবে করতে পেরেছে তাদের উত্তরের সাথে মেলাবে।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ছবি, সংখ্যা ও ফোটাগুলো মিল করতে পেরেছিল?


২. খেলায় কেউ একঘরে হয়ে না থেকে, আনন্দের সাথে সবাই কি অংশ গ্রহন করেছিল?

## ৫টি বস্তুকে কতভাবে সাজানো যায়?




৫টি বস্তুকে বিভিন্নভাবে সাজানো যায়।




৫টি বস্তুকে বিভিন্নভাবে সাজাও।

## ৩. সংখ্যা (১-১০)

### ৩.১. সংখ্যা ১ থেকে ৫ (পৃষ্ঠা ১৪)


**শিখনফল**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা : ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক

ডানে দেখানো ছবির মতো দুই ধরণের ফোটাসম্বলিত কার্ড




-এ রকম ১ টি কার্ড



-এ রকম ৫টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম ও ২য় পাঠ]



১. ৫টি ফোটাসম্বলিত কার্ডটি শিক্ষর্থীদের দেখান এবং এখানে কয়টি ফোটা আছে ও কীভাবে ফোটাগুলোকে দুই ভাগে ভাগ করা যায় জিজ্ঞেস করেন। ফোটাগুলোকে বিভিন্ন ভাবে ভাগ করার উপায় বের করতে ও নিজেদের ধারণাগুলোকে অবাধে জোরে জোরে বলার সুযোগ দিন। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে ধারণাগুলো বের হয়ে আসে সে ব্যাপারে দৃষ্টি রাখতে হবে। যদি কোন শিক্ষার্থী ভুল উত্তর দেয় তবে অন্য শিক্ষার্থীকে কেন উত্তরটি ভুল তার ব্যাখ্যা সহকারে সঠিক উত্তর দেওয়ার সুযোগ দিন।

২. ফোটাসম্বলিত কার্ড ব্যবহার করে পাঠ্যপুস্তকের ১৪ নং পৃষ্ঠার প্রথম প্রশ্নের উত্তর দেবেন (যেমন ৫ → ২ ও ৩) এবং শিক্ষার্থীদের অন্য প্রশ্নগুলোর উত্তর দিতে বলবেন। দ্বিতীয় প্রশ্নে শিক্ষার্থীরা ছবি অনুসারে সংখ্যাটি লিখবে (যেমন ১ ও ৪)। তৃতীয় ও চতুর্থ প্রশ্নে শিক্ষার্থীরা নিজেদের ধারণা/চিন্তাগুলো লিখবে, যা কিনা পূর্বে দুটি প্রশ্ন থেকে প্রাপ্ত ধারণা থেকে ভিন্ন হবে।

৩. শিক্ষার্থীরা কাজটি সম্পন্ন করেছে সে ব্যাপারে নিশ্চিত হয়ে, শ্রেণির সকল শিক্ষার্থীদের নিয়ে সমস্যাটি সমাধাণ বিষয়ে আলোচনা শুরু করবেন।

৪. এরপর "৪" কে কোন কোনভাবে দুই ভাগে ভাগ করা যায় সে বিষয়ে চিন্তা করতে শিক্ষাথীদের উৎসাহ প্রদান করবেন। যদি সময় থাকে তবে ফোটা সম্বলিত কার্ড ব্যবহার করে "৩" সংখ্যাটিকে নিয়েও উপরিউক্ত কাজগুলো করতে পারেন।


**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা কি "৫" কে দুই ভাগে ভাগ করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি "৪" কে দুই ভাগে ভাগ করতে পেরেছে?




## ৩.২ সংখ্যা : ৬ থেকে ১০ পর্যন্ত







৬







৭






৮





৯





১০



# ৩. সংখ্যা (১-১০)

## ৩.২. সংখ্যা ৬ থেকে ১০ (পৃষ্ঠা ১৫)

**শিখনফল**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।

**পাঠসংখ্যা : ১**


**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, যেকোন উপকরনের ১০টি নমুনা (কাঠি, কাগজ, বই, বল ইত্যাদি) ।

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণের সাহায্যে পূর্বপাঠের ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যার ধারণা পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের বইয়ের ১৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং তাদের সাথে বইয়ের বাম দিকের কলামের ৫টি ছবি দ্বারা কি নির্দেশ করে সে বিষয়ে আলোচনা করুন।
৩. মাঝখানের কলামে যান, সেখানে শিক্ষার্থীরা কতগুলো লাল ফোটা চিহ্নিত করতে পারে সে বিষয়ে জিজ্ঞেস করুন এবং ছয়টি পাখির সাথে ছয়টি লাল ফোটা, সাতটি স্ট্রবেরির সাথে সাতটি লাল ফোটা ইত্যাদি বিষয়ে ছাত্রদের সচেতন হতে সহযোগিতা করুন।
৪. ডান পাশের কলামে যান, “৬”, “৭”,“৮”,“৯” ও “১০” চিহ্নগুলো যথাক্রমে ছয়, সাত, আট, নয় ও দশ সংখ্যাগুলোকে নির্দেশ করে এ বিষয়টি ছাত্রদের কাছে ব্যাখ্যা করুন। এই সংখ্যাগুলো কীভাবে লিখতে হয় সে বিষয়টি শিক্ষার্থীদের কাছে বোর্ডে লিখে ব্যাখ্যা করুন এবং আপনার নির্দেশনা অনুসরণ করে ছাত্রদের নিজেদের খাতায় সংখ্যাগুলো লিখতে বলুন।
৫. সংখ্যা উল্লেখ না করে শিক্ষার্থীদের একই ধরনের কিছু বাস্তব উপকরণ (যেমন ৭টি কাঠি) প্রদর্শন করুন (৬ থেকে শুরু করে ১০ পর্যন্ত)। উপকরণের সমানসংখ্যক দাগ বা ফোটা খাতায় আঁকতে বলুন ও সংখ্যাসূচকটি লিখতে বলুন ( যেমন:●●●●●●●, ৭)। ক্লাস শেষ না হওয়া বিভিন্ন সংখ্যা (৬ থেকে ১০ পর্যন্ত) নিয়ে ও বিভিন্ন উপকরণ ব্যবহার করে এই কাজটি করতে থাকুন।






**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি উপকরণ/বস্তুর সংখ্যাগুলো গণনা করতে পেরেছে?
২. শিক্ষার্থীরা কি ৬ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলো খাতায় লিখতে পেরেছে?





## গণনা করা, রং করা, পড়া ও লেখা।

| গণনা করি | সমানসংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  |  | ৬ | ৬ | ৬ |
|  |  | ৭ | ৭ | ৭ |
|  |  | ৮ | ৮ | ৮ |
|  |  | ৯ | ৯ | ৯ |
|  |  | ১০ | ১০ | ১০ |



# ৩. সংখ্যা (১-১০)

## ৩.২. সংখ্যা ৬ থেকে ১০ (পৃষ্ঠা ১৬)

**শিখনফল**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠসংখ্যা :২**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ৬ থেকে ১০ পর্যন্ত পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং বাম পাশের কলামে কতটি কাপ রয়েছে বলতে বলুন।
৩. মাঝখানের কলামে যান, ছয়টি কাপের পাশে কতটি লাল ফোটা আছে জিজ্ঞেস করুন এবং প্রতিটি শিশু যাতে ছয়টি কাপের জন্য "ছয়" বলে সে বিষয়টি নিশ্চিত করুন।
৪. এরপর শিক্ষার্থীদের ডান কলামে দেখতে বলুন যেখানে "৬" লিখা আছে এবং নমুনার মতো করে বক্সে চারবার "৬" লিখতেবলুন।শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে দেখুন এবং যে শিক্ষার্থী সুন্দরভাবে "৬" লিখতে পারে নি তাকে প্রয়োজনীয় নির্দেশনা দিন।
৫. "৭" লেখা দ্বিতীয় সারিতে যান এবং পূর্বের নির্দেশনাগুলো অনুসরণ করুন।
৬. "৮" লেখা তৃতীয় সারিতে শিক্ষার্থীদের যত সংখ্যক কাপ আছে তত বৃত্ত ভরাট করতে বলুন এবং নমুনা ঘরে সুন্দরভাবে "৮" লিখতে বলুন। "৯" ও "১০" এর জন্য একই প্রক্রিয়া পুনরাবৃত্তি করুন।
৭. যদি সময় থাকে, তবে পরবর্তী পাঠ শুরু করার পূর্ব পর্যন্ত এই কাজ চালিয়ে যান।




[২য় পাঠ]

১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের ৬, ৭, ৮ , ৯ ও ১০ বারবার লিখে অনুশীলন করান ।
২. সংখ্যা লেখার খেলাটি শুরু করুন।
শিক্ষক যে ছবিটি আঁকবেন তা দেখে, বন্ধুর নির্দেশনা শুনে অথবা শিক্ষকের দেওয়া হাতে তালির সংখ্যা শুনে ( ৬ বার, ৭ বার, ৮ বার এভাবে ১০ বার পর্যন্ত) সেই সংখ্যাটি লিখতে বলুন।



**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি সঠিকভাবে বৃত্ত ভরাট করতে পেরেছে?
২. শিক্ষার্থীরা কি ৬ থেকে ১০ পর্যন্ত সংখ্যা সূচকগুলো সুন্দরভাবে লিখতে পেরেছে?


গণনা করে খালি ঘরে সংখ্যা লিখি।

| | | |
|---|---|---|
| ৬ | ৮ | |

| | | |
|---|---|---|
| | | |


| | | |
|---|---|---|
| | | |

# ৩. সংখ্যা (১-১০)

## ৩.২ সংখ্যা ৬ থেকে ১০ (পৃষ্ঠা ১৭)

**শিখনফল**

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন শেখানোকার্যাবলি**

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ৬ থেকে ১০ পর্যন্ত পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১৭ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং এই পৃষ্ঠায় তারা কী দেখতে পাচ্ছে জিজ্ঞেস করুন। যেমন ছয়টি পেঁপে, আটটি ফোটা, দশটি টমেটো ইত্যাদি। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে উত্তরগুলো আসে সে ব্যাপারে বিশেষভাবে লক্ষ রাখুন।

৩. প্রতিটি ছবির নিচের বক্সের ওপরশিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং বক্সে ছয়টি পেঁপের জন্যে "৬" এবং আটটি ফোটার জন্য "৮" লেখা হয়েছে এটি খুঁজে পেতে শিক্ষার্থীদের সাহায্য করুন। এরপর শিক্ষার্থীদের দশটি টমেটোর ছবির নিচের বক্সে কোন সংখ্যাটি হবে জিজ্ঞেস করুন এবং সংখ্যা লেখার নিয়ম সম্পর্কে সচেতন হতে সহায়তা করুন।

৪. শিক্ষার্থীদের সঠিক সংখ্যাটি প্রতিটি বক্সে লিখতে বলুন এবং সতর্কতার সাথে শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন। যারা কী করতে হবে বুঝতে পারছে না অথবা সঠিক উত্তরটি লিখতে পারছে না, তাদের নির্দেশনাদিন ও সহযোগিতা করুন।


৫. সবাই কাজটি সম্পন্ন করেছে এই ব্যাপারটি নিশ্চিত হলে কোন বক্সে কোন সংখ্যাটি বসবে শ্রেণির সবাইকে নিয়ে এ ব্যাপারে আলোচনা শুরু করুন।

৬. যদি সময় থাকে তবে একই ধরনের কাজ বোর্ডে অনুশীলন করতে দিন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি প্রতিটি বক্সের সংখ্যা সঠিকভাবে গুনতে ও লিখতে পেরেছে ?

মিল করি। একটি করে দেখানো হলো।



# ৩. সংখ্যা (১-১০)

## ৩.২. সংখ্যা ৬ থেকে ১০

(পৃষ্ঠা ১৮)

**শিখনফল**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৪.১.১ ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা প্রতীকগুলো নাম অনুযায়ী শনাক্ত করতে পারবে।

**পাঠসংখ্যা : ২**

**শিক্ষা উপকরণঃ**পাঠ্যপুস্তক, ৬ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]

১. পূর্বপাঠের সংখ্যাসূচক ৬ থেকে ১০ পর্যন্ত পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ১৮ নং পৃষ্ঠা খুলতে বলুন। এই পৃষ্ঠায় তারা কী দেখতে পাচ্ছে জিজ্ঞেস করুন এবং তাদের অবাধে জোরে জোরে বলার সুযোগ দিন। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে ধারনাগুলো আসে সে ব্যাপারে বিশেষভাবে লক্ষ রাখুন।

৩. দাগের সাহায্যে কীভাবে তিনটি কলামকে সংযুক্ত করা হয়েছে সে ব্যাপারটির দিকে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এবং দাগ টেনে সংযোগের ক্ষেত্রে সতর্ক থাকতে সহায়তা করুন।

৪. শিক্ষার্থীদের দাগ টেনে ছবি, সংখ্যা ও ফোটাগুলো মেলাতে বলুন এবং শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে সতর্কভাবে তাদের কাজ পর্যবেক্ষণ করুন। যারা কি করতে হবে বুঝতে পারছে না অথবা সঠিক উত্তরটি লিখতে পারছে, না তাদের নির্দেশনা দিন ও সহযোগিতা করুন।

৫. সবাই কাজটি সম্পন্ন করেছে এই ব্যাপারটি নিশ্চিত হলে, শ্রেণির সবাইকে নিয়ে সমস্যাটি সমাধানের ব্যাপারে আলোচনা শুরু করুন।

৬. শ্রেণির সবাইকে দাঁড়াতে বলুন এবং "উপকরণ সংগ্রহ" নামে একটি খেলা শুরু করতে বলুন। এই খেলায় শিক্ষার্থীদের একটি নম্বর কার্ড দেখাবেন (নম্বর বা সংখ্যাটি মুখে বলা যাবে না) এবং কার্ডের সংখ্যার সমানসংখ্যক উপকরণ শিক্ষার্থীকে সংগ্রহ করতে হবে। যেমন নম্বর কার্ডে "৮" দেখালে শিক্ষার্থীরা একে অপরকে ৮টি কলম অথবা ৮টি খাতা সংগ্রহ করতে সাহায্য করবে। এভাবে পাঠ শেষ না হওয়া পর্যন্ত খেলাটি চালিয়ে যেতে হবে।

[২য় পাঠ]

১. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭ ও ৯ নং পৃষ্ঠা খুলতে বলুন। ছবিতে কতগুলো বস্তু আছে তা গণনা করতে বলুন এবং পাশে তার সঠিক সংখ্যাটি লিখতে বলুন।

২. পৃষ্ঠা ১৮ এর অনুরূপ, প্রত্যেক শিক্ষার্থী "সমানসংখ্যক ছবি মিল করো" কাজটি করেছে কি না নিশ্চিত করুন।


৩. শিক্ষার্থীরা পরস্পর "সমানসংখ্যক ছবি মিল করো" কাজটি বিনিময় করবে এবং উত্তরগুলো যাচাই করবে। উত্তর যাচাই হয়ে গেলে কাজগুলো সংগ্রহ করুন।

**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা কি ছবি, সংখ্যা ও ফোটাগুলো মিল করতে পেরেছিল?


২. খেলায় কেউ একঘরে হয়ে না থেকে, আনন্দের সাথে কি সবাই অংশগ্রহন করেছিল?

## ১০টি বস্তুকে কতভাবে সাজানো যায় ?




## ১০টি বস্তুকে বিভিন্নভাবে সাজানো যায়




৭টি বস্তুকে বিভিন্নভাবে সাজাও। ৯ টি বস্তুকে বিভিন্নভাবে সাজাও।

# ৩. সংখ্যা (১-১০)

## ৩.১. সংখ্যা ৬ থেকে ১০

(পৃষ্ঠা ১৯)

**শিখনফল**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা : ৫**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক। ডানে দেখানো ছবির মত দুই ধরণের ফোটা সম্বলিত কার্ড।


-এ রকম ১ টি


-এ রকম ১০ টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]



১. ১০টি ফোটা সম্বলিত কার্ডটি (ডানে) শিক্ষার্থীদের দেখান এবং এখানে কয়টি ফোটা আছে ও কীভাবে ফোটাগুলোকে দুই ভাগে ভাগ করা যায় জিজ্ঞেস করেন। ফোটাগুলোকে বিভিন্নভাবে ভাগ করার উপায় বের করতে ও নিজেদের ধারণাগুলোকে অবাধে জোরে জোরে বলার সুযোগ দিন। শিক্ষার্থীদের মাঝ থেকেই যাতে ধারনাগুলো বের হয়ে আসে সে ব্যাপারে দৃষ্টি রাখতে হবে। যদি কোনো শিক্ষার্থী ভুল উত্তর দেয় তবে অন্য শিক্ষার্থীকে কেন উত্তরটি ভুল তার ব্যাখ্যাসহকারে সঠিক উত্তর দেওয়ার সুযোগ দিন।

২. ফোটা সম্বলিত কার্ড ব্যবহার করে পাঠ্যপুস্তকের ১৯ নং পৃষ্ঠার প্রথম প্রশ্নের উত্তর দিবেন (যেমন ১০ → ৮ ও ২) এবং শিক্ষার্থীদের অন্য প্রশ্নগুলোর উত্তর দিতে বলবেন। দ্বিতীয় প্রশ্নে শিক্ষার্থীরা ছবি অনুসারে সংখ্যাটি লিখবে (যেমন ৩ ও ৭)। তৃতীয় ও চতুর্থ প্রশ্নে শিক্ষার্থীরা নিজেদের ধারণা/চিন্তাগুলো লিখবে, যা কিনা পূর্বে দুটি প্রশ্ন থেকে প্রাপ্ত ধারনা থেকে ভিন্ন হবে।

৩. শিক্ষার্থীরা কাজটি সম্পন্ন করেছে সে ব্যাপারে নিশ্চিত হয়ে শ্রেণির সব শিক্ষার্থী নিয়ে সমস্যাটি সমাধান বিষয়ে আলোচনা শুরু করবেন।


[২য় পাঠ]

১. ১০ কে দুই ভাগে ভাগ করার পাঠটি পুনরালোচনা করুন।

২. কীভাবে ৬ কে দুই ভাগে ভাগ করা যায় শিক্ষার্থীদের সে ব্যাপারে চিন্তা করতে বলুন।

[৩য় পাঠ] ৭কে দুই ভাগে ভাগ করো [৪র্থ পাঠ] ৮ কে দুই ভাগে ভাগ কর [৫ম পাঠ] ৯ কে দুই ভাগে ভাগ করো

**কাজের নমুনা**

| | | |
|---|---|---|
| আমার কাছে মোট ৬টি কয়েন আছে। আমার বাম হাতে ৪ টি (১ থেকে ৫ পর্যন্ত যেকোনো সংখ্যা) কয়েন আছে। আমার ডান হাতে কয়টি কয়েন আছে?<br> | চলো লক্ষ্য ভেদ করার খেলাটি শুরু করি। ৭ বারের মধ্যে কতবার লক্ষ্য ভেদ করেছে?<br>● \| × \| ● \| ● \| × \| × \| ●<br>লক্ষ্য ভেদ :৪ বার ব্যর্থ: ৩ বার<br>● \| ● \| × \| ● \| × \| ● \| ●<br>লক্ষ্য ভেদ:৫ বার ব্যর্থ: ২ বার<br>বিভিন্ন সংখ্যার জন্য কাজটি করতে থাকুন | আমার কাছে ৮টি বগিসম্বলিত একটি খেলনা ট্রেন আছে। আমি বগিগুলোকে বিচ্ছিন্ন করে ট্রেনটি দুই ভাগে ভাগ করতে চাই।<br>আমি কীভাবে এটি করতে পারি?<br><br>বিভিন্ন সংখ্যার জন্য কাজটি করতে থাকুন |

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ১০ কে দুই ভাগে ভাগ করতে পেরেছিল?

২. শিক্ষার্থীরা কি ৬ থেকে ৯ পর্যন্ত অন্য সংখ্যাগুলো দুই ভাগে ভাগ করতে পেরেছিল?

## ৪. জোড়ায় সাজানো

ছবি দেখো ও জিনিসগুলো দুইটি করে নিয়ে জোড়া করো।







তোমার চারদিকের জিনিসগুলো দুইটি করে গণনা করো।

# ৪. জোড়ায় সাজানো

**শিখনফল** (পৃষ্ঠা ২০)

২.২.১ জোড়ায় জোড়ায় উপকরণ সাজাতে পারবে।




**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিকক্ষে পাওয়া যায় এমন যেকোন ১০টি উপকরণ, ডান পাশে দেখানো ছবির মতো একটি ছবি (ছবিটি পোস্টার কাগজে তৈরি করবেন)।

**শিখন শেখানোর কার্যাবলি**


১. বাস্তব উপকরণের সাহায্যে ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যার ওপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থী পাঠ্যপুস্তকের ২০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ছবিতে কি দেখা যাচ্ছে সে ব্যাপারে আলোচনা করতে সহযোগিতা করুন। শিক্ষার্থীরা যে কোন ধরনের মতামত জানাতে পারে, এমনকি তাদের মতামত গণিত সম্পর্কিত না হলেও। যেমন-"রৌদ্রোজ্জ্বল দিন", "অনেকগুলো বিড়াল ও কাঠবিড়ালি খেলা করছে", "সুন্দর প্রজাপ্রতিগুলো ফুলের চারপাশে উড়ছে", "চারজন লোক সাইকেল চালাচ্ছে", "তারা সবাই মিলে বনভোজনে যেতে পারে", ইত্যাদি।

৩. ছবিতে কতগুলো/কত সংখ্যক বস্তু আছে সে ব্যাপারে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এবং শ্রেণির সবাইকে নিয়ে সেগুলো গণনা করুন। শ্রেণির সবাই গণনা করতে পেরেছে কি না যাচাই করুন এবং বস্তুগুলোর পাশে তাদের সংখ্যাটি লিখতে বলুন।

৪. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ছবি থেকে একই ধরনের বস্তুর জোড়া নিয়ে বৃত্ত তৈরি করতে বলুন। ঘুরে ঘুরে সকল শিক্ষার্থীর কাজ পর্যবেক্ষণ করুন এবং যদি কেউ কাজটি বুঝতে না পারে অথবা কাজে ভুল করে তবে তাকে নির্দেশনা দিন। যদি কোনো বস্তুর জোড়া না করা যায় তবে সেটিকে ওভাবেই রাখতে বলুন। যেমন- শিক্ষার্থীরা কাঠবিড়ালির দুইটি জোড়া তৈরি করতে পারবে এবং একটি কাঠবিড়ালি জোড়াগুলোর বাইরে থাকবে।

৫. ছবিতে কতগুলো জোড়া আছে এ ব্যাপারে শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন এবং শিক্ষার্থীদের কাছ থেকে তাদের ধারণা ও উত্তর বের করে আনুন।




৬. ডান পাশের ছবির সহায়তায় ২ দিয়ে/ দুই দুই করে গুণতে সহায়তা করুন। যেমন ২, ৪, ৬, ৮, ১০। এরপর তাদের ছবিটিতে ২ দিয়ে/ দুই দুই করে গুনতে দিন।

৭. শিক্ষার্থীদের চারপাশের বস্তুগুলোকে ২ দিয়ে/ দুই দুই করে গুনতে উৎসাহিত করুন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি জোড়ায় বৃত্ত আঁকতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি ২ দিয়ে/ দুই দুই করে সংখ্যাগুলো গুনতে পেরেছে?

## ৫. শূন্য (০)

এসো গণনা করি। এখানে কতগুলো বল আছে ?






এই সংখ্যাটি কত?
আমরা এটিকে কী বলি?




আমরা একে শূন্য বলি এবং লিখি ০

| | | | | |
|---|---|---|---|---|
| ০ | ০ | ০ | | |

শূন্য

গণনা করে বল?



☐ টি    ☐ টি    ☐ টি

৯

# ৫. শূন্য "০"

**শিখনফল** (পৃষ্ঠা ২১)

৪.২.১ শূন্যের দলগত ধারণা বলতে পারবে।

৪.২.২ শূন্য (০) সংখ্যা প্রতীকটি শনাক্ত করতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, কিছু বস্তু ও পাত্র (যেমন- বাক্স, চায়ের গ্লাস ইত্যাদি)

**শিখন শেখানোর কার্যাবলি**

১. একটি পাত্রে কিছু বস্তু রেখে শিক্ষার্থীদের দেখান (যেমন- একটি চায়ের গ্লাসে ৫টি কাঠি, ছোট একটি বাক্সে ৩টি মার্বেল ইত্যাদি ) এবং পাত্রে কতগুলো বস্তু আছে তাদের জিজ্ঞেস করুন। এরপর একটি একটি করে বস্তু পাত্র থেকে সরিয়ে নিয়ে প্রতিবার জিজ্ঞেস করতে হবে কতটি করে বস্তু আছে (৫→ ৪→ ৩ →২→ ১) ।যখন সবগুলো বস্তু সরিয়ে নেওয়া হবে, তখন জিজ্ঞেস করুন পাত্রে কতগুলো বস্তু আছে। যদি কোনো শিক্ষার্থী উত্তরে "শূন্য" বলতে পারে, তবে তার উত্তরটি সবাইকে জানান। যদি কেউ না বলতে পারে তবে আপনি নিজেই পাত্রে বস্তুর সংখ্যা "শূন্য" এটি জানান এবং বোর্ডে "০" ও "শূন্য" লিখুন।

২. শিক্ষার্থীদের ২১ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ওপরের ছবিটি দেখতে বলুন। সবচেয়ে ডান দিকের ছবিটিতে কয়টি বল আছে এ ব্যাপারে সবাইকে একসাথে চিন্তা করতে বলুন।

৩. যদি শিক্ষার্থীরা ছবিটি যাচাই করার পর "শূন্যটি বল" এই উত্তরটি বলতে পারে, তবে শিক্ষার্থীদের "০" লেখাটি বারবার নিজেদের খাতায় অনুশীলন করতে বলুন এবং ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।

৪. পৃষ্ঠার একবারে নিচের অনুশীলনীর দিকে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং উত্তরগুলো বের করতে তাদের সহযোগিতা করুন।

৫. শিক্ষাথীদের শ্রেণিকক্ষে "শূন্য" খুঁজে বের করতে বলুন। যেমন- শ্রেণিকক্ষে শূন্যটি মোটরসাইকেল, শূন্য জন ছেলে শিক্ষক (যদি শিক্ষক মেয়ে হন), শূন্যটি খেলনা (যদি শিক্ষার্থীরা বাসা থেকে কোনো খেলনা না নিয়ে আসে) ইত্যাদি আছে। এই রকম "শূন্যের" উদাহরণ খুঁজে বের করে সবাইকে বলার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করুন এবং এই কার্যক্রমটি পাঠ শেষ না হওয়া পর্যন্ত চালিয়ে যান।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি "০" শনাক্ত করতে ও লিখতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি শ্রেণিকক্ষে শূন্য খুঁজে বের করতে পেরেছে?



# ৬. ক্রমের ধারণা



## সংখ্যা ছোট থেকে বড় ও বড় থেকে ছোট গণনা

| কম থেকে বেশি | ছোট থেকে বড় | বেশি থেকে কম | বড় থেকে ছোট |
|---|---|---|---|
| | ০ | | ১০ |
| | ১ | | ৯ |
| | ২ | | ৮ |
| | ৩ | | ৭ |
| | ৪ | | ৬ |
| | ৫ | | ৫ |
| | ৬ | | ৪ |
| | ৭ | | ৩ |
| | ৮ | | ২ |
| | ৯ | | ১ |
| | ১০ যাচাই ক | | ০ |

ছোট থেকে বড় সংখ্যা :

০ ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০

বড় থেকে ছোট সংখ্যা :

১০ ৯ ৮ ৭ ৬ ৫ ৪ ৩ ২ ১ ০



২২

# ৬. ক্রমের ধারণা


**শিখনফল**

(পৃষ্ঠা ২২)

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড়-ছোট বলতে ও লিখতে পারবে।

৭.২.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যার ক্রমিক ধারণা লাভ করবে এবং ছোট থেকে বড় ও বড় থেকে ছোট মানের সংখ্যাগুলো ক্রমানুসারে সাজাতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা: ২**




**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকের ছবির মতো ১১ টুকরো ফিতা, ০ থেকে ১০ পর্যন্ত লিখা ১১ টি কার্ড ( ০, ১, ২, ৩, ৪, ৫, ১০ )

**শিখন শেখানোর কার্যাবলি**

**[ ১ম ও ২য় পাঠ ]**

১. ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যার পূর্বপাঠটি পুনরালোচনা করুন।


২. বোর্ডে ১০টি কাগজের টুকরো এলোমেলোভাবে রাখুন (ডান দিকের ছবিতে যেভাবে দেখানো হয়েছে)। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন প্রতিটি ফিতায় কয়টি লাল ফোটা আছে এবং কোন ফিতায় সবচেয়ে কম (০) মলাল ফোটা আছে। এরপর পরবর্তী সবচেয়ে কম লাল ফোটাসম্বলিত (১) ফিতাটি আলোচনা করে খুঁজে বের করতে সহযোগিতা করুন। যদি শিক্ষার্থীরা উত্তরটি বের করতে পারে তবে সেই ফিতাটিকে ছোট থেকে বড় ক্রমানুসারে সাজিয়ে ফেলুন। এভাবে আলোচনার মাধ্যমে ১০ পর্যন্ত ক্রমানুসারে সাজান।



৩. ফিতাগুলোকে পুনর্বিন্যাসের পর সংখ্যা লেখা কার্ডগুলোকে পাশে দেখানো ছবির মতো করে ফিতাগুলোর নিচে বসিয়ে দিন, যাতে বড় ও ছোট সংখ্যার মধ্যকার পার্থক্য চিহ্নিত করতে পারে।

৪. একইভাবে ফিতাগুলোকে বড় থেকে ছোট (১০ থেকে ০) ক্রমানুসারে সাজান।

৫. ১১ জন শিক্ষার্থীকে ক্লাসের সামনে ডেকে এলোমেলোভাবে তাঁদের হাতে ০ থেকে ১০ লেখা কার্ডগুলো দিন এবং ছোট থেকে বড়/বড় থেকে ছোট ক্রমানুসারে সারি করতে বলুন। ক্রমটি সঠিক হয়েছে কি না অন্য শিক্ষার্থীদের সেটি যাচাই করতে বলেন।




**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ফিতাগুলোকে সর্বনিম্ন থেকে সর্বোচ্চ বা সর্বোচ্চ থেকে সর্বনিম্ন ক্রমানুসারে সাজাতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি সংখ্যাগুলোকে বড় থেকে ছোট বা ছোট থেকে বড় ক্রমানুসারে সাজাতে পেরেছে?

## ১ খালি ঘরে সংখ্যা বসাই।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০ → | ১ → | → | ৩ → | ৪ → | ↓ |
| | ← | ← ৯ | ← ৮ | ← | ৬ |
| | ১০ → | → | → | ৭ → | ৬ ↓ |
| ০ | ← | ← | ← ৩ | ← | ৫ |

## ২ মাঝের সংখ্যাটি কত ?

| | | |
|---|---|---|
| ৭ | | ৯ |
| ০ | | ২ |
| ৬ | | ৮ |

## ৩ পরের সংখ্যাটি কত ?

| | |
|---|---|
| ৪ | |
| ৯ | |
| ২ | |

## ৪ আগের সংখ্যাটি কত ?

| | |
|---|---|
| | ৮ |
| | ৪ |
| | ৯ |

# ৬. ক্রমের ধারণা

**শিখনফল** **(পৃষ্ঠা ২৩)**

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

৭.২.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যার ক্রমিক ধারণা লাভ করবে এবং ছোট থেকে বড় ও বড় থেকে ছোট মানের সংখ্যাগুলো ক্রমানুসারে সাজাতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক, ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড

**শিখন শেখানোকার্যাবলি**

১. ০ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোকে উর্ধ্বক্রম বা নিম্নক্রম অনুসারে সাজাতে দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বপাঠ পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ২৩ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং এখানে তাদের কাজ সম্পর্কে অনুমান করতে বলুন। প্রথম অনুশীলনীতে তাদের কী করতে হবে তা সবাই বুঝতে পেরেছে নিশ্চিত হলে শিক্ষার্থীদের নিজে নিজে খালি ঘরগুলো পূরণ করতে বলুন। ঘুরে ঘুরে সবার কাজ পর্যবেক্ষণ করুন এবং যদি তারা সমস্যাটি বুঝতে না পারে, তবে তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।
৩. সবার কাজটি করা শেষ হলে, শিক্ষার্থীদের পরস্পরের উত্তর যাচই করতে বলুন। সবশেষে শ্রেণির সবাই মিলে বিষয়টি আলোচনা করুন এবং উত্তরগুলো বোর্ডে লিখুন।
৪. পরবর্তী সমস্যা কীভাবে সমাধান করতে হবে (মাঝখানের খালিঘরটি পূরণ করতে হবে) ব্যাখ্যা করে শিক্ষার্থীদের বলুন এবং শ্রেণির সবাইকে নিয়ে আলোচনার মাধ্যমে প্রথম সমস্যাটি সমাধান করুন। সবাইকে বাকি দুইটি সমস্যা সমাধান করতে বলুন।
৫. নিচের সমস্যাগুলো সমাধান করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন এবং যে শিক্ষার্থী সংখ্যার ক্রমের ধারণাটি পরিষ্কারভাবে বুঝতে পারেনি তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।
৬. যদি সময় থাকে তাহলে শিক্ষার্থীদের একই জাতীয় আরও কিছু সমস্যা দিন। যেমন- “৫-৬-?”, “২-?-?-৫”, “৮-৭-?-৫-?-৩”।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি উর্ধ্বক্রমে/নিম্নক্রমে সাজানো সংখ্যার ক্রম থেকে লুকিয়ে রাখা সংখ্যাটি বের করতে পেরেছে?



## সংখ্যাগুলো কোন ক্রমে সাজানো আছে তা বলি।

| | |
|---|---|
| ২, ৪, ৬, ৭, ৯ | ছোট থেকে বড় |
| ৮, ৬, ৫, ৪, ১ | |
| ৩, ৫, ৭, ৮, ৯ | |

## ৫ সংখ্যাগুলো ক্রম অনুসারে সাজাই।

| | সংখ্যা | ছোট থেকে বড় | বড় থেকে ছোট |
|---|---|---|---|
| | ১, ৫, ২, ৬, ৮ | ১, ২, ৫, ৬, ৮ | ৮, ৬, ৫, ২, ১ |
| (১) | ৪, ২, ৯, ৬, ৮ | | |
| (২) | ৬, ৩, ১, ৭, ৫ | | |
| (৩) | ৫, ৩, ৬, ৪, ৯ | | |
| (৪) | ৭, ১, ৪, ২, ৩ | | |
| (৫) | ২, ০, ৭, ৩, ১০ | | |
| (৬) | ৪, ১০, ১, ০, ৮ | | |

## ৬ ০ থেকে ১০ পর্যন্ত যেকোনো ৫টি সংখ্যা এলোমেলোভাবে লিখ। বন্ধুকে ছোট থেকে বড় বা বড় থেকে ছোট ক্রমে সাজাতে বলো।






# ৬. ক্রমের ধারণা

**শিখনফল** (পৃষ্ঠা ২৪)

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

৭.২.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যার ক্রমিক ধারণা লাভ করবে এবং ছোট থেকে বড় এবং বড় থেকে ছোট মানের সংখ্যাগুলো ক্রমানুসারে সাজাতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা:২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড, A4 সাইজের ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড।

**শিখন শেখানোকার্যাবলি**

**[১ম পাঠ]**

১. ০ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোকে উর্ধ্বক্রম বা নিম্নক্রম অনুসারে সাজাতে দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বপাঠ পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ২৩ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং এখানে তাদের কাজ সম্পর্কে অনুমান করতে বলুন। প্রথম অনুশীলনীতে তাদের "বড় থেকে ছোট" বা "ছোট থেকে বড়" আকারে সাজাতে হবে তা সবাই বুঝতে পেরেছে নিশ্চিত হলে, শিক্ষার্থীদের নিজে নিজে খালি ঘরগুলো পূরণ করতে বলুন। ঘুরে ঘুরে সবার কাজ পর্যবেক্ষণ করুন এবং যদি তারা সমস্যাটি বুঝতে না পারে তবে তাদের প্রয়োজনীয় নির্দেশেনা প্রদান করুন।

৩. সবার কাজটি করা শেষ হলে, শিক্ষার্থীদের পরস্পরের উত্তর যাচই করতে বলুন। সবশেষে শ্রেণির সবাই মিলে বিষয়টি আলোচনা করুন এবং উত্তরগুলো বোর্ডে লিখুন।

৪. পরবর্তী সমস্যা কীভাবে সমাধান করতে হবে (সংখ্যাগুলোকে উধ্বক্রম বা নিম্নক্রম অনুসারে সাজাতে হবে) ব্যাখ্যা করে শিক্ষার্থীদের বলুন এবং শ্রেণির সবাইকে নিয়ে আলোচনার মাধ্যমে উদাহরণটি সমাধান করুন। এরপর সবাইকে ১ থেকে ৬ পর্যন্ত সমস্যাগুলো সমাধান করতে বলুন।

৫. শিক্ষর্থীদের দুইজন মিলে জোড়া গঠন করতে সহযোগিতা করুন এবং ৩ নং সমস্যাটি সমাধানের কার্যক্রম পরিচালনা করুন। যে শিক্ষার্থী সংখ্যার ক্রমের ধারণাটি পরিষ্কারভাবে বুঝতে পারেনি, তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

**[২য় পাঠ] নম্বর কার্ড সাজানো**


১. শিক্ষার্থীদের মধ্য থেকে ১১ জনকে নির্বাচন করুন। তাদের পেছনে নম্বরকার্ডগুলো (A4 সাইজের,০ থেকে ১০ পর্যন্ত) সংযুক্ত করুন। সেক্ষেত্রে একজন শিক্ষার্থী নিজের পেছনের নম্বরটি দেখতে পাবে না কিন্তু অবশিষ্ট ১০ জনের পেছনের নম্বরটি দেখতে পাবে এবং অন্য শিক্ষার্থীরা সবার পেছনের নম্বর দেখতে পাবে।

২. নির্বাচিত শিক্ষার্থীরা নিজের পেছনের নম্বরটি না বলে, পরস্পরকে নির্দেশনা দিয়ে সংখ্যার ক্রম অনুসারে সারিবদ্ধ হতে শুরু করবে। এভাবে সাজানোর ফলে ক্রমান্বয়ে তারা নিজের সংখ্যাটি জানতে পারবে। সবশেষে শিক্ষার্থীরা সংখ্যার ক্রম অনুসারে সারিবদ্ধভাবে দাঁড়াবে এবং সংখ্যার ক্রমটি শ্রেণির সামনে উপস্থাপন করবে। নতুন ১১ জন শিক্ষার্থী বাছাই করে খেলাটি আবার শুরু করুন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ১০ পর্যন্ত কোন সংখ্যাকে উধ্বক্রমে/ নিম্নক্রমে সাজাতে পেরেছে?

৭ ০ থেকে শুরু করে ছোট থেকে বড় ক্রমে গিয়ে ফুল তুলি।




৮ ১০ থেকে শুরু করে বড় থেকে ছোট ক্রমে সাইকেল নিয়ে বের হই।



# ৬. ক্রমের ধারণা

**শিখনফল** (পৃষ্ঠা ২৫)


৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

৭.২.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যার ক্রমিক ধারণা লাভ করবে এবং ছোট থেকে বড় ও বড় থেকে ছোট মানের সংখ্যাগুলো ক্রমানুসারে সাজাতে ও লিখতে পারবে।


**পাঠসংখ্যা**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড, নিচের নমুনার মতো পোস্টার কাগজে আঁকা সহজ উদাহরণ।

নমুনা-১




নমুনা-২



**শিখন শেখানো কার্যাবলি**

১. ০ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোকে ঊর্ধ্বক্রম বা নিম্নক্রম অনুসারে সাজাতে দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বপাঠ পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ১ম নমুনাটি (০ থেকে ৫ পর্যন্ত) দেখান। পিছনে না ফিরে কীভাবে ০ থেকে ৫ পর্যন্ত সংখ্যা বাছাই করে লক্ষ্যে পৌছানো যায় সে বিষয়ে তাদের আলোচনা করতে সহযোগিতা করুন। কীভাবে শুরু থেকে লক্ষ্যে পৌছানো যায় সেই পথটি খুঁজে বের করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন (উত্তরটি বলে দেবেন না)।



৩. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ২৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং প্রথম সমস্যাটি সমাধান করতে বলুন (০ থেকে ১০ পর্যন্ত)।

৪. শিক্ষার্থীদের কাজটি সমাধান করার পর শ্রেণির সবাইকে নিয়ে আলোচনার মাধ্যমে বোর্ডে উত্তরটি লিখুন।

৫. ২ নং নমুনাটি শিক্ষার্থীদের দেখান (৫ থেকে ০ পর্যন্ত) এবং পূর্বের সমস্যার মতো আলোচনা করে পথটি খুঁজে বের করতে সহযোগিতা করুন। এরপর ২য় সমস্যাটি (১০ থেকে ০ পর্যন্ত) সমাধান করতে দিন। সবশেষে সমাধানটি শ্রেণির সবাইকে জানান।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি দুটি অনুশীলনেই শুরু থেকে লক্ষ্য পর্যন্ত পথটি খুঁজে বের করতে পেরেছে?

# ৭. যোগের ধারণা (১ থেকে ১০)

## ৭.১ যোগ

দিপু ও রিমা শহিদ মিনারে ফুল নিয়ে এসেছে।



তারা দুইজনে কতগুলো ফুল এনেছে?







মোট কতটি ফুল হলো গণনা করি।

# ৭. যোগের ধারণা

## ৭.১ যোগ (১) (পৃষ্ঠা ২৬)

**শিখনফল**

৯.১.১ উপকরণ একত্র করে উপকরণ গুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রণিতে সহজলভ্য ১০টি যেকোনো প্রকারের বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. ১ থেকে ১০ সংখ্যার বাস্তব উপকরণ ব্যবহার করে পূর্বপাঠের পুনরালোচনা করুন।

২. বাম হাতে ৩টি পেন্সিল ও ডান হাতে ২টি পেন্সিল নিয়ে শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন "আমার বাবা আমাকে ৩টি পেন্সিল দিল এবং মামা ২টি পেন্সিল দিল, এখন আমার কাছে কয়টি পেন্সিল আছে?" শিক্ষার্থীদের উত্তরটির ব্যাপারে আলোচনা করতে দিন এবং নিম্নোক্ত বিষয় তিনটি বুঝতে পেরেছে কি না যাচাই করুন-১) প্রশ্নটি দ্বারা কী বোঝায়? ২) শিক্ষার্থীদের কি করতে হবে? ও ৩) কয়টি পেন্সিল আছে?

৩. সবাই উত্তরটি খুঁজে পেয়েছে নিশ্চিত হলে, শিক্ষার্থীদের ২৬ পৃষ্ঠা খুলতে বলুন এবং ছবিটি দেখতে সহযোগিতা করুন এবং তারা যে উত্তরগুলো খুঁজে পাবে, সেটি জোরে বলতে বলুন।

৪. শিক্ষার্থীদের ছবির ফুলগুলোর দিকে মনোযোগ দিতে বলুন এবং একসাথে কয়টি ফুল হয় তা জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের আলোচনা করতে দিন এবং কীভাবে তারা উত্তরটি খুঁজে পেল সেটি ব্যাখ্যা করতে বলুন। এ ক্ষেত্রে, শিক্ষার্থীদের একটি একটি করে গণনা করে উত্তর খোঁজার কথা। পরিশেষে, সব শিক্ষার্থীর সাথে উত্তরটি নিয়ে মত বিনিময় করুন।

৫. ছাত্রছাত্রীরা যাতে উত্তর খুঁজতে পারে সেজন্য বিভিন্ন প্রকারের বস্তু (শ্রেণি কক্ষে যত বেশি পাওয়া যায়) নিয়ে সাধারণ যোগের সমস্যা তৈরি করুন। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান।

**মূল্যায়ন**

১. প্রশ্নটিতে কী করতে হবে শিক্ষার্থীরা কি তা বুঝতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি বস্তুর সংখ্যা গণনার মাধ্যমে যোগের ফলাফল বের করতে পেরেছে?

মিতুর ফুল




ইমার ফুল




৩টি ও ৪টি একসাথে রাখলে ৭টি হয়। গাণিতিকভাবে আমরা লিখি :

| ৩ | + | ৪ | = | ৭ |
|---|---|---|---|---|
| তিন | যোগ | চার | সমান | সাত |

একসাথে করলে কয়টি হবে ?

 ও  একত্রে

৩ + ২ =

 ও  একত্রে

\+ =

# ৭. যোগের ধারণা

## ৭.১ যোগ (১) (পৃষ্ঠা ২৭)

**শিখনফল**

৯.১.২ উপকরণের সাহায্যে সংখ্যা যোগ করে প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে পারবে।

৯.১.৩ ‘+’ ও ‘=’ চিহ্ন চিনে বলতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য যে কোন ১০ টি যে কোন প্রকারের বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণ ব্যবহার করে দুইটি সংখ্যার যোগের উপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ২৭ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পূর্ব পাঠের একই প্রশ্নটি জিজ্ঞেস করুন– “শহিদ মিনারে দিপু এনেছে ৩টি ফুল, ইমা এনেছে ৪টি ফুল। তাহলে একসাথে কয়টি ফুল হলো?”

৩. সব শিক্ষার্থী প্রশ্নটির উত্তর (৭টি ফুল) বের করতে পেরেছে নিশ্চিত হলে, ২৬ নং পৃষ্ঠার উপরের ছবিটি ব্যাখ্যা করুন এবং কী ভবে গাণিতিক চিহ্ন “+” ও “=” সহযোগে কীভাবে যোগের প্রক্রিয়া লিখতে হয় সেটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন। চিহ্নগুলোর নাম (“যোগ চিহ্ন” ও “সমান চিহ্ন”) এবং প্রক্রিয়াটির নাম “যোগ” এই বিষয়টি শিক্ষার্থীদের জানান।

৪. এরপর নিচের কাজগুলো করতে বলুন (১) শিক্ষার্থীদের প্রশ্নের ধরন সম্পর্কে জিজ্ঞেস করুন যেমন-“ যদি আমরা ৩টি আনারস ও ২টি আনারস পাই, তাহলে এখন আমাদের কাছে কয়টি আনারস আছে?” ,(২) বস্তুর মোট সংখ্যা গণনা করতে বলুন, (৩) গাণিতিকভাবে উত্তরটি লিখতে বলুন। সকল শিক্ষার্থীরা সমান চিহ্নের পর খালি জায়গায় ৫ লিখেছে কি না নিশ্চিত হোন।

৫. শিক্ষার্থীদের একইভাবে ২য় সমস্যাটি সমাধান করতে বলুন। সবশেষে, সমাধানটির উত্তরটি শ্রেণির সবাইকে জানান।

৬. শিক্ষার্থীরা যাতে উত্তর খুঁজে পায় সেজন্য শ্রেণির বিভিন্ন প্রকারের বস্তু নিয়ে সাধারণ যোগের সমস্যা তৈরি করুন। শিক্ষার্থীদের যোগ ও সমান চিহ্নের সাহায্যে উত্তরটি খাতায় লিখতে দিন। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান। লক্ষ করুন এই পাঠে শুধু “একত্রে নিয়ে” এমন যোগ দেখানো হয়েছে; “বেড়েছে” এমন যোগ দেখানো হয়নি।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি বস্তুর সংখ্যা গণনা করে যোগের ফলাফল বের করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি যোগ ও সমান চিহ্ন সঠিকভাবে ব্যবহার করতে পেরেছে?


## ৭.২ যোগ

পার্কে পাঁচজন শিশু খেলছে।



পরে আরও দুইজন শিশু আসল।
এখন পার্কে কতজন শিশু হলো?

প্রথমে ৫ জন শিশু ছিল। ২ জন শিশু আসল।



# ৭ . যোগের ধারণা

## ৭.১ যোগ (২)

(পৃষ্ঠা ২৮)

**শিখনফল**

৯.১.১ উপকরণ একত্রিত করে উপকরণ গুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।
৯.১.২ উপকরণের সাহায্যে সংখ্যা যোগ করে প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে পারবে।

**পাঠসংখ্যা: ১** (২৮ পৃষ্ঠার উপর পর্যন্ত )

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য ১০টি যেকোনো প্রকারের বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি:**

১. বাস্তব উপকরণ ব্যবহার করে দুইটি সংখ্যার (একত্রে নিয়ে) যোগের ওপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ২৮ পৃষ্ঠা খুলতে বলুন এবং পার্কে কয়জন শিক্ষার্থী আছে জিজ্ঞেস করুন। তাদেরকে জানিয়ে রাখুন, পার্কের বাইরের দুইজন শিশুকে গণনা করা যাবেনা। যতক্ষণ না শিক্ষার্থীরা ৫ জন গণনা করে বলছে ততক্ষণ অপেক্ষা করুন।

৩. শিক্ষার্থীদের একটি সমস্যা দিন: "যদি আরো দুইজন শিশু যোগ দেয় তাহলে তারা মোট কত হবে?" এবং ছবি থেকে উত্তর খুঁজতে বলুন। তারপর তাদেরকে প্রক্রিয়াটি ব্যাখ্যা করুন–
পার্কে ৫ জন শিশু ছিল পরে আরো ২ জন শিশু এল, তাহলে এখন পার্কে ৭ জন শিশু হবে।
লক্ষ করুন এই পাঠে শুধু "বেড়েছে" এমন যোগ দেখানো হয়েছে, যা পূর্বের "একত্রে নিয়ে" যোগ থেকে ভিন্ন।

৪. শিক্ষার্থীদের ২৯ পৃষ্ঠার (পরবর্তী পৃষ্ঠা) ওপরের ছবিটির দিকে মনোযোগ দিতে বলুন এবং কীভবে গাণিতিক চিহ্ন "+" ও "=" সহযোগে কীভাবে প্রক্রিয়াটি লিখতে হয় সেটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন। এই প্রক্রিয়াটিকে "যোগ" বলা হয়।

৫. শিক্ষার্থীরা যাতে উত্তর খুঁজে পায় সেজন্য শ্রেণির বিভিন্ন প্রকারের বস্তু নিয়ে "বেড়েছে" এমন যোগের সমস্যা তৈরি করুন। শিক্ষার্থীদের যোগ ও সমান চিহ্নের সাহায্যে উত্তরটি খাতায় লিখতে দিন। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি বস্তুর সংখ্যা গণনা করে যোগের ফলাফল বের করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি যোগ ও সমান চিহ্ন সঠিকভাবে ব্যবহার করতে পেরেছে?

প্রথমে ৫ জন শিশু ছিল


পরে ২জন শিশু আসল




৫ এর সাথে ২ যোগ করলে ৭ হয়।

| ৫ | + | ২ | = | ৭ |
|---|---|---|---|---|
| পাঁচ | যোগ | দুই | সমান | সাত |

একসাথে করলে কয়টি হবে?



৫ + ৩ = ☐



☐ + ☐ = ☐

# ৭. যোগের ধারণা

## ৭.১ যোগ (২)

(পৃষ্ঠা ২৯)

**শিখনফল**

৯.১.২ উপকরণের সাহায্যে সংখ্যা যোগ করে প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১** ( পাঠ্যপুস্তকের নিচের অংশের জন্য )

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য ১০টি যেকোনো প্রকারের বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণ ব্যবহার করে দুইটি সংখ্যার (বেড়েছে) এমন যোগের উপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ২৮ পৃষ্ঠার মাঝের অংশেটি দেখতে বলুন এবং (১) একটি প্রশ্ন দিন ("বেড়েছে" এমন যোগের)– "তোমার কাছে ৫টি ডালিম ছিল, তোমার বাবা আরো ৩টি ডালিম দিল। এখন তোমার কাছে কয়টি ডালিম আছে?" (২) ছবি থেকে উত্তরটি বলতে বলুন (গণনা করে), এবং (৩) গাণিতিকভাবে তাদেরকে উত্তরটি লিখতে বলুন। সব শিক্ষার্থী সমান চিহ্নের পর খালি জায় গায় ৮ লিখেছে কি না নিশ্চিত হোন।

৩. শিক্ষার্থীদের একইভাবে ২য় সমস্যাটি সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের গাণিতিক চিহ্নের ব্যবহার এবং হিসাব সঠিক ছিল কিনা যাচাই করুন। সবশেষে, সমাধানের উত্তরটি শ্রেণির সবাইকে জানান।

৪. শিক্ষার্থীরা যাতে উত্তর খুঁজে পায় সেজন্য শ্রেণির বিভিন্ন প্রকারের বস্তু নিয়ে "বেড়েছে" এমন যোগের সমস্যা তৈরি করুন। শিক্ষার্থীদের যোগ ও সমান চিহ্নের সাহায্যে উত্তরটি খাতায় লিখতে দিন। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান। লক্ষ করুন এই পাঠে শুধু "বেড়েছে" এমন যোগ দেখানো হয়েছে; "একত্রে নিয়ে" এমন যোগ দেখানো হয়নি।


**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা কি বস্তুর সংখ্যা গণনা করে যোগের ফলাফল বের করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি যোগ ও সমান চিহ্ন সঠিকভাবে ব্যবহার করতে পেরেছে?

## ১ সংখ্যায় প্রকাশ করি ও যোগ করি।

(১)  ও  একত্রে

(২)  ও  একত্রে

(৩)  টির সাথে  টি একত্র করি

(৪)  টির সাথে  টি একত্র করি

## ২ যোগ করি :

| | | | |
|---|---|---|---|
| (১) | ২ + ১ = | (২) | ৩ + ২ = |
| (৩) | ২ + ২ = | (৪) | ৫ + ১ = |
| (৫) | ৬ + ৩ = | (৬) | ২ + ৫ = |
| (৭) | ১ + ৭ = | (৮) | ৮ + ২ = |
| (৯) | ৯ + ১ = | (১০) | ৩ + ৭ = |

# ৭. যোগের ধারণা

## ৭.১ যোগ (২)

(পৃষ্ঠা ৩০)

### শিখনফল

৯.১.১ উপকরণ একত্রিত করে উপকরণ গুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।
৯.১.২ উপকরণের সাহায্যে সংখ্যা যোগ করে প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে পারবে।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য যেকোনো ১০টি যেকোনো প্রকারের বস্তু।

### শিখনশেখানো কার্যাবলি

**[১ম পাঠ]**

১. বাস্তব উপকরণ ব্যবহার করে দুইটি সংখ্যার "বেড়েছে" এবং "একত্রে নিয়ে" এমন যোগের উপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ৩০ নং পৃষ্ঠার সমস্যাগুলোর দিকে তাকাতে বলুন এবং সবাই একসাথে নিম্নোক্ত উপায়ে (১ম) প্রশ্নটি বিবেচনা করুন–

(i). বোর্ডে ৩টি আপেল ও ২টি আপেলের ছবি আঁকুন।
(ii). ৩টি ও ২টি আপেলের কথা শিক্ষার্থীদের জানান।
(iii). একত্রে কয়টি আপেল তা গণনা করতে বলুন।
(iv). উত্তর লিখুন "৩ + ২ = ৫; ৫ টি আপেল" ( উত্তর হিসেবে কেবল "৩ + ২ = ৫" লেখা যথাযথ নয়।) শিক্ষার্থীরা গাণিতিক চিহ্ন সঠিকভাবে ব্যবহার করছে কি না তা যাচাই করুন। প্রত্যেক শিক্ষার্থীকে পাঠ্যপুস্তকের (২), (৩), ও (৪) প্রশ্নটির সমাধান করতে দিন এবং শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন ( লক্ষ রাখুন, শিক্ষার্থীদের ছবিগুলো আঁকতে হবে না)। শিক্ষার্থীদের গাণিতিক চিহ্নের ব্যবহার এবং হিসাব সঠিক ছিল কিনা যাচাই করুন। সবশেষে, সমাধানের উত্তরটি শ্রেণির সবাইকে জানান।

৩. শিক্ষার্থীদের নিচের প্রশ্নটির দিকে মনোযোগ দিতে বলুন এবং তাদেরকে ১০টি যোগ করতে বলুন। প্রত্যেক যোগের ক্ষেত্রে, সংখ্যা নির্দেশ করতে আঙুল / ডট ফোটা / খাড়া দাগ ব্যবহার করতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং তাদের প্রয়োজন অনুযায়ী নির্দেশনা প্রদান করুন: কয়েকজন শিক্ষার্থীকে গল্প বলারও দরকার হতে পারে (যেমন– তোমার ৩টি চকলেট ছিল, তোমার বাবা আরো ১টি চকলেট দিল ইত্যাদি) যোগ বোঝাতে অনেক শিক্ষার্থীকে ডট/খাড়া দাগ ব্যবহার করতে হতে পারে (●● আর ● একত্রে ●●●)

[২য় পাঠ]

১. পূর্বপাঠ পুনরালোচনার পর, নিচের অতিরিক্ত হিসাবগুলো শিক্ষার্থীদের করতে দিন।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১+১ | ৩+১ | ২+১ | ১+৫ | ১+৬ | ৭+১ | ৬+৩ | ৪+৪ | ২+৭ | ৫+৪ | ৯+১ | ৩+৭ | ৫+৫ |
| ২+৩ | ৫+২ | ৩+৩ | ২+৪ | ৪+৩ | ১+৮ | ৩+৬ | ২+৫ | ৬+২ | ২+৭ | ৮+২ | ৭+৩ | |

### মূল্যায়ন

২. শিক্ষার্থীরা কি প্রশ্নগুলোকে গাণিতিক ভাষায় প্রকাশ করতে পেরেছে?
৩. শিক্ষার্থীরা কি বস্তু গণনা করে যোগ করতে পেরেছে?

# যোগের শিক্ষা উপকরণ

## যোগের কার্ড ১

### শিখনফল

৯.১.১ উপকরণ একত্রিত করে উপকরণ গুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।
৯.১.২ উপকরণের সাহায্যে সংখ্যা যোগ করে প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে পারবে।

**পাঠসংখ্যা: ৩**

শিক্ষা উপকরণ: প্রতিটি শিক্ষার্থীর (প্রতি জোড়া শিক্ষার্থীর) জন্য পরবর্তী তিনটি পৃষ্ঠার ফটোকপি, আঠা ও কাঁচি। কার্ডগুলো রাখার জন্য ছোট প্লাস্টিকের ব্যাগ ইত্যাদি।

### শিখন শেখানোর কার্যবলি

**[১ম পাঠ]**

১. শিক্ষার্থীদের পরবর্তী তিনটি পৃষ্ঠার ফটোকপিগুলো দিন, সমস্যাগুলো পড়ে শোনান এবং বুঝতে সহযোগিতা করুন।
২. কাগজগুলো (ফটোকপি) থেকে কেটে কার্ড তৈরি করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।
৩. কাগজগুলো ভাঁজ করে এমনভাবে আঠা লাগাতে বলুন, যাতে সেগুলোর দুইটি পৃষ্ঠা (সম্মুখ ও পশ্চাৎ) থাকে।
৪. শিক্ষার্থীদের কার্ডগুলো প্লাস্টিক ব্যাগে রাখতে বলুন, যাতে হারিয়ে না যায়।

[২য় -৩ য় পাঠ] (অথবা অধিক)

১. আরো কার্ড ব্যবহার করে একই কার্যক্রম পরিচালনা করুন।

**জোড়ায় কাজ**

একজন শিক্ষার্থী কার্ডের যোগের দিকটি দেখাবে এবং অপর শিক্ষার্থী পেছনের উত্তরটি বলবে। এরপর তারা কার্ডটি উল্টিয়ে দেখবে যে উত্তরটি সঠিক হয়েছে কি না। এই কাজটি তারা আরো কার্ড নিয়ে বারবার করবে।

**একক কাজ**

শিক্ষার্থীরা কার্ডগুলো সবসময় নিজেদের কাছে রাখবে এবং অবসর সময়ে অথবা বাড়িতে তারা যোগগুলো করবে।

**ঝটপট উত্তর**

যোগের কার্ডগুলো (৪৫টি কার্ড) দেখানোর পর কে কত দ্রুত এর উত্তর দিতে পারে সে ব্যাপারে একটি প্রতিযোগিতার আয়োজন করুন।

**চলো বাছাই করি**

এই খেলায় শিক্ষক বলবে "চল যে কার্ডগুলোর যোগফল ৭ সেই কার্ডগুলো একত্রিত করি।" শিক্ষার্থীরা কার্ডগুলো যোগের পৃষ্ঠ দেখে (উত্তর না দেখে) কার্ডগুলো একত্রিত করবে এবং শিক্ষক অন্যান্য সংখ্যা নিয়ে এই খেলাটি বারবার খেলতে দিবেন।

# যোগের কার্ড

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ১ + ১ | ২ |
| ১ + ২ | ৩ |
| ১ + ৩ | ৪ |
| ১ + ৪ | ৫ |
| ১ + ৫ | ৬ |
| ১ + ৬ | ৭ |
| ১ + ৭ | ৮ |
| ১ + ৮ | ৯ |
| ১ + ৯ | ১০ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ২ + ১ | ৩ |
| ২ + ২ | ৪ |
| ২ + ৩ | ৫ |
| ২ + ৪ | ৬ |
| ২ + ৫ | ৭ |
| ২ + ৬ | ৮ |
| ২ + ৭ | ৯ |
| ২ + ৮ | ১০ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৩ + ১ | ৪ |
| ৩ + ২ | ৫ |
| ৩ + ৩ | ৬ |
| ৩ + ৪ | ৭ |
| ৩ + ৫ | ৮ |
| ৩ + ৬ | ৯ |
| ৩ + ৭ | ১০ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৪ + ১ | ৫ |
| ৪ + ২ | ৬ |
| ৪ + ৩ | ৭ |
| ৪ + ৪ | ৮ |
| ৪ + ৫ | ৯ |
| ৪ + ৬ | ১০ |

## পরিশিষ্ট ২: "যোগের কার্ড"

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৫+ ১ | ৬ |
| ৫+ ২ | ৭ |
| ৫+ ৩ | ৮ |
| ৫+ ৪ | ৯ |
| ৫+ ৫ | ১০ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৬+ ১ | ৭ |
| ৬+ ২ | ৮ |
| ৬+ ৩ | ৯ |
| ৬+ ৪ | ১০ |

| | |
|---|---|
| ৭+ ১ | ৮ |
| ৭+ ২ | ৯ |
| ৭+ ৩ | ১০ |

| | |
|---|---|
| ৮+ ১ | ৯ |
| ৮+ ২ | ১০ |


| | |
|---|---|
| ৯+ ১ | ১০ |

## ৭.৩ শূন্যের যোগ


**একত্র করলে কতগুলো বল হবে?**



৩ + ☐ = ☐




৩ + ☐ = ☐



৩ + ☐ = ☐

রেজা ও মিনার কমলা একত্র করলে কতগুলো হবে? সংখ্যায় লিখি।



☐ + ☐ = ☐

যোগ করি :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) | ৪ + ০ | (২) | ৮ + ০ | (৩) | ১০ + ০ |
| (৪) | ৬ + ০ | (৫) | ০ + ৫ | (৬) | ০ + ৭ |
| (৭) | ০ + ৩ | (৮) | ০ + ৯ | (৯) | ০ + ০ |

# ৭. যোগের ধারণা

## ৭.৩ শূন্যের যোগ (পৃষ্ঠা ৩১)

### শিখনফল


৯.২.১ কোনো সংখ্যার সাথে শূন্য যোগ করলে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।

**পাঠ সংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ :** পাঠ্যপুস্তক, কিছু উপকরণসহকারে একটি পাত্র (কিছু কাঠিসহ দুটি চায়ের কাপ অথবা মার্বেল সহকারে দুটি বাক্স ইত্যাদি)

### শিখন শেখানো কার্যাবলি

১. একটি পাত্রে ৩টি বস্তু ও অন্য পাত্রে ২টি বস্তু রেখে শিক্ষার্থীদের পাত্রগুলোতে মোট কতগুলো বস্তু আছে জিজ্ঞেস করুন এবং জোরে জোরে বলতে বলুন। শিক্ষার্থীদের "+" ও "=" চিহ্ন ব্যবহার করে যোগটি খাতায় লিখতে বলুন (যেমন- ৩ +২ = ৫)। মোট ৫টি দেখানোর জন্য ২য় পাত্র থেকে ১ম পাত্রে সবগুলো বস্তু ঢালুন (পাশে দেখানো ছবির মতো) এবং বোর্ডে "৩+২=৫" যোগটি লিখুন।



২. ২য় পাত্র থেকে একে একে বস্তুগুলো সরিয়ে নিন এবং পূর্বের কাজটি পুনরায় করুন। যখন সবগুলো বস্তু সরিয়ে নেওয়া হবে তখন বোর্ডে "৩ + ০ = ?" যোগটি লিখুন (পাশে দেখানো ছবির মতো) এবং উত্তরটী কি হতে পারে শিক্ষার্থীদের চিন্তা করতে দিন। এরপর উত্তরটি খুঁজে পেতে শ্রেণি আলোচনা শুরু করুন। উত্তরটি খুঁজে পেলে শিক্ষার্থীদের মনে করিয়ে দিন, "০" এর সাথে কোনো সংখ্যা যোগ করলে যোগফল সেই সংখ্যাটিই থাকে।

| |
|---|
| ৩ + ২ = ৫ |
| ৩ + ১ = ৪ |
| ৩ + ০= ? |

৩. শিক্ষার্থীদের ৩১ নং পৃষ্ঠা ১ম সমস্যাটি (ফুটবল) দেখতে বলুন। শিক্ষার্থীদের সমস্যাটি নিয়ে চিন্তা করতে বলুন এবং খালি ঘরে কোন সংখ্যাটি আসবে জোরে জোরে বলতে বলুন। শিক্ষার্থীদের পাঠ্য পুস্তকে উত্তরটি লিখতে বলুন এবং শিক্ষার্থীরা "০" এর যোগটি করতে পারছে কিনা ঘুরে ঘুরে দেখুন।

৪. কমলার ২য় অনুশীলনটি প্রতি শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং খালি ঘরে কোন সংখ্যা আসবে আলোচনা করে বের করতে সহযোগিতা করুন। কোন সংখ্যার সাথে শূন্য যোগ করলে যোগফল শূন্য এটি সংক্ষেপে শিক্ষার্থীদের জানান।

৫. শিক্ষার্থীদেন যোগের ৩য় অনুশীলটি সমাধান করতে বলুন এবং শিক্ষর্থীরা "০" এর যোগটি করতে পারছে কি না ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন।

### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা কি কোনো সংখ্যার সাথে "০" যোগের নিয়মটি বের করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি "০" এর যোগটি করতে পেরেছে?

# ৭.৪ বিভিন্ন ধরনের যোগ

**কোন কোন সংখ্যার যোগফল ৭?**

খালি ঘরে কোন সংখ্যা হবে ?

১ + [৬] = ৭     ৪ + □ = ৭

০ + □ = ৭     ৫ + □ = ৭

আর কোন কোন সংখ্যার যোগফল ৭

□ + □ = ৭     □ + □ = ৭

□ + □ = ৭     □ + □ = ৭

লক্ষ করি



আমি পেয়েছি
১ + ৬ = ৭
৬ + ১ = ৭

যোগ দুইটিতে একই সংখ্যা ব্যবহার করা হয়েছে।
অন্য যোগগুলোতেও কি একই নিয়ম দেখা যায়?



**যোগের সংখ্যা দুইটি বিনিময় করে একই যোগফল পাওয়া যায়।**

১   □ খালি ঘরে কোন সংখ্যা বসবে?

৩ + □ এর উত্তরের সাথে ৬ + ৩ এর উত্তর একই হয়।

□ + ২ এর উত্তরের সাথে ২ + ৮ এর উত্তর একই হয়।

# ৭. যোগের ধারণা

## ৭.৪ বিভিন্ন ধরনের যোগ (পৃষ্ঠা ৩২)


**শিখনফল**

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।

৯.৩.২ সংখ্যা বিনিময়ে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।

**পাঠ সংখ্যা: ২**


**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ৭-১০টি ব্লকের কার্ড (ডান দিকে দেখানো ছবির মত)



**শিখন শেখানো কার্যাবলি**

**[১ ম পাঠ]**

১. শিক্ষার্থীদের ৭টি ফোটাসম্বলিত ফিতাটি দেখান এবং তাদের ফোটাগুলো গুনতে বলুন। এরপর ফিতার মাঝখানে একটি পেন্সিল রেখে ৭টি ফোটাকে দুই ভাগে ভাগ করুন এবং শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন ডান দিকে কতটি ফোটা ও বাম দিকে কতটি ফোটা আছে। শিক্ষার্থীদের "+" ও "=" চিহ্ন ব্যবহার করে খাতায় উত্তরটি লিখতে বলুন (যেমন ৪+৩=৭)। ভাগ করার জায়গাটি পরিবর্তন করে একই প্রশ্ন বার বার করুন।



২. ৩২ নং পৃষ্ঠার প্রথম সমস্যাটি দেখতে বলুন এবং খালি ঘরে কোন সংখাটি বসবে, উপরের উপকরণ ব্যবহার করে তা আলোচনা করে বের করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন। শিক্ষার্থীদের ৭ কে দুই ভাগে ভাগ করার সমস্যাটি এর সাথে সাথে চিন্তা করতে বলুন। ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ করুন ও যদি সমস্যাটি বুঝতে না পারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

৩. পাঠের শেষে জোড়ার যোগেগুলোর দিকে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন।যেমন- " ১+ ৬=৭" ও"৬ + ১=৭", "৪ +৩=৭" ও"৩+৪ = ৭" ইত্যাদি শিক্ষার্থীদের যোগের সূত্র (বিনিময়) বের করতে সহযোগিতা করুন।

**[২য় পাঠ]**

১. ৮-১০টি ফোটা সম্বলিত ফিতা ব্যবহার করে পূর্বের পাঠের কার্যক্রম পরিচালনা করুন। (যেমন- পেন্সিল দ্বারা সংখ্যাটিকে দুইটি ভাগে ভাগ করুন)। শিক্ষার্থীরা এই কাজটি সমাধান করার পর, তাদের সমাধান পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন। সবশেষে শ্রেণি আলোচনার মাধ্যমে সমাধানটি বোর্ডে লিখুন।

২. শিক্ষার্থীদের পূর্বপাঠে শেখা যোগের সূত্রটি মনে করতে সহযোগিতা করুন এবং বইয়ের নিচের অংশের সমস্যা নিয়ে চিন্তা করতে বলুন।.

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি যোগের বিনিময় সূত্রটি বের করতে ও ব্যবহার করতে পেরেছে?



## দেখি পারি কি না!


খেলার মাঠে ২ জন শিশু খেলছিল। একটু পরে ১ জন শিশু আসল। এর পরে আরও ৪ জন শিশু আসল। এখন মাঠে কতজন শিশু খেলছে?

তুমি কীভাবে হিসাব করবে ?

২ + ১ + ৪ = ☐







**২** যোগ করি :

(১) ৩ + ২ + ১ (২) ৪ + ২ + ৪ (৩) ১ + ১ + ১

(৪) ২ + ২ + ২ (৫) ৩ + ৩ + ৩ (৬) ১ + ২ + ৩

(৭) ২ + ৫ + ৩ (৮) ১ + ০ + ৮ (৯) ০ + ৭ + ০

(১০) ১ + ১ + ১ + ১ (১১) ২ + ২ + ২ + ২ (১২) ১ + ২ + ৩ + ৪



**৩** রাজু একটি বই পড়ছে। সে গত পরশু দিন ৩ পৃষ্ঠা পড়েছে। গতকাল ২ পৃষ্ঠা পড়েছে এবং আজ সে ৪ পৃষ্ঠা পড়েছে। সে মোট কত পৃষ্ঠা পড়েছে?

**৪** মিঠুর ১টি বিস্কুট ছিল। তার বাবা তাকে ৭টি বিস্কুট দিলেন। তার মা তাকে আরও ২টি বিস্কুট দিলেন। এখন তার কতগুলো বিস্কুট হলো?

# ৭. যোগের ধারণা

## ৭.৪ দেখি পারি কিনা ! (পৃষ্ঠা ৩৩)

**শিখনফল**

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড, বর্গাকৃতির কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. বোর্ডে "২ + ১" লিখুন এবং এর উত্তরটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন। যদি সবাই এর উত্তর দিতে পারে তবে আরও একটি বিয়োগ "+৪" বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের "২+১+৪" হিসাবটি করতে বলুন। কীভাবে সমাধানটি করতে হবে সে ব্যাপারে আলোচনা করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন। সমস্যাটি শিক্ষার্থীদের বোঝাতে বর্গাকৃতির কার্ড ব্যবহার করুন।

২. ৩২ নং পৃষ্ঠার প্রথম সমস্যাটি দেখতে বলুন এবং পূর্বের বিয়োগটি (২+১+৪=৭) পুনরালোচনা করুন। এ ছাড়া ৩ অঙ্কের আরও কিছু যোগ করতে দিন এবং সবশেষে ৩ বা তার বেশি অঙ্কের যোগ বাম থেকে ডানদিক করতে হয় এটি শিক্ষার্থীদের জানান। ডান পাশের দেখানো ছবির মতো প্রথম দুই অঙ্কের বিয়োগ (২+১=৩) লিখতে বলুন যাতে ভুলে না যায়।

৩. এই পৃষ্ঠার নিচের দিকের যোগের অনুশীলনীটি সমাধান করতে বলুন, শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং যারা করতে পারছে না তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন যাতে ভুল না হয় সেজন্য প্রথম হিসাবটির ফলাফল ওপরে দেখানো ছবির মতো লিখে রাখতে উৎসাহিত করুন।

৪. শিক্ষার্থীরা কাজটি শেষ কারার পর, পাশের সহপাঠীর সাথে তার উত্তরটি মেলাতে বলুন এবং শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন এবং উত্তরটি বোর্ডে লিখুন।

৩
(২ + ১) + ৪ = ৭

৫. নিচের লেখা সমস্যাটির দিকে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং সমস্যাটিতে কী কী আছে ও কী করতে হবে না বোঝা পর্যন্ত ২-৩ বার জোরে জোরে পড়ুন। শিক্ষার্থীদে নিয়ে সমস্যাটি বোর্ডে সমাধান করুন।

**[২য় পাঠ ]**

নিচের অতিরিক্ত হিসাবগুলো শিক্ষার্থীদের করতে দিন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১+১+১ | ১+২+১ | ২+২+১ | ১+২+২ | ১+২+৩ | ৩+৪+১ | ১+৪+৪ | ৫+২+১ | ৬+১+২ | ৫+২+২ |
| ২+২+৩ | ৩+৩+২ | ২+১+৪ | ৪+২+২ | ৩+৪+২ | ৩+৩+৩ | ৭+১+২ | ৮+১+১ | ৬+১+৩ | ৪+৩+৪ |

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি "৩" বা তার বেশি সংখ্যার যোগ করতে পেরেছে?

## লুকানো সংখ্যা বের করি।


৩ + ☁ = ৫

একটি সংখ্যা মেঘের মধ্যে লুকিয়ে আছে!






রং করার জন্য ৫টি গোল আছে। আমরা বাম দিক থেকে তিনটি গোলে রং করেছি। আর কয়টিতে রং করতে পারব ?




### খালি ঘরে কোন সংখ্যা হবে ?


(১) ১ + ☐ = ৪




(২) ☐ + ২ = ৫




(৩) ৪ + ☐ = ৬




(৪) ☐ + ৩ = ৮



(৫) ৩ + ☐ = ১০



(৬) ☐ + ৪ = ১০




## ৭. যোগের ধারণা

### ৭.৪ লুকানো সংখ্যা বের করি । (পৃষ্ঠা ৩৪)

শিখনফল

৯.১.৪ সংখ্যার যোগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে ।
৯.৪.১ হাতে না রেখে দুইটি সংখ্যা ওপরে-নিচে যোগ করতে পারবে । (যোগফল অনূর্ধ্ব ৫০) ।

পাঠ সংখ্যা:২




শিক্ষা উপকরণ: পাঠ্যপুস্তক, ৪ থেকে ১০ পর্যন্ত ফোটাযুক্ত ফিতা

শিখন শেখানো কার্যাবলি

[১ম পাঠ]

১. শিক্ষার্থীদের ৫টি ফোটা যুক্ত একটি ফিতা দেখান । (ক) ফিতার ফোটা গুলো গুণতে বলুন (খ) কিছু ফোটা লুকিয়ে রেখে কয়টি ফোটা দেখতে পাচ্ছে তা জোড়ে বলতে বলুন। (গ) কতটি ফোটা লুকানো আছে অনুমান করতে বলুন। (ঘ) ফোটার সংখ্যা পরিবর্তন করে কাজটি আবার করুন ।



২. শিক্ষার্থীদের ৩৪ নং পৃষ্ঠার "? - ২ = ৪" সমস্যার উপর প্রথম ছবিটি দেখতে বলুন এবং ৫টি ফোটা সম্বলিত ছবি ব্যবহার করে সমস্যাটির ব্যাপারে চিন্তা করতে বলুন ।


৩. ৪টি, ৬টি ও ৮টি ফোটাসম্বলিত ফিতা ব্যবহার করে ১ম কাজটি আবার করুন । যতক্ষণ পর্যন্ত শিক্ষার্থীরা লুকিয়ে রাখা সংখ্যাটি সঙ্গে সঙ্গে না বলতে পারে ততক্ষণ পর্যন্ত বিভিন্ন ধরনের সংশ্লিষ্ট উদাহরণ দিন ।
৪. ৩৪ নং পৃষ্ঠার নিচের অংশের যান এবং শিক্ষার্থীদের প্রতিটি খালি ঘরের সংখ্যাটি খুঁজে বের করতে বলুন । শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন ।
৫. শিক্ষার্থীদের কাজটি শেষ হওয়ার পর, তাদের উত্তরটি পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন । সবশেষে সবাইকে নিয়ে শ্রেণি আলোচনার মাধ্যমে উত্তরগুলো বোর্ডে লিখুন ।
৬. যদি সময় থাকে তবে, শিক্ষার্থীদের খাতায় কিছু ফোটা আঁকতে বলুন এবং পূর্বে দেখানো কাজের মতোকিছু ফোটা লুকিয়ে সহপাঠীকে জিজ্ঞেস করতে বলুন কতগুলো ফোটা লুকানো আছে । পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রমটি চালিয়ে যান ।

[২য় পাঠ]
নিচের অতিরিক্ত হিসাবগুলো শিক্ষার্থীদের করতে দিন

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১+□=২ | ৩+□=৪ | ২+□=৩ | ১+□=৬ | ১+□=৭ | ৭+□=৮ | ৬+□=৯ | ৪+□=৮ | ২+□=৯ | ৫+□=৯ |
| □+৩=৫ | □+২=৭ | □+৩=৬ | □+৪=৬ | □+৩=৭ | □+১=১০ | □+১=৭ | □+৫=১০ | □+৮=৯ | □+৮=১০ |

মূল্যায়ন


১. শিক্ষা উপকরণের সহায়তায় শিক্ষার্থীরা কি লুকানো সংখ্যাটি বের করতে পেরেছে?



## ৭.৫ নিজে করি

১। যোগ করে যোগফলের সঙ্গে মিল করি।

| | | | |
|---|---|---|---|
| ৩ + ২ | ৭ | ২ + ৭ | ০ |
| ৫ + ৪ | ৫ | ০ + ১০ | ৫ |
| ১ + ৯ | ৮ | ২ + ২ | ৪ |
| ৬ + ০ | ৯ | ১ + ৪ | ৯ |
| ৪ + ৩ | ১০ | ৪ + ৪ | ১০ |
| ০ + ৮ | ৬ | ০ + ০ | ৮ |



২। যে দুইটির যোগফল একই তা মিল করি।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ + ৮ | ৬ + ২ | ৩ + ৪ | ২ + ৩ | ৫ + ১ |
| ৩ + ২ | ২ + ৬ | ৮ + ১ | ১ + ৫ | ৪ + ৩ |

# ৭. যোগের ধারণা

## ৭.৫ নিজে করি

(পৃষ্ঠা ৩৫)

**শিখনফল**

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।

৯.৪.১ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে-নিচে যোগ করতে পারবে।(যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা : ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ১০ পর্যন্ত যোগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন, ডান দিকের নমুনাটি দেখুন)।

ফ্ল্যাশ কার্ডের নমুনা

| সামনে | পেছনে |
|---|---|
| ৩ + ২ | ৫ |
| ৫ + ৪ | ৯ |

**শিখন শেখানো কার্যাবলি**

**[ ১ম ও ২য় পাঠ ]**

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত যোগের পূর্বপাঠ পুনরালোচনা করুন। যোগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের ৩৫ নং পৃষ্ঠার ১ম অনুশীলনটি দেখতে বলুন যেখানে “৩+২” যোগটির উত্তর “৫” এর সাথে মিল করা হয়েছে। এরপর শিক্ষার্থীদের নিজে নিজে বাম দিকের যোগগুলোর সাথে ডান দিকের উত্তরগুলোর সাথে দাগ টেনে মেলাতে বলন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং যদি কোনো শিক্ষার্থী সমস্যাটি বুঝতে না পারে তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

৩. শিক্ষার্থীদের সমস্যাটি সমাধানের পর, তাদের উত্তরগুলো পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন এবং সবশেষে শ্রেণি আলোচনার মাধ্যমে উত্তরগুলো বোর্ডে লিখুন।

৪. এরপর ২য় অনুশীলনীটিতে যান এবং এবং শিক্ষার্থীদের আলোচনা করতে সহযোগিতা করুন যাতে তারা বুঝতে পারে তাদের কী করতে হবে (যেমন- যে যোগগুলোর উত্তর এক তাদের দাগ টেনে মেলাতে হবে)। এরপর শিক্ষার্থীদের একা একা উত্তরগুলো লিখতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।


৫. শিক্ষার্থীদের সমস্যাটি সমাধানের পর, তাদের উত্তরগুলো পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন এবং সবশেষে শ্রেণি আলোচনার মাধ্যমে উত্তরগুলো বোর্ডে লিখুন।


৬. যদি সময় থাকে তাহলে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করে শিক্ষার্থীদের যোগের ধারণা সুসংহত করতে সহযোগিতা করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি পূর্বাপেক্ষা দ্রুত ও সঠিকভাবে যোগ করতে পেরেছে?

৩। যোগ করি ও খালি ঘর পূরণ করি।



# ৭. যোগের ধারণা

## ৭.৫ নিজে করি (পৃষ্ঠা ৩৬)

**শিখনফল**

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক,১০ পর্যন্ত যোগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন, ডান দিকের নমুনাটি দেখুন)।

**ফ্ল্যাশ কার্ডের নমুনা**

| সামনে | পেছনে |
| --- | --- |
| ৩ + ২ | ৫ |
| ৫ + ৪ | ৯ |

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত যোগের পূর্বপাঠ পুনরালোচনা করুন। যোগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের ৩৬ নং পৃষ্ঠার ৩য় অনুশীলনটি দেখতে বলুন এবং কীভাবে ছবির বালকটি উত্তর দিয়েছে চিন্তা করতে বলুন। এই অনুশীলনে কীভাবে যোগগুলো করবে বুঝতে সহযোগিতা করুন।

৩. উপরে যে নিয়মটি খুঁজে পেয়েছে সেভাবে তাদের একা একা যোগগুলো করতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং তারা সমস্যাটি বুঝতে না পারেলে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন। বইয়ের ছবির মতো করে ছবিগুলো বোর্ডে আঁকুন।

৪. শিক্ষার্থীরা ছবির চারটি সমস্যা “৭ +.....”, “৬ +.....”,“৪ + .....”, ও “২ +.....” সমাধান করার পর, তাদের উত্তরগুলো পাশের সহপাঠির সাথে মেলাতে বলুন এবং সবশেষে শ্রেণি আলোচনার মাধ্যমে উত্তরগুলো বোর্ডে লিখুন।

৫. এরপর শিক্ষার্থীদের ৫ম ও ৬ষ্ঠ ( ছবির ) যোগের সমস্যা “ ৩ + ....” ও “ ১ + .....” সমাধান করতে বলুন।

৬. যদি সময় থাকে তবে, শিক্ষার্থীদের পরস্পরের সামধান যাচাই করতে বলুন। যদি সময় না থাকে তবে বাসায় করতে বলুন।

**মূল্যায়ন**

১. অনুশীলনের যোগগুলো কীভাবে করতে হবে শিক্ষার্থীরা কি বুঝতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি পূর্বাপেক্ষা দ্রুত ও সঠিকভাবে যোগ করতে পেরেছে?

৪। রুমির ৪টি বেলুন আছে। তাকে আরও ২টি বেলুন দেওয়া হলো। এখন তার কতগুলো বেলুন হলো ?




৪ + ২ = ৬

৫। সুমন ৩টি ফুলে লাল এবং ৫টি ফুলে হলুদ রং করল। সব মিলে সুমন কতগুলো ফুল রং করল ?

৬। দুইটি কার্ডের সংখ্যার যোগফল কত ?   ৪   ৩

৭। বাগানে ৪ জন শিশু ছিল। পরে আরও ৫ জন শিশু তাদের সাথে যোগ দিল। বাগানে মোট শিশুর সংখ্যা কত ?

৮। রেজার কাছে ৩টি কলা ছিল। তার বাবা তাকে আরও ৭টি কলা দিলেন। এখন তার কতগুলো কলা হলো ?

৯। ২ + ৩ যোগের জন্য একটি গল্প তৈরি করি।

আমার গল্পটি হলো-
আমার ২টি বই আছে। আমার বাবা আমাকে আরও ৩টি বই কিনে দিলেন। আমার কতগুলো বই হলো ?
এবার তোমার গল্পটি বলো...



# ৭. যোগের ধারণা

## ৭.৫ নিজে করি (পৃষ্ঠা ৩৭)

**শিখনফল**

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ**পাঠ্যপুস্তক, ১০ পর্যন্ত যোগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন, ডান দিকের নমুনাটি দেখুন)।

ফ্ল্যাশ কার্ডের নমুনা

| সামনে | পেছনে |
|---|---|
| ৩ + ২ | ৫ |
| ৫ + ৪ | ৯ |

**শিখন শেখানো কার্যাবলি**

**[ ১ম পাঠ ]**

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত যোগের পূর্ব পাঠ পুনরালোচনা করুন। যোগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের ৩৭ নং পৃষ্ঠার ৪র্থ অনুশীলনীটি দেখতে বলুন এবং নিম্নোক্ত কাজগুলো করুন (১) সবাইকে সাথে নিয়ে সমস্যাটি পড়ুন এবং সবাই সমস্যাটি বুঝতে পেরেছে কি না যাচাই করুন। (২) বইয়ের মত করে ৪টি বেলুন ও ২টি বেলুন বোর্ডে আঁকুন। (৩) প্রশ্নটি কি জিজ্ঞেস করুন এবং তার উত্তর দিতে বলুন। (৪) নিজেদের খাতায় " + " ও " = " চিহ্ন ব্যবহার করে বিয়োগটি লিখতে বলুন।

৩. অনুশীলনী ৫এর সমাধানটি করতে শিক্ষার্থীদের উৎসাহ দিন। এরপর একইভাবে ৬ষ্ঠ অনুশীলনীটি সমাধান করুন [ দ্রষ্টব্য এই ধাপে শিক্ষার্থীরা অনেক ক্ষেত্রে প্রশ্নটি পড়তে পারবে না, তাই প্রশ্নটিতে কি বলেছে মাঝে মাঝে সেটি ছবির মাধ্যমে বুঝিয়ে দিন।]

**[ ২য় পাঠ ]**

১. পূর্বপাঠের ৪-৬ নং অুনশীলনীর মতো করে ৭, ৮ ও ৯ নং অনুশীলনীগুলো সমাধান করতে শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করুন।

২. যদি সময় থাকে, তাহলে তাদের আরও কিছু গল্প তৈরি করতে দিন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি লেখার সমস্যাটিকে যোগ হিসেবে চিহ্নিত করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি যোগটি সঠিকভাবে সমাধান করতে পেরেছে?

## ১০ খুঁজে বের করি

দুই বা তিন সংখ্যার যোগফল যা ১০ হয় তা খুঁজি ও গোল করি। তুমি কতগুলো ১০ খুঁজে পেয়েছ?




| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ৫ | ১ | ৪ | ৭ | ২ | ৮ | ৩ | ৮ | ২ |
| ৩ | ২ | ৯ | ৬ | ৮ | ৪ | ৫ | ৬ | ৭ | ৫ |
| ৭ | ৬ | ৭ | ৫ | ১ | ৬ | ৯ | ১ | ৩ | ৫ |
| ৬ | ৫ | ৩ | ৮ | ৩ | ৭ | ৫ | ৪ | ৮ | ১ |
| ৩ | ৭ | ৪ | ৯ | ৬ | ২ | ৮ | ৮ | ৩ | ৫ |
| ৯ | ২ | ৬ | ৩ | ৪ | ২ | ৫ | ৬ | ৪ | ৭ |
| ১ | ৪ | ৫ | ৫ | ৩ | ১ | ৪ | ৩ | ৮ | ২ |
| ২ | ৯ | ৩ | ৯ | ১ | ৪ | ৭ | ১ | ৮ | ৭ |
| ৩ | ৭ | ৯ | ৭ | ৫ | ৩ | ৫ | ৮ | ১ | ৯ |
| ৭ | ৪ | ৬ | ৮ | ২ | ৩ | ৭ | ১ | ৪ | ২ |

# ৭. যোগের ধারণা

## ৭.৫ নিজে করি (পৃষ্ঠা ৩৮)

### শিখনফল

৯.৪.১ হাতে না রেখে দুইটি সংখ্যা ওপরে-নিচে যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

### পাঠ সংখ্যা: ৩

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ১০ পর্যন্ত যোগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন, ডান দিকের নমুনাটি মত)।

### শিখন শেখানো কার্যাবলি

### [১ম ও ২য় পাঠ]

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত যোগের পূর্বপাঠ পুনরালোচনা করুন। যোগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৩৮ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং সংখ্যার ছকটি দেখতে বলুন। এই পাঠের কাজ পর পর দুইটি বা তার বেশি সংখ্যা বের করা, যেগুলোর যোগফল ১০ শিক্ষার্থীদের জানান। যেমন- সব থেকে বামের কলামের ৩ ও ৭ এর যোগফল ও ডান দিকের আনুক্রমিক ৬ ও ৪ এর যোগফল ১০। এ ছাড়া প্রথম সারির ৫, ১ ও ৪ এর যোগফলও ১০ । শিক্ষার্থীদের প্রথম সারির এমন সংখ্যাগুলোকে বৃত্ত দিয়ে পূরণ করতে বলুন।

৩. শিক্ষার্থীদের নিজে নিজে এ রকম আরও সংখ্যা বের করতে উৎসাহ দিন, যাদের যোগফল ১০। মনে রাখতে হবে উলম্বভাবে বা পাশাপাশি বৃত্ত পূরণ করতে হবে ( তীর্যকভাবে বা এক বা একাধিক সংখ্যা বাদ দিয়ে করা যাবে না )। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং যারা পারছে না তাদের সহযোগিতা করুন।

৪. ১০-১৫ মিনিট এই কাজটি করুন, তারপর শিক্ষার্থীদের পাশের সহপাঠীর সাথে নিজের উত্তর মেলাতে বলুন।

৫. যদি সময় থাকে তাহলে, ফ্ল্যাশ কার্ড ব্যবহার করে ১০ পর্যন্ত যোগের ধারণাটি পুনরালোচনা করুন।

### [৩য় পাঠ]

১. নতুন একটি ছক দিয়ে পূর্বের কাজটি আবার করতে দিন। (এক্ষেত্রে ৩টি সংখ্যাসহযোগে যোগ করার উপর জোর দিন।)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | ৮ | ৮ | ৩ | ৫ | ৩ | ৭ | ৪ | ৯ | ৬ |
| ২ | ৫ | ৬ | ৪ | ৭ | ৯ | ২ | ৬ | ৩ | ৪ |
| ১ | ৪ | ৩ | ৮ | ২ | ১ | ৪ | ৫ | ৫ | ৩ |
| ৪ | ৭ | ১ | ৮ | ৭ | ২ | ৯ | ৩ | ৯ | ১ |
| ৩ | ৫ | ৮ | ১ | ৯ | ৩ | ৭ | ৯ | ৭ | ৫ |
| ৩ | ৭ | ১ | ৪ | ২ | ৭ | ৪ | ৬ | ৮ | ২ |
| ২ | ৮ | ৩ | ৮ | ২ | ৪ | ৫ | ১ | ৪ | ৭ |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৫ | ৩ | ২ | ৯ | ৬ | ৮ |
| ৬ | ৯ | ১ | ৩ | ৫ | ৭ | ৬ | ৭ | ৫ | ১ |
| ৭ | ৫ | ৪ | ৮ | ১ | ৬ | ৫ | ৩ | ৮ | ৩ |


### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা কি বিভিন্ন সেটের সংখ্যা খুঁজে পেয়েছে, যেগুলোর যোগফল ১০?

# ৮. বিয়োগের ধারণা (১ থেকে ১০)

## ৮.১ বিয়োগ

পাঁচটি বেলুন ছিল। দুইটি বেলুন উড়ে গেল।




কয়টি বেলুন থাকল



মনে হচ্ছে হিসাবটি যোগের মতো নয়।

হ্যাঁ, বেলুন উড়ে গেলে বেলুনের সংখ্যা কমে যায়।





# ৮. বিয়োগের ধারণা

## ৮.১ বিয়োগ (পৃষ্ঠা ৩৯)

**শিখনফল**

১০.১.১ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি উপকরণ বাদ দিলে কয়টি থাকে তা বলতে পারবে।

১০.১.২ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি বাদ দিলে কয়টি থাকে তা সংখ্যায় বলতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য যে কোন ১০টি বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. শিক্ষার্থীদের ৫টি পেন্সিল দেখিয়ে -"অমার কাছে ৫টি পেন্সিল আছে। আমি ৩টি পেন্সিল (শ্রেণিতে উপস্থিত কোনো শিক্ষার্থীর নাম বলুন) দিলাম। তাহলে আমার কাছে কতটি পেন্সিল রইল।"- এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। (কমপক্ষে দুইবার জোরে জোর প্রশ্নটি পড়ুন যাতে শ্রেণ্রির সবাই বুঝতে পারে)। শিক্ষার্থীদের উত্তরটির ব্যাপারে আলোচনা করতে দিন এবং নিম্নোক্ত বিষয় তিনটি বুঝতে পেরেছে কিনা যাচাই করুন। ১) প্রশ্নটি কী? ২) শিক্ষার্থীদের কি করতে হবে? ৩) কয়টি পেন্সিল অবশিষ্ট আছে?


২. সবাই উত্তরটি খুঁজে পেয়েছে নিশ্চিত হলে, শিক্ষার্থীদের ৩৯ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং "একটি মেয়ের কাছে ৫টি বেলুন ছিল, সেখান থেকে ২টি বেলুন বাতাসে উড়ে চলে গেল । এখন তার কাছে কতটি বেলুন রইল।"- এই প্রশ্নটি করুন। (কমপক্ষে দুইবার জোরে জোর প্রশ্নটি পড়ুন যাতে শ্রেণির সবাই বুঝতে পারে)। শিক্ষার্থীদের উত্তরটির ব্যাপারে আলোচনা করতে দিন এবং গণনার মাধ্যমে উত্তরটি বের করতে সহযোগিতা করুন।

৩. বিভিন্ন প্রকারের বস্তু (শ্রেণিকক্ষে যত বেশি পাওয়া যায়) নিয়ে সাধারণ বিয়োগের সমস্যা তৈরি করুন। দ্রষ্টব্য এই পাঠে শুধু "কমেছে" এমন বিয়োগ দেখানো হয়েছে। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান।

**মূল্যায়ন**

১. প্রশ্নটিতে তাদের কী করতে হবে শিক্ষার্থীরা কি বুঝতে পেরেছে?

২. অবশিষ্ট বস্তুগুলো কি শিক্ষার্থীরা গণনার মাধ্যমে বের করতে পেরেছে?



৫টি থেকে ২টি সরিয়ে নিলে ৩টি থাকে।


| ৫ | – | ২ | = | ৩ |
|---|---|---|---|---|
| (পাঁচ | বিয়োগ | দুই | সমান | তিন) |

নিচে ৭টি বল আছে। এখন কয়েকটি করে বল সরিয়ে নিলে কয়টি করে থাকে তা দেখব।



২টি বল সরিয়ে নিই। কয়টি বল থাকবে?





৭ – ২ = ☐

৬টি বল সরিয়ে নিই। কয়টি বল থাকবে?



☐ – ☐ = ☐

আর কতভাবে বল সরানো যেতে পারে?

# ৮. বিয়োগের ধারণা

(পৃষ্ঠা ৪০)

## ৮.১ বিয়োগ (১)

**শিখনফল**

১০.১.৩ উপকরণের সাহায্যে বিয়োগ করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।
১০.১.৪ '–' বিয়োগ চিহ্নটি চিনে বলতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণ্রিতে সহজলভ্য যেকোনো ১০ টি বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণ ব্যবহার করে বিয়োগের উপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. পাঠ্যপুস্তকের ৩৯ নং পৃষ্ঠার বেলুনের ওপর প্রশ্নটি পুনরালচনা করুন। সব শিক্ষার্থী প্রশ্নটির উত্তর (৩টি বেলুন) বের করতে পেরেছে নিশ্চিত হলে, ৪০ নং পৃষ্ঠার ওপরের ছবিটি ব্যাখ্যা করুন এবং কীভাবে গাণিতিক চিহ্ন "–" ও "=" সহযোগে বিয়োগের প্রক্রিয়া লিখতে হয় সেটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন। নতুন চিহ্নটির নাম "বিয়োগ চিহ্ন" এবং প্রক্রিয়াটির নাম "বিয়োগ" এই বিষয়টি শিক্ষার্থীদের জানান।

৩. এরপর নিচের কাজগুলো করুন। (১) শিক্ষার্থীদের প্রশ্নগুলো বুঝতে সাহায্য করুন যেমন-"এখানে কতগুলো বল আছে?" (→ শিক্ষার্থীদের ৭টি বল গুনতে দিন)। (২) সমস্যাটি গাণিতিকভাবে (৭–২=৫) লিখতে বলুন। শিক্ষার্থীরা সমান চিহ্নের পর খালি জায়গায় ৫ লিখেছে কি না নিশ্চিত হোন।


৪. শিক্ষার্থীদের একইভাবে ২য় সমস্যাটি সমাধান করতে বলুন। সবশেষে সমাধানটির উত্তরটি (৭-৬=১) শ্রেণির সবাইকে জানান। এরপর কিছু বল সরিয়ে নিয়ে (১টি বল, ৩টি বল, ৪টি বল, ৫টি বল) বলের সংখ্যা পরিবর্তন করুন এবং শিক্ষার্থীদের উত্তর খুঁজে বের করতে উৎসাহ দিন।

৫. বিভিন্ন প্রকারের বস্তু (শ্রেণিকক্ষে যত বেশি পাওয়া যায়) নিয়ে সাধারণ বিয়োগের সমস্যা তৈরি করুন। শিক্ষার্থীদের বিয়োগ ও সমান চিহ্নের সাহায্যে উত্তরটি লিখতে দিন। দ্রষ্টব্য এই পাঠে শুধু "কমেছে" এমন বিয়োগ দেখানো হয়েছে। পাঠ শেষ না হওয়া পর্যন্ত কার্যক্রম চালিয়ে যান।


**মূল্যায়ন**

১. অবশিষ্ট বস্তুগুলো শিক্ষার্থীরা কি খুঁজে বের করতে পেরেছে?


২. শিক্ষার্থীরা কি বিয়োগ ও সমান চিহ্ন সঠিকভাবে ব্যবহার করতে পেরেছে?



**২** ছবি দেখে সংখ্যায় প্রকাশ করি।




৫ – ৩ = ২



................................





................................

**৩** বিয়োগ করি :

| | | |
|---|---|---|
| (১) ৩ – ১ = | (২) ৪ – ২ = | (৩) ৫ – ১ = |
| (৪) ৬ – ৫ = | (৫) ৩ – ২ = | (৬) ৮ – ৪ = |
| (৭) ৭ – ৩ = | (৮) ৯ – ৭ = | (৯) ১০ – ৯ = |
| (১০) ৪ – ৩ = | (১১) ১০ – ২ = | (১২) ৮ – ২ = |
| (১৩) ৫ – ২ = | (১৪) ৬ – ৩ = | (১৫) ১০ – ৫ = |

# ৮. বিয়োগের ধারণা

## ৮.১ বিয়োগ(১)

(পৃষ্ঠা ৪১)

**শিখনফল**

১০.১.৩ উপকরণের সাহায্যে বিয়োগ করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠ সংখ্যা:৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, শ্রেণিতে সহজলভ্য যেকোনো ১০টি বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪১ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পূর্বপাঠ পুনরালোচনার জন্য ওপরের অংশের উদাহরণটি ব্যবহার করে নিম্নোক্ত প্রশ্নগুলো করুন- (i) এখানে কতগুলো ফুল আছে? (ii) যদি ৩টি ফুল সরিয়ে নেওয়া হয়, তাহলে কতগুলো ফুল থাকবে? (iii) বিয়োগ ও সমান চিহ্নের সাহায্যে কীভাবে এই বিয়োগটি লেখা যায়?

২. এরপর ৭টি বলের সমস্যায় যান এবং একই ভাবে সমস্যাটি আলোচনা করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন। ৬ টি ঘর থেকে ১০টি ঘর সরিয়ে নেওয়ার সমস্যাটিও একইভাবে আলোচনা করুন।

৩. শিক্ষার্থীদের পৃষ্ঠার নিচের অংশের বিয়োগগুলোর দিকে দৃষ্টি আকর্ষণ করুন এবং একা একা এই বিয়োগগুলো করতে বলুন। শিক্ষার্থীদের আঙুল ব্যবহার করে, দাগ টেনে বা ডট/ ফোটা ব্যবহার করে হিসাব করতে বলুন। পাঠ শেষ না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

**[২য় পাঠ]**

১. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪১ নং পৃষ্ঠার বিয়োগগুলো দেখতে বলুন যেগুলো পূর্বের পাঠে তারা আংশিকভাবে সমাধান করেছে এবং বোর্ডে প্রথম সারির ৩টি বিয়োগ (৩-১, ৪-২ ও ৫-১) সমাধান করতে সহযোগিতা করুন। সবাই হিসাবটি করেছে কি না যাচাই করুন।

২. শিক্ষার্থীদের অবশিষ্ট বিয়োগগুলো নিজেদের খাতায় করতে বলুন এবং ঘুরে ঘুরে তাদের কাজ দেখুন ও বাস্তব উপকরণ ব্যবহার করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

৩. পাশের সহপাঠির সাথে নিজের উত্তর মেলাতে বলুন এবং উত্তরগুলো বোর্ডে লিখতে সহযোগিতা করুন।

[৩য় পাঠ]

পূর্বপাঠ পুনরালোচনার পর নিচের অতিরিক্ত হিসাবগুলো শিক্ষার্থীদের করতে দিন।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ – ১ | ৫ – ৩ | ৭ – ২ | ৬ – ১ | ৪ – ৩ | ৭ – ২ | ৬ – ৫ | ৯ – ১ |
| ৭ – ৪ | ৩ – ২ | ৬ – ৪ | ৭ – ৬ | ৫ – ৪ | ৮ – ২ | ৯ – ৬ | ৮ – ৭ |
| ১০ – ১ | ১০ – ৮ | ১০ – ৪ | ১০ – ৭ | ১০ – ৯ | ৯ – ৭ | ৮ – ৪ | |

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি সঠিকভাবে বিয়োগগুলো করতে পেরেছে?

## ৮.২ সংখ্যার তুলনা



চিত্রে শিশু বেশি নাকি টুপি বেশি?



তুমি কেন শিশুর সংখ্যা ও টুপির সংখ্যা গণনা করছ না?

ভাবছি, তুলনা করার কি কোনো সহজ উপায় আছে?



শিশু ও টুপিগুলো লাইনে সাজাই। এক এক করে দাগ টেনে মিল করি। টুপি থেকে শিশু কত বেশি?



# ৮. বিয়োগের ধারণা

## ৮.২ সংখ্যার তুলনা (পৃষ্ঠা ৪২)

**শিখনফল**

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।


**পাঠ সংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, যেকোনো ১০টি উপকরণ ( পেন্সিল, বই, কাপ ইত্যদি), শ্রেণিতে সহজলভ্য অন্যান্য বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. বাস্তব উপকরণের সাহায্যে দুই অঙ্কের বিয়োগের (কমছে) অধ্যায়টি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪২ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং "ছবিতে কয়জন শিশু আছে?" এবং "ছবিতে কতটি টুপি আছে?" প্রশ্ন দুটি করার পর "শিশু ও টুপির মধ্যে কোনটি সংখায় বেশি?" প্রশ্নটি করুন যাতে শিক্ষার্থীরা প্রশ্নের ধারাটি বুঝতে পারে।




৩. কোনটি সংখ্যায় বেশি, শিক্ষার্থীদের আলোচনার মাধ্যমে বের করতে সহযোগিতা করুন। আলোচনা পর শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের নিচের অংশের ছবিটির দিকে দৃষ্টি আকর্ষণ করুন এবং একটি শিশুর সাথে একটি টুপি মিলিয়ে কোনটি বেশি আছে বের করা যায় সেটি বুঝিয়ে দিন। শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তকের উদাহরণের মতো একটি শিশুর সাথে একটি টুপি মেলাতে বলুন এবং কতজন শিশু বেশি আছে উত্তরটি জোরে জোরে বলতে বলুন।

৪. এরপর শিক্ষার্থীদের ৬টি পেন্সিল ও ৭টি বই এই দুই ধরনের বস্তু দিন এবং দুইটির মধ্যে কোনটিতে কতটি বেশি আছে বের করতে বলুন ও তাদের ধারণাগুলো বলতে সহযোগিতা করুন। সবশেষে শিক্ষার্থীদের নিয়ে পাশের ছবির মতো করে বই ও পেন্সিলগুলোকে সাজান এবং একটি বই বেশি আছে এটি বের করে দেখান।

৫. যতগুলো সম্ভব বস্তু শ্রেণিতে পাওয়া যায় সেগুলো ব্যবহার করে "কোনটি কত বেশি আছে?"- এই রকম আরও কিছু সমস্যা শিক্ষার্থীদের করতে দিন।

**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা কি উপকরণ মিলিয়ে "কোনটির কত বেশি" বের করতে পেরেছে?




গাণিতিক বাক্যে আমরা লিখি :

৭ – ৫ = ২

১ লাল আপেল থেকে সবুজ আপেল কতগুলো বেশি আছে?




গাণিতিক বাক্যে লিখি :

৬ – ৩ = ☐

২ কেক থেকে থালা কতগুলো বেশি?





গাণিতিক বাক্যে লিখি : ..............................

# ৮. বিয়োগের ধারণা

## ৮.২ সংখ্যার তুলনা (পৃষ্ঠা ৪৩)

### শিখনফল

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

**পাঠ সংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, যেকোনো ১০ টি উপকরণ (পেন্সিল, বই, কাপ ইত্যাদি), শ্রেণিতে সহজলভ্য অন্যান্য বস্তু।

### শিখন শেখানো কার্যাবলি

১. পাঠ পুনরালোচনার জন্য শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪১ নং পৃষ্ঠা নিচের ছবিটি দেখতে বলুন এবং "কোনটি কত বেশি"- পাঠটি মনে করতে সহযোগিতা করুন।

২. শিক্ষার্থীদের শিশুর সংখ্যার (সাত) সাথে টুপির সংখ্যার (পাঁচ) সম্পর্ক এবং তাদের মধ্যকার পার্থক্য (দুই) বের করতে সহযোগিতা করুন এবং "পার্থক্য ২ বের করতে আমরা কীভাবে হিসাব করেছি?"- এই প্রশ্নটি করুন। দ্রষ্টব্য শিক্ষার্থীরা "৭ − ৫ = ২" এটি বলবে না কিন্তু বিয়োগের ধারণাটি তাদের কাছ থেকে নিয়ে আসতে হবে।

৩. শিক্ষার্থীদের আলোচনা সারসংক্ষেপ করুন এবং এই হিসাবটিও বিয়োগ, আমরা হিসাবটিকে "৭ − ৫=২" এই ভাবে লিখতে পারি বোর্ডে লিখুন। এরপর শিক্ষার্থীদের বিয়োগ ও তার উত্তর " ২টি শিশু বেশি আছে" তাদের খাতায় লিখতে বলুন।

৪. এরপর নিচের অনুশীলনীর দিকে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং এক এক করে বস্তু মিলিয়ে আপেল ও কেকের সমস্যা দুটি সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের মাঝে ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন। শিক্ষার্থীরা সমস্যাটি সংখ্যায় লিখে বিয়োগটি করতে পারছে কিনা যাচাই করুন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করুন। শিক্ষার্থীদের দুটি বিয়োগ সংখ্যায় (৬-৩ = ৩ ও ৮-৫ = ৩) লিখতে বলুন এবং তাদের উত্তর লিখতে (" ৩টি সবুজ আপেল বেশি" ও "৩টি থালা বেশি") বলুন। নিজেই সমস্যাটি সমাধান না করে শ্রেণি আলোচনার মাধ্যমে সমস্যাটি সমাধান করুন।


৫. শিক্ষার্থীদের উত্তর ও আপানারো উত্তর দুটোই বোর্ডে লিখুন। যদি সময় থাকে তবে বোর্ডে একই ধরনের আরও কাজ দিন।


### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা কি পার্থক্যের সমস্যাটিকে বিয়োগের সংখ্যায় লিখতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি বিয়োগটি সঠিকভাবে সমাধান করতে পেরেছে?

## বই ও পেনসিলের সংখ্যার মধ্যে পার্থক্য কী ?







গাণিতিক বাক্যে লিখি : ..............................

বই থেকে পেনসিল ☐ বেশি।

৩ বালকের সংখ্যা ও বালিকার সংখ্যার পার্থক্য কত ?



বালক থেকে বালিকা ☐ বেশি।

# ৮. বিয়োগের ধারণা

## ৮.২ সংখ্যার তুলনা (পৃষ্ঠা ৪৪)

**শিখনফল**

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, যেকোনো ১০ টি উপকরণ ( মার্বেল, পেন্সিল, বই, কাপ ইত্যাদি), শ্রেণিতে সহজলভ্য অন্যান্য বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. পাঠ পুনরালোচনার জন্য শিক্ষার্থীদের কিছু বস্তু (৩টি মার্বেল ও ৫ টি চায়ের গ্লাস) দেখান এবং "কোনটি কত বেশি"- বের করতে বলুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪৪ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং "ছবিতে কয়জন শিশু আছে?" এবং "ছবিতে কতটি টুপি আছে?" প্রশ্ন দুটি করার পর "কোনটি সংখায় বেশি আছে, আমরা কীভাবে বের করতে পারি?" এই প্রশ্নটি করুন এবং বিষয়টি নিয়ে চিন্তা করতে সহযোগিতা করুন। হিসাব ও তার উত্তর শিক্ষার্থীদের খাতায় লিখতে বলুন। (i) শিক্ষার্থীরা সমস্যাটি বিয়োগ হিসেবে চিহ্নিত করতে পেরেছে কি না? (ii) সব শিক্ষার্থী উত্তর " বই অপেক্ষা ৪টি পেন্সিল বেশি আছে?" লি খতে পেরেছে কিনা যাচাই করুন।

৩. বালক ও বালিকার সংখ্যার পার্থক্যের ওপর নিচের অনুশীলনটিতে যান এবং পূর্বের সমস্যায় শেখা ধারণা থেকে সমস্যাটি সমাধান করতে বলুন। শিক্ষর্থীদের উত্তরগুলো বোর্ডে লিখুন, পাশাপাশি নিজের উত্তরটিও বোর্ডে লিখুন।


৪. যতগুলো সম্ভব বস্তু শ্রেণিতে পাওয়া যায় সেগুলো ব্যবহার করে "কোনটি কত বেশি আছে?"- এই রকম আরো কিছু সমস্যা শিক্ষার্থীদের করতে দিন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি পার্থক্যের সমস্যাটিকে বিয়োগের সংখ্যায় লিখতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি বিয়োগটি সঠিকভাবে সমাধান করতে পেরেছে?

**৪** চেয়ার ও টেবিলের মধ্যে কোনটির সংখ্যা বেশি ? কত বেশি ?




**৫** তপুর ৯টি বেলুন ছিল। সে খিসাকে ৫টি বেলুন দিল। খিসা ও তপুর বেলুনের সংখ্যার পার্থক্য কত ?



তপুর ৯টি বেলুন ছিল।





খিসাকে ৫টি বেলুন দিল। তপুর কয়টি রইল ?
তপু ও খিসার বেলুনের সংখ্যার পার্থক্য বের করো।



**৬** ৬ - ২ এর জন্য একটি গল্প তৈরি করো।



আমার গল্পটি হলো-
আমার ৬টি পেনসিল আছে এবং মিনার ২টি পেনসিল আছে। আমাদের কার পেনসিলের সংখ্যা কত বেশি ?
এবার তোমার গল্পটি বলো...

# ৮. বিয়োগের ধারণা

## ৮.২ সংখ্যার তুলনা

(পৃষ্ঠা ৪৫)

**শিখনফল**

৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।

**পাঠ সংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক যেকোনো ১০টি উপকরণ ( মার্বেল, পেন্সিল, বই, কাপ ইত্যাদি), শ্রেণিতে সহজলভ্য অন্যান্য বস্তু।

**শিখন শেখানো কার্যাবলি**

১. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং "ছবিতে কয়টি চেয়ার আছে?" এবং "ছবিতে কতটি টেবিল আছে?" প্রশ্ন দুটি করার পর "কোনটি কত বেশি আছে তা আমরা কীভাবে বের করতে পারি?" প্রশ্নটি করুন এবং বিষয়টি নিয়ে চিন্তা করতে সহযোগিতা করুন। হিসাব ও তার উত্তর শিক্ষার্থীদের খাতায় লিখতে বলুন।। দ্রষ্টব্য যদি হিসাব সঠিকও হয়, তবুও বিয়োগ আকারে ৫-৩=২ উত্তর হবে না।

২. ২য় সমস্যাটিতে যান এবং সমস্যাটি শিক্ষার্থীদের বুঝতে (ক) সমস্যাটিতে আমরা কি দেখতে পাই? (খ) তপুর কয়টি বেলুন আছে? (গ) তপু যদি ৫টি বেলুন খিসাকে দেয়, তবে তপুর কয়টি বেলুন থাকে? (ঘ) তপু এবং খিসার একত্রে কতটি বেলুন আছে? (ঙ) কার কতটি বেলুন বেশি আছে?-এই প্রশ্নগুলো করুন। এরপর শিক্ষার্থীদের হিসাব ও তার উত্তর খাতায় লিখতে বলুন এবং সবশেষে উত্তরগুলো শ্রেণির সবাইকে জানান।

৩. শিক্ষার্থীদের একই ধরনের আরও কিছু সমস্যা সমাধান করতে দিন। যেমন- "তোমার বাবা তোমাকে ১০টি পেন্সিল দিল, সেগুলো থেকে তুমি ৩টি পেন্সিল তোমার বোনকে দিলে। এখন কার বেশি পেন্সিল আছে?" শিক্ষার্থীদের সমস্যাটি আলোচনার মাধ্যমে সমাধান করতে বলুন এবং উত্তরটি খাতায় লিখতে বলুন। শিক্ষার্থীরা সঠিক প্রক্রিয়া অনুসরণ করে কাজটি করছে কি না যাচাই করুন।

৪. শিক্ষার্থীদের পৃষ্ঠার নিচের দিকের সমস্যা তৈরির অনুশীলনীটি দেখতে বলুন এবং প্রত্যেককে ৬-২ সমস্যাটি গল্পের আকারে প্রকাশ করে তা পাশের সহপাঠীকে জানাতে সহযোগিতা করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি পার্থক্যের সমস্যাটিকে বিয়োগের আকারে লিখতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি বিয়োগটি সঠিকভাবে সমাধান করতে পেরেছে এবং উত্তরটি সঠিকভাবে লিখতে পেরেছে?

# বিয়োগের শিক্ষা উপকরণ

**বিয়োগের কার্ড ১**

**শিখনফল**

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যা: ৩**

শিক্ষা উপকরণ: প্রতিটি শিক্ষার্থীর (প্রতি জোড়া শিক্ষার্থীর) জন্য পরবর্তী তিনটি পৃষ্ঠার ফটোকপি, আঠা ও কাঁচি। কার্ডগুলো রাখার জন্য ছোট প্লাস্টিকের ব্যাগ ইত্যাদি।

শিখন শেখানোর কার্যাবলি:

**[১ম পাঠ]**

৫. শিক্ষার্থীদের পরবর্তী তিনটি পৃষ্ঠার ফটোকপিগুলো দিন, সমস্যাগুলো পড়ে শোনান এবং বুঝতে সহযোগিতা করুন।

৬. কাগজগুলো (ফটোকপি) থেকে কেটে কার্ড তৈরি করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানকরুন।

৭. কাগজগুলো ভাঁজ করে এমনভাবে আঠা লাগাতে বলুন, যাতে সেগুলোর দুইটি পৃষ্ঠ (সম্মুখ ও পশ্চাৎ) থাকে।

৮. শিক্ষার্থীদের কার্ডগুলো প্লাস্টিক ব্যাগে রাখতে বলুন যাতে হারিয়ে না যায়।

**[২য় -৩য় পাঠ] (অথবা অধিক)**

১. আরও কার্ড ব্যবহার করে একই কার্যক্রম পরিচালনা করুন।

**জোড়ায় কাজ**

একজন শিক্ষার্থী কার্ডের বিয়োগের দিকটি দেখাবে এবং অপর শিক্ষার্থী পেছনের উত্তরটি বলবে। এরপর তারা কার্ডটি উল্টিয়ে দেখবে যে উত্তরটি সঠিক হয়েছে কি না। এই কাজটি তারাঅন্য কার্ড নিয়ে বারবার করবে।

একক কাজ

শিক্ষার্থীরা কার্ডগুলো সব সময় নিজেদের কাছে রাখবে এবং অবসর সময়ে অথবা বাড়িতে তারা বিয়োগগুলো করবে।

**ঝটপট উত্তর**

বিয়োগের কার্ডগুলো (৪৫টি কার্ড) দেখানোর পর কে কত দ্রুত এর উত্তর দিতে পারে সে ব্যাপারে একটি প্রতিযোগিতা আয়োজন করুন।

**চলো বাছাই করি**

এই খেলায় শিক্ষক বলবে " চলো যে কার্ডগুলোরবিয়োগফল ২, সেই কার্ডগুলো একত্রিত করি।" শিক্ষার্থীরা কার্ডগুলো বিয়োগের পৃষ্ঠ দেখে (উত্তর না দেখে) কার্ডগুলো একত্রিত করবে এবং শিক্ষক অন্যান্য সংখ্যা নিয়ে এই খেলাটি বারবার খেলতে দেবেন।

# বিয়োগের কার্ড

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ১০-৯ | ১ |
| ১০- ৮ | ২ |
| ১০-৭ | ৩ |
| ১০-৬ | ৪ |
| ১০- ৫ | ৫ |
| ১০- ৪ | ৬ |
| ১০- ৩ | ৭ |
| ১০- ২ | ৮ |
| ১০- ১ | ৯ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৯-৮ | ১ |
| ৯-৭ | ২ |
| ৯-৬ | ৩ |
| ৯-৫ | ৪ |
| ৯-৪ | ৫ |
| ৯-৩ | ৬ |
| ৯-২ | ৭ |
| ৯-১ | ৮ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৮-৭ | ১ |
| ৮-৬ | ২ |
| ৮- ৫ | ৩ |
| ৮- ৪ | ৪ |
| ৮- ৩ | ৫ |
| ৮- ২ | ৬ |
| ৮- ১ | ৭ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৭-৬ | ১ |
| ৭- ৫ | ২ |
| ৭- ৪ | ৩ |
| ৭- ৩ | ৪ |
| ৭- ২ | ৫ |
| ৭- ১ | ৬ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৬-৫ | ১ |
| ৬-৪ | ২ |
| ৬-৩ | ৩ |
| ৬-২ | ৪ |
| ৬-১ | ৫ |

| সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|
| ৫-৪ | ১ |
| ৫-৩ | ২ |
| ৫-২ | ৩ |
| ৫-১ | ৪ |

| | |
|---|---|
| ৪-৩ | ১ |
| ৪-২ | ২ |
| ৪-১ | ৩ |

| | |
|---|---|
| ৩-২ | ১ |
| ৩-১ | ২ |

| | |
|---|---|
| ২-১ | ১ |

## ৮.৩ ০ (শূন্য) - এর বিয়োগ

একটি থালায় ৪টি আপেল আছে। রেজা ও মিনা এই আপেলগুলো খাবে।



**যদি তারা ৪টি আপেল খায়, তবে আর কয়টি থাকবে?**

যদি তারা ৩টি আপেল খায়, তখন ..........



৪ – ৩ = ১

যদি তারা ৪টি আপেল খায়, তখন ..........



৪ – ৪ = ☐

**যদি তারা ০টি আপেল খায়, তবে আর কয়টি থাকবে?**

যদি তারা ১টি আপেল খায়, তখন ..........



৪ – ১ = ৩

যদি তারা ০টি আপেল খায়, তখন ..........



৪ – ০ = ☐

**বিয়োগ করি**

৫ – ৫    ৯ – ৯    ৬ – ০    ৮ – ০    ০ – ০

# ৮. বিয়োগের ধারণা

## ৮.৩ "০" ( শূন্যের ) এর বিয়োগ (পৃষ্ঠা ৪৬)

**শিখনফল**

১০.২.১ কোনো সংখ্যা থেকে শূন্য বিয়োগ করলে বিয়োগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, কিছু উপকরণ সহকারে একটি পাত্র ( কিছু কাঠিসহ একটি চায়ের গ্লাস অথবা মার্বেলসহকারে একটি বাক্স ইত্যাদি )

**শিখন শেখানো কার্যাবলি**

১. একটি পাত্রে ৩টি বস্তু রেখে শিক্ষার্থীদের পাত্রে কতগুলো বস্তু আছে তাদের জিজ্ঞেস করুন এবং জোরে জোরে বলতে বলুন। এরপর একটি বস্তু পাত্র থেকে সরিয়ে নিয়ে এই প্রক্রিয়াটি বিয়োগ এই ধারণাটি দিন। শিক্ষার্থীদের "−" ও "=" চিহ্ন ব্যবহার করে বিয়োগটি খাতায় লিখতে বলুন (যেমন- ৩ − ১ = ২)। ৩ − ২ = ১ না হওয়া পর্যন্ত কাজটি করতে থাকুন।

২. আবার একটি পাত্রে তিনটি বস্তু রাখুন এবং এবার সবগুলো সরিয়ে নিন। এরপর শিক্ষার্থীদের বিয়োগটি লিখতে বলুন। যদি শিক্ষার্থীদের বিয়োগটি কঠিন মনে হয় তবে "৩ − ৩ =" (ডানের প্রক্রিয়ার মত) বোর্ডে লিখুন এবং উত্তর কী হতে পারে শিক্ষার্থীদের চিন্তা করতে দিন। উত্তরটি (= শূন্য) বের করার পর, সবগুলো নিয়ে গেলে উত্তর সবসময় শূন্য হবে এটি শিক্ষার্থীদের জানান।

| |
|---|
| ৩ - ১ = ২ |
| ৩ - ২ = ১ |
| ৩ -৩ = ? |

| |
|---|
| ৩ -০ = ? |
| ৩ -১ = ২ |
| ৩ -২ = ১ |

৩. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৪৬ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং আপেলের সমস্যাটি দেখতে বলুন। সমস্যাটি বোঝার জন্য সংশ্লিষ্ট গল্প বলুন।

৪. পৃষ্ঠার নিচের অংশের "০" এর বিয়োগটি করতে বলুন এবং শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে যাচাই করুন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন। সবশেষে উত্তরটি বোর্ডে লিখুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি "০" এর সাথে বিয়োগ করতে পেরেছে?


## ৮.৪ বিভিন্ন ধরনের বিয়োগ

**দেখি পারি কি না!**


একটি গাছে ৯টি পাখি ছিল। ৩টি পাখি উড়ে গেল। পরে আরও ৪টি পাখি উড়ে গেল। এখন গাছে কয়টি পাখি রইল?

কীভাবে তুমি হিসাব করবে?

৯ – ৩ – ৪ = ☐






১. আলির ১০টি কাগজ ছিল। ৪টি কাগজ তার বোনকে দিল। ৫টি তার ভাইকে দিল। তার কাছে কতগুলো কাগজ রইল?

২. শান্তির ১০টি বিস্কুট ছিল। সে ২টি খেল। তার বোনকে ৪টি দিল। তার কাছে কয়টি বিস্কুট রইল?

# ৮. বিয়োগের ধারণা

## ৮.৪ বিভিন্ন ধরনের বিয়োগ

(পৃষ্ঠা ৪৭)

**শিখনফল**


১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ০ থেকে ১০ পর্যন্ত নম্বর কার্ড, বর্গাকৃতির কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]




১. বোর্ডে "৯-৩" লিখুন এবং এর উত্তরটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন। যদি সবাই এর উত্তর দিতে পারে তবে আরো একটি বিয়োগ "-৪" বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের "৯-৩-৪" হিসাবটি করতে বলুন। কীভাবে সমাধানটি করতে হবে সে ব্যাপারে আলোচনা করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন। সমস্যাটি শিক্ষার্থীদের বোঝাতে বর্গাকৃতির কার্ড ব্যবহার করুন।

২. ৪৭ নং পৃষ্ঠার প্রথম সমস্যাটি দেখতে বলুন এবং পূর্বের বিয়োগটি ( ৯-৩-৪=২) পুনরালোচনা করুন। এ ছাড়া ৩ অঙ্কের আরও কিছু বিয়োগ করতে দিন এবং সবশেষে ৩ বা তার বেশি অঙ্কের বিয়োগ বাম থেকে ডান দিক করতে হয় এটি শিক্ষার্থীদের জানান। ডান পাশের দেখানো ছবির মত প্রথম দুইঅঙ্কের বিয়োগ (৯ - ৩ = ৬) লিখতে বলুন যাতে ভুলে না যায়।

৩. এই পৃষ্ঠার নিচের দিকের বিয়োগের অনুশীলনীটি সমাধান করতে বলুন, শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং যারা করতে পারছে না তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন যাতে ভুল না হয় সেজন্য প্রথম হিসাবটির ফলাফল উপরে দেখানো ছবির মতো লিখে রাখতে উৎসাহিত করুন।

৪. শিক্ষার্থীরা কাজটি শেষ কারার পর, পাশের সহপাঠীর সাথে তার উত্তরটি মেলাতে বলুন এবং শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন এবং উত্তরটি বোর্ডে লিখুন।

৫. নিচের লেখা সমস্যারটির দিকে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করুন এবং সমস্যাটিতে কী কী আছে ও কী করতে হবে না বোঝা পর্যন্ত ২ থেকে ৩ বার জোরে জোরে পড়ুন। শিক্ষার্থীরে নিয়ে সমস্যাটি বোর্ডে সমাধান করুন।

[২য় পাঠ]

পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের হিসাবগুলো করতে দিন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩-১-১ | ৫-৩-১ | ৭-২-২ | ৬-২-৩ | ৪-২-২ | ৯-২-৬ | ৮-৫-২ | ৯-৭-১ | ৮-৩-৪ | ৯-৬-২ |
| ৭-১-৩ | ৪-১-২ | ৬-১-৪ | ৭-৫-১ | ৫-১-১ | ৮-৬-১ | ১০-৩-৩ | ১০-৪-৫ | ১০-৭-৫ | ১০-৬-৩ |


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা কি ৩ সংখ্যার বিয়োগ করতে পেরেছে?




## খালি ঘরে সংখ্যা লিখি।

৮ – ☐ = ৫




☐ – ২ = ৪





## খালি ঘরে সংখ্যা বসাই।

(১) ৪ – ☐ = ১




(২) ৬ – ☐ = ৪




(৩) ১০ – ☐ = ৩



(৪) ☐ – ৫ = ২



(৫) ☐ – ৪ = ৪



(৬) ☐ – ২ = ৮





# ৮. বিয়োগের ধারণা


## ৮.৪ বিভিন্ন ধরনের বিয়োগ

(পৃষ্ঠা ৪৮)

### শিখনফল

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।


### পাঠ সংখ্যা: ২



**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, পাশে দেখানো ছবির মতো ৪ থেকে ১০ পর্যন্ত ব্লকের কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

### [১ম পাঠ]



১. শিক্ষার্থীদের ৮টি ফোটযুক্ত একটি ফিতা দেখান। (i) ফিতার ফোটাগুলো গুনতে বলুন (ii) তিনটি ফোটা লুকিয়ে রেখে কয়টি ফোটা দেখতে পাচ্ছে তা জোড়ে বলতে বলুন। (iii) কতটি ফোটা লুকানো আছে অনুমান করতে বলুন। এ রপর "৮-[ ]=৫" বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের আলোচনা করে উত্তরটি বের করতে সহযোগিতা করুন। সবশেষে উত্তরটি বোর্ডে লিখুন এবং শ্রেণির সবাইকে জানান।

২. অন্য একটি ফিতা ব্যবহার করে এই কাজটি আবার করুন, যেখানে ২য় সংখ্যাটি লুকিয়ে রাখবেন। যতক্ষণ পর্যন্ত শিক্ষার্থীরা লুকিয়ে রাখা সংখ্যাটি সঙ্গে সঙ্গে না বলতে পারে ততক্ষণ পর্যন্ত বিভিন্ন ধরনের সংশ্লিষ্ট উদাহরণ দিন।

৩. দ্বিতীয় উদাহরণ "? - ২=৪" যান এবং শিক্ষার্থীদের ৬টি ফোটাসম্বলিত ছবিটি দেখিয়ে জিজ্ঞেস করুন "এই ফিতাটিতে কিছু ফোটা আছে, আমি তা থেকে ২টি ফোটা ঢেকে রেখিছি। এখন কয়টি ফোটা তোমরা দেখতে পাচ্ছ? (= চারটি), এই ফিতাটিতে কতগুলো ফোটা আছে অনুমান করো।"

৪. এই ধরনের আরও ফোটাসম্বলিত ফিতা ব্যবহার করুন এবং যে বিয়োগগুলোতে উপরের উদাহরণের মতো প্রথম সংখ্যাটি লুকিয়ে রাখা হয়েছে, একই ধরনের কাজের মাধ্যমে সেগুলো সমাধান করুন। যতক্ষণ না পর্যন্ত শিক্ষার্থীরা সাথে সাথে উত্তরটি বলতে পারে, ততক্ষণ পর্যন্ত বিভিন্ন ধরনের উদাহরণ দিন।

৫. ৪৮ নং পৃষ্ঠার নিচের অংশের যান এবং শিক্ষার্থীদের প্রতিটি খালিঘরের সংখ্যাটি খুঁজে বের করতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

৬. শিক্ষার্থীদের কাজটি শেষ হওয়ার পর, তাদের উত্তরটি পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন। সবশেষে সবাইকে নিয়ে শ্রেণি আলোচনার মাধ্যতে উত্তরগুলো বোর্ডে লিখুন।

### [২য় পাঠ]

পূর্বপাঠ পুনরালোচনার পর, নিচের অতিরিক্ত সমস্যাগুলো করতে দিন।


| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২-□=১ | ৫-□=২ | ৭-□=৫ | ৬-□=৫ | ৪-□=১ | ৯-□ =৮ | ৮-□=৩ | ৯-□=২ | ৮-□=৬ | ৯-□=৩ |
| □-৪=৩ | □-২=১ | □-৪=২ | □-৬=১ | □-৪=১ | □-৭=১ | □-১=৭ | □-৮=২ | □-৪=৬ | □-৭=৩ |


### মূল্যায়ন


১. শিক্ষা উপকরণের সহায়তায় শিক্ষার্থীরা কি লুকানো সংখ্যাটি বের করতে পেরেছে?


## ৮.৫ নিজে করি


১। বিয়োগ করি ও খালি ঘর পূরণ করি।








# ৮. বিয়োগের ধারণা

## ৮.৫ নিজে করি (পৃষ্ঠা ৪৯)

**শিখনফল**

১০.১.৫ সংখ্যার বিয়োগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ১০ পর্যন্ত বিয়োগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন)।

ফ্ল্যাশ কার্ডের নমুনা

| সামনে | পেছনে |
|---|---|
| ৩– ২ | ১ |
| ১০ – ৪ | ৬ |

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত বিয়োগের পূর্ব পাঠ পুনরালোচনা করুন। বিয়োগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের ৪৯ নং পৃষ্ঠার ১ম অনুশীলনটি দেখতে বলুন এবং কীভাবে ছবির বালকটি উত্তর দিয়েছে চিন্তা করতে বলুন। এই অনুশীলনে কীভাবে বিয়োগগুলো করবে বুঝতে সহযোগিতা করুন।

৩. উপরে যে নিয়মটি খুঁজে পেয়েছে সেভাবে তাদের একা একা বিয়োগগুলো করতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং তারা সমস্যাটি বুঝতে না পারেলে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন। বইয়ের ছবির মতো করে ছবিগুলো বোর্ডে আঁকুন।

৪. শিক্ষার্থীরা ছবির চারটি সমস্যা “৩ -.....”, “৪ -.....”,“৫ - .....”, ও “৬-.....” সমাধান করার পর, তাদের উত্তরগুলো পাশের সহপাঠীর সাথে মেলাতে বলুন এবং সবশেষে শ্রেণি আলোচনার মাধ্যমে উত্তরগুলো বোর্ডে লিখুন।

৫. এরপর শিক্ষার্থীদের ৫ম ও ৬ষ্ঠ ( ছবির ) বিয়োগের সমস্যা “ ১০ - ....” ও “ ৮ - .....” সমাধান করতে বলুন।

৬. যদি সময় থাকে তবে, শিক্ষার্থীদের পরস্পরের সমধান যাচাই করতে বলুন। যদি সময় না থাকে তবে বাসায় করতে বলুন।

**মূল্যায়ন**

১. অনুশীলনের কীভাবে বিয়োগগুলো করতে হবে শিক্ষার্থীরা কি বুঝতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি পূর্বাপেক্ষা দ্রুত ও সঠিকভাবে বিয়োগ করতে পেরেছে?

২। লিজার ৮টি খেলনা ছিল। সে ছোট বোনকে ৩টি খেলনা দিল। এখন তার কাছে কয়টি রইল?

৩। একটি গাছে ৬টি পাখি বসেছিল। ২টি পাখি উড়ে গেল। কয়টি পাখি রইল?

৪। একটি শ্রেণিকক্ষে ৮ জন ছাত্র-ছাত্রী বসে আছে। তাদের মধ্যে ৩ জন ছাত্রী। শ্রেণিকক্ষে কতজন ছাত্র আছে?

৫। খালি ঘর পূরণ করি।


(১) ৫ – ☐ = ২ 

(২) ৭ – ☐ = ৩ 

(৩) ☐ – ৪ = ২ 

(৪) ☐ – ৫ = ৪ 

৬। ৫ - ২ এর জন্য একটি গল্প তৈরি করো।



# ৮. বিয়োগের ধারণা

**৮.৫ নিজে করি** (পৃষ্ঠা ৫০)

**শিখনফল**

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যাঃ ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ১০ পর্যন্ত বিয়োগের ফ্ল্যাশ কার্ড (যত বেশি সম্ভব তৈরি করবেন)

**শিখন শেখানো কার্যাবলি**

[ ১ম পাঠ ]

১. ফ্ল্যাশ কার্ডের মাধ্যমে ১০ পর্যন্ত বিয়োগের পূর্বপাঠ পুনরালোচনা করুন। বিয়োগের ধারণা আরও সুসংহত করতে ফ্ল্যাশ কার্ড ব্যবহার করুন।

২. শিক্ষার্থীদের ৪৯ নং পৃষ্ঠার ২য় অনুশীলটি দেখতে বলুন এবং নিম্নোক্ত কাজগুলো করুন (১) সবাইকে সাথে নিয়ে সমস্যাটি পড়ুন এবং সবাই সমস্যাটি বুঝতে পেরেছে কি না যাচাই করুন। (২) ৮টি খেলনা সহ একটি বালিকা ও খেলনা ছাড়া আর একটি বালিকার ছবি বোর্ডে আঁকুন। (৩) প্রশ্নটি কী তা জিজ্ঞেস করুন এবং তার উত্তর দিতে বলুন। (৪) নিজেদের খাতায় " – " ও" = " চিহ্ন ব্যবহার করে বিয়োগটি লিখতে বলুন।

৩. অনুশীলনী ২-এর মতো করে অনুশীলনী ৩-এর সমাধানটি করতে শিক্ষার্থীদের উৎসাহ দিন। এরপর একই ভাবে ৪র্থ অনুশীলনীটি সমাধান করুন। দ্রষ্টব্য এই ধাপে শিক্ষার্থীরা অনেক ক্ষেত্রে প্রশ্নটি পড়তে পারবে না, তাই প্রশ্নটিতে কী বলেছে মাঝে মাঝে সেটি ছবির মাধ্যমে বুঝিয়ে দিন।

৪. ৫ নং অনুশীলনীটি বাড়ির কাজ দিন।

[২য় পাঠ]

৫. ৫নং অনুশীলনীটির ডান পাশের ছবির সহযোগিতা নিয়ে কীভাবে খালি ঘরের সংখ্যাটি বের করতে হবে, সেটি শিক্ষার্থীদের বুঝতে সহযোগিতা করুন।

৬. "৫-২" বিয়োগটিকে গল্পের আকারে প্রকাশ করতে শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করুন এবং তার পাশের সহপাঠীকে এই রকম একটি সমস্যা তৈরি করে দিতে বলুন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।

**মুল্যায়ন**


১. শিক্ষার্থীরা কি লিখার সমস্যাটিকে বিয়োগ হিসেবে চিহ্নিত করতে পেরেছে?

২. শিক্ষার্থীরা কি বিয়োগটি সঠিকভাবে সমাধান করতে পেরেছে?

৩. শিক্ষার্থীরা কি গল্পের আকারে বিয়োগের সমস্যা তৈরী করতে পেরেছে?

## ৯. নিজে করি

১। ছবি গণনা করি ও খালি জায়গায় সংখ্যা লিখি :



২। মাঝের সংখ্যা লিখি।

| ৩ | | ৫ |
|---|---|---|

| ৬ | | ৮ |
|---|---|---|

| ৮ | | ১০ |
|---|---|---|

৩। পরের সংখ্যা লিখি।

| ২ | |
|---|---|

| ৫ | |
|---|---|

| ৬ | |
|---|---|

| ৯ | |
|---|---|

৪। আগের সংখ্যা লিখি।

| | ৪ |
|---|---|

| | ৭ |
|---|---|

| | ৩ |
|---|---|

| | ১০ |
|---|---|

৫। সংখ্যাগুলো ছোট থেকে বড় সাজাই।

| ৮, ৬, ৩, ৫ | | ১, ৪, ৯, ২ | |
|---|---|---|---|

৬। সংখ্যাগুলো বড় থেকে ছোট সাজাই

| ২, ৬, ৪, ৭ | | ৩, ৮, ৫, ১ | |
|---|---|---|---|





৭। যোগ করি

(১) ২ + ৪ (২) ৩ + ০ (৩) ৪ + ১ (৪) ০ + ৫

(৫) ৬ + ২ (৬) ৩ + ৭ (৭) ৫ + ৪ (৮) ১ + ৯

(৯) ৪ + ৪ (১০) ৫ + ৫ (১১) ২ + ৮ (১২) ০ + ০

৮। বিয়োগ করি

(১) ৪ – ১ (২) ৩ – ২ (৩) ২ – ১ (৪) ৬ – ৩

(৫) ৭ – ৪ (৬) ৩ – ০ (৭) ৯ – ৭ (৮) ৮ – ২

(৯) ৭ – ৭ (১০) ০ – ০ (১১) ১০ – ৫ (১২) ১০ – ৮

৯। রনির গল্পের বই আছে ৫টি। বুমির গল্পের বই আছে ৩টি। তাদের একত্রে কয়টি গল্পের বই আছে?

১০। বিনির ৮টি পেনসিল ছিল। তার বাবা তাকে আরও ২টি পেনসিল দিলেন। বিনির কয়টি পেনসিল হলো?

১১। ৬ এর সাথে কত যোগ করলে ৯ হবে? ৬ + ☐ = ৯

১২। মণির জবা গাছে ৭টি ফুল ফুটেছে। সে ৩টি ফুল ভাইকে দিল। গাছে কয়টি ফুল রইল?

১৩। টমাস ৫টি মাছ ধরেছে। কবিতা ৭টি মাছ ধরেছে। কে বেশি মাছ ধরেছে? কয়টি বেশি ধরেছে?

১৪। ৮ থেকে কত বিয়োগ করলে ৪ হবে? ৮ – ☐ = ৪

## ৯. নিজে করি

**শিখনফল** **পৃষ্ঠা ৫১-৫২**

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৭.১.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যেকোনো দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে ও লিখতে পারবে।
৭.২.১ ১ থেকে ১৯ পর্যন্ত সংখ্যার ক্রমিক ধারণা লাভ করবে এবং ছোট থেকে বড় ও বড় থেকে ছোট মানের সংখ্যাগুলো ক্রমানুসারে সাজাতে ও লিখতে পারবে।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।
১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যা : ৪**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন শেখানোকার্যাবলি**

**[১ম - ৪র্থ পাঠ]**

১. শিক্ষার্থীদের ৫১ ও ৫২ নং পৃষ্ঠা খুলতে বলুন।
২. এই অধ্যায়ের সমস্যাগুলো শিক্ষার্থীদের খাতায় সমাধান করতে বলুন। অনুশীলনের সময় শিক্ষার্থীদের সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন।
৩. অনুশীলনটি শেষ হলে, কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তর বোর্ডে লিখতে বলুন এবং যাচাই করুন। অন্যান্য শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডের সাথে মেলাতে বলুন।
৪. শিক্ষার্থীরা যে প্রশ্নটির সমাধানে সবচেয়ে বেশি ভুল করেছে, সেই প্রশ্নটির ওপর বেশি গুরুত্ব দিন। ঐ সমস্যাগুলো বিষদভাবে ব্যাখ্যা করে শিক্ষার্থীদের বুঝিয়ে দিন। শিক্ষার্থীরা সংখ্যার মৌলিক ধারণা এবং যোগ ও বিয়োগের উপর গাণিতিক দক্ষতা অর্জন করতে পেরেছে কি না নিশ্চিত হোন।


**মূল্যায়ন**

১. পাঠের মানোন্নয়নেয় জন্য এই অধ্যায়টি “গঠনমূলক মূল্যায়ন” বা “সামষ্টিক মূল্যায়ন” এর ক্ষেত্রে ব্যবহার করতে পারেন।

## অতিরিক্ত অনুশীলন

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭+১ | ৪+৩ | ২+৬ | ৭+৩ | ৫+২ | ৬+২ | ১+৮ | ৬+৪ | ৪+৫ | ৫+০ |
| ২+৭ | ৩+২ | ৫+৫ | ১+৬ | ২+৪ | ৯+০ | ৬+০ | ০+৮ | ০+৭ | ০+০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪-২ | ৮-৭ | ৪-৩ | ৯-৬ | ৩-১ | ৬-৩ | ৭-৫ | ৯-৮ | ১০-১ | ৬-৬ |
| ১০-৪ | ৭-৩ | ১০-৩ | ৭-৪ | ৪-২ | ৭-৭ | ৩-৩ | ৮-০ | ৪-০ | ২-০ |




# ১০. যোগ ও বিয়োগ (০ থেকে ১০)

কার্ড ৩টি ব্যবহার করে যোগ ও বিয়োগ তৈরি করো।

২ ৬ ৮

২ + ৬ = □     ৬ + □ = □

৮ − ৬ = □     □ − ২ = ৬






১ কার্ড ৩টি ব্যবহার করে যোগ ও বিয়োগ তৈরি করি।

২ ৩ ৫

□ + ২ = □     □ + □ = □

□ − □ = ২     □ − □ = ৩

২ কার্ড ৩টি ব্যবহার করে যোগ ও বিয়োগ তৈরি করি।

৩ ৬ ৯     ২ ৮ ১০

# ১০. যোগ ও বিয়োগ (০-১০)

**১১.১ সংখ্যা : ১১ থেকে ২০** (পৃষ্ঠা ৫৩)

**শিখনফল**

১১.১.১ যোগ ও বিয়োগ প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে। (সর্বোচ্চ ৫০ পর্যন্ত এবং উত্তর সর্বোচ্চ ৫০পর্যন্ত)

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:**পাঠ্যপুস্তক, পৃথকভাবে ২, ৩, ৫, ৬, ৮, ৯ ও ১০ লেখা কার্ড।

**শিখন শেখনোকার্যাবলি**

**[ ১ম ও ২য় পাঠ ]**

১. শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিন এবং পাঠ্যবইয়ের ৫৩ নং পৃষ্ঠা খুলতে বলুন ও ওপরের অংশের ১ম কাজটি পড়তে বলুন।

২. শিক্ষার্থীদের প্রশ্নটি পড়ে শোনান এবং কাজটি সমাধান করার প্রক্রিয়াটি ব্যাখ্যা করুন। বইয়ে যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন এবং শিক্ষার্থীদের প্রশ্নটি সমাধান করতে বলুন।

৩. এরপর প্রত্যেক দলকে এক সেট করে কার্ড দিন এবং ২, ৬, ও ৮ লেখা কার্ড ব্যবহার করে দলে কাজটি করতে বলুন। শিক্ষার্থীদের যোগ ও বিয়োগের বিভিন্ন গাণিতিক বাক্যের ধারণা তৈরিতে ও সেগুলো দলে সমাধান করতে সহযোগিতা করুন।

৪. শিক্ষার্থীদের ৫৩ নং পৃষ্ঠার মাঝের ১ম অনুশীলনটি পড়তে বলুন। আপনি নিজে জোরে জোরে শিক্ষার্থীদের পড়ে শোনান এবং সমাধানের প্রক্রিয়টি ব্যাখ্যা করে বোঝান। ১ম কাজটির মতো একই প্রক্রিয়া অনুসরণ করে সমাধানটি করুন।

৫. শিক্ষার্থীদের ৫৩ নং পৃষ্ঠার নিচের অংশের ২য় অনুশীলনটি পড়তে বলুন। আপনি নিজে জোরে জোরে শিক্ষার্থীদের পড়ে শোনান এবং সমাধানের প্রক্রিয়াটি ব্যাখ্যা করে বোঝান। ১ম কাজটির মতো একই প্রক্রিয়া অনুসরণ করে সমাধানটি করুন।


**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা সংখ্যা লেখা কার্ড ব্যবহার করে যোগ ও বিয়োগকরতে পেরেছে কি না যাচাই করুন।

২. শিক্ষার্থীরা আগ্রহের সাথে যোগ ও বিয়োগের বিভিন্ন ধরনের গাণিতিক বাক্য তৈরি করতে পেরেছে কি না যাচাই করুন।

## দেখি পারি কি না!

৮ জন যাত্রী নিয়ে বাস চলছে। বাস থামলে ৩ জন নেমে গেল এবং ৪ জন উঠল। এখন বাসে যাত্রীর সংখ্যা কত?







৩ রিয়ার ৭টি পুতুল ছিল। সে তার ভাইকে ৫টি দিল। তার বাবা তাকে আরও ৩টি কিনে দিলেন। এখন তার কয়টি হলো?

৪ রেজার ২টি চকলেট ছিল। তার মা তাকে আরও ৩টি চকলেট দিলেন। পরে চকলেটগুলো থেকে সে ৫টি খেল। এখন কতগুলো চকলেট রইল ?

# ১০. যোগ ও বিয়োগ (০ -১০)

দেখি পারি কি না! (পৃষ্ঠা ৫৪)

**শিখনফল**

১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে। (সর্বোচ্চ ৫০ পর্যন্ত এবং উত্তর সর্বোচ্চ ৫০ পর্যন্ত)

**পাঠসংখ্যা : ২**

**শিক্ষ উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের ৫৪ পৃষ্ঠায় ওপরে দেখানো ছবির মতো ৮ জন লোকের ছবিসম্বলিত কার্ড।

**শিখন শেখনো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. পূর্বপাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৫৪ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং জোরে জোরে ১ম কাজটি পড়তে বলুন। “বাসটিতে কতজন লোক আছে?” - এই প্রশ্নটি করুন এবং শিক্ষার্থীদের চিন্তা করার সুযোগ দিন। কয়েকজন শিক্ষার্থীকে তাদের ধারণাগুলো শ্রেণির সবাইক বলতে বলুন।
৩. ৫৪ নং পৃষ্ঠার উপরের অংশে দেখানো ছবির মতো কার্ড গুলো বোর্ডে রাখুন এবং সমস্যাটি কীভাবে সমাধান করবে ব্যাখ্যা করুন।
৪. এরপর সমস্যাটির গাণিতিক বাক্যটি কীভাবে তৈরির বিষয়টি শিক্ষার্থীদের চিন্তা করতে বলুন এবং গাণিতিক বাক্যটি খাতায় লিখতে বলুন। কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং তাদের ধারণাগুলো সবাইকে জানান।
৫. গাণিতিক বাক্য তৈরি করার বিষয়টি শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন। গাণিতিক বাক্যে বাম দিক থেকে ডান দিকে হিসাব করতে হয়, এই বিষয়টি শিক্ষার্থী বুঝতে পেরেছে সেটি নিশ্চিত হতে হবে।
৬. এরপর শিক্ষার্থীদের ৫৪ নং পৃষ্ঠার ১ নং থেকে ৩ নং সমস্যার সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের খাতাগুলো যাচাই করুন এবং অনুশীলনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করুন।
৭. কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তর বোর্ডে লিখতে বলুন এবং প্রত্যেকের উত্তর বোর্ডের সাথে মেলাতে বলুন।

**[২য় পাঠ]**


১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের যোগ ও বিয়োগ দুই ধরনের সমস্যাসম্বলিত একটি সমস্যা বাক্যে তৈরি করতে বলুন।
২. তাদের বাক্যের সমস্যাটি এককভাবে অথবা জোড়ায় তৈরি করতে বলুন।
৩. একজনের তৈরি করা সমস্যা অন্য জনকে দেখাতে বলুন এবং সমাধান করতে বলুন।


**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা বাম থেকে ডানে যোগ ও বিয়োগ করতে পেরেছে কি না যাচাই করুন।


# ১১. সংখ্যা (১১ থেকে ২০)


## ১১.১ সংখ্যা : ১১ থেকে ২০ পর্যন্ত








শ্রেণিকক্ষ ও বিদ্যালয়ে বিভিন্ন জিনিস আছে। কতটি করে আছে তা গণনা করো। তোমার বাড়িতে যেসব বস্তু ১৫টির মধ্যে আছে তা গণনা করবে।



# ১১. সংখ্যা (১১-২০)

## ১১.১ সংখ্যাঃ ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৫৫)

### শিখনফল

২.১.২ ১০ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির  -এ রকম ৫টি কার্ড মত দুই ধরনের ব্লকের কার্ড।  -এ রকম ৫টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

১. শিক্ষার্থীদের ৫৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ফুলগুলো গুনতে বলুন (এগারো)। নিজেও শিক্ষার্থীদের সাথে সাথে ফুলগুলো গণনা করুন।

২. এরপর শিক্ষার্থীদের ফুলগুলোর ছবির পাশের লাল বৃত্তগুলো গুনতে বলুন। এরপর একসাথে দশটি লাল বৃত্তর গ্রুপ/ দলের বিষয়টির দিকে তাদের দৃষ্টি আকর্ষণ করুন। " দশটি লাল বৃত্ত নিয়ে গঠিত কতটি দল আছে?" এবং "দল ছাড়া কতগুলো লাল বৃত্ত আছে?"- এই প্রশ্ন দুটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের উত্তর পাওয়ার পর একসাথে দশটি বৃত্তের একটি কার্ড ও একটি বৃত্তের একটি কার্ড বোর্ডে রাখুন এবং সেগুলো ব্যবহার করে "এগার" সংখ্যাটি যে একসাথে দশটি লাল বৃত্তের ১টি কার্ড ও আলাদাভাবে একটি লাল বৃত্তের কার্ডের সমন্বয়ে তৈরি বিষয়টি ব্যাখ্যা করুন। এরপর কীভাবে "এগার"-কে সংখ্যায় "১১" প্রকাশ করতে হয় সেটি ব্যাখ্যা করুন।


৩. একইভাবে "১২" থেকে "১৫" পর্যন্ত সংখ্যা গণনা করুন।


৪. শিক্ষার্থীদের বইয়ের ৫৫ নং পৃষ্ঠার নিচের অংশের কাজটি পড়তে বলুন। উল্লেখিত কাজটি ব্যাখ্যা করুন এবং শ্রেণিকক্ষের ১৫টি পর্যন্ত বিভিন্ন জিনিস গণনা করতে বলুন।


### মুল্যায়ন


১. শিক্ষার্থীরা দশের গুচ্ছের ধারণা থেকে ১১ থেকে ১৫ পর্যন্ত গণনা করতে পেরেছে কিনা যাচাই করুন।


২. শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ১৫টি পর্যন্ত বস্তু খুঁজে বের করতে পেরেছে কি না যাচাই করুন।




শ্রেণিকক্ষ ও বিদ্যালয়ে বিভিন্ন জিনিস আছে। কতটি করে আছে, তা গণনা করো। তোমার বাড়িতে যেসব বস্তু ২০টির মধ্যে আছে, তা গণনা করবে।

# ১১. সংখ্যা (১১-২০)

## ১১.১ সংখ্যা : ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৫৬)

### শিখনফল

২.১.২ ১০ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

**পাঠ সংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির  -এ রকম ২টি কার্ড মতো দুই ধরনের ব্লকের কার্ড।  -এ রকম ১০টি কার্ড








### শিখন শেখানো কার্যাবলি

১. শিক্ষার্থীদের ৫৬ নং পৃষ্ঠা খুলতে বলুন। শিক্ষার্থীদের কতগুলো খরগোশ (ষোলোটি) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন।
২. এরপর শিক্ষার্থীদের ফুলগুলোর ছবির পাশের লাল বৃত্তগুলো গুনতে বলুন। এরপর একসাথে দশটি লাল বৃত্তের গ্রুপ/ দলের বিষয়টির প্রতি তাদের দৃষ্টি আকর্ষণ করুন। "দশটি লাল বৃত্ত নিয়ে গঠিত কতটি দল আছে?" এবং "দল ছাড়া কতগুলো লাল বৃত্ত আছে?"- এই প্রশ্ন দুটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের উত্তর পাওয়ার পর একসাথে দশটি বৃত্তের একটি কার্ড ও একটি বৃত্তের একটি কার্ড বোর্ডে রাখুন এবং সেগুলো ব্যবহার করে "ষোলো" সংখ্যাটি যে একসাথে দশটি লাল বৃত্তের ১টি কার্ড ও আলাদাভাবে ছয়টি লাল বৃত্তের কার্ডের সমন্বয়ে তৈরি বিষয়টি ব্যাখ্যা করুন। এরপর কীভাবে "ষোলো"-কে সংখ্যায় "১৬" প্রকাশ করতে হয় সেটি ব্যাখ্যা করুন।
৩. একইভাবে "১৭" থেকে "২০" পর্যন্ত সংখ্যা গণনা করুন।
৪. শিক্ষার্থীদের বইয়ের ৫৬ নং পৃষ্ঠার নিচের অংশের কাজটি পড়তে বলুন। উল্লেখিত কাজটি ব্যাখ্যা করুন এবং শ্রেণিকক্ষের ২০টি পর্যন্ত জিনিস গণনা করতে বলুন।

### মুল্যায়ন

১. শিক্ষার্থীরা দশের গুচ্ছের ধারণা থেকে ১৬ থেকে ২০ পর্যন্ত গণনা করতে পেরেছে কিনা যাচাই করুন।
২. শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ২০টি পর্যন্ত বস্তু খুঁজে বের করতে পেরেছে কি না যাচাই করুন।

## গণনা করা, রং করা, পড়া ও লেখা।

| গণনা করি | সমান সংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  |  | ১১ | ১১ | ১১ |
|  |  | ১২ | ১২ | ১২ |
|  |  | ১৩ | ১৩ | ১৩ |
|  |  | ১৪ | ১৪ | ১৪ |
|  |  | ১৫ | ১৫ | ১৫ |

পরিশিষ্ট ৩ - এ সংখ্যা গণনার খেলা খেলি।

# ১১. সংখ্যা (১১ - ২০)

## ১১.১ সংখ্যা: ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৫৭)

**শিখনফল**

২.১.২ ১০ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠ সংখ্যা:** ২

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো দুই ধরনের ব্লকের কার্ড।


-এ রকম ১টি কার্ড


-এ রকম ৫টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**











**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৫৭ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং উপরের আপেলের ছবিগুলো দেখতে বলুন। শিক্ষার্থীদের কতগুলো আপেল (এগার) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন।
৩. "আমরা কীভাবে আপেলগুলোর সংখ্যাকে কার্ডের মাধ্যতে প্রকাশ করতে পারি?" - শিক্ষার্থীদের এই প্রশ্নটি করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে দেখাতে বলুন। এরপর একসাথে দশটি লাল বৃত্তের গ্রুপ/দলের বিষয়টির প্রতি তাদের দৃষ্টি আকর্ষণ করুনএবং কার্ড ব্যবহার করে সঠিক উত্তরটি বোর্ডে দেখান।
৪. "১১" সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে জোরে জোরে পড়ুন। কীভাবে "১১" সংখ্যাটি লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে "১১" লিখতে বলুন।
৫. একই ভাবে "১২" সংখাটি লিখতে শেখান।
৬. "১১" ও "১২" এর মতো করে "১৩" থেকে "১৫" পর্যন্ত লিখতে শেখান, তবে "১২"থেকে "১৫" পর্যন্ত সংখ্যার জন্য পাঠ্যপুস্তকে যতসংখ্যক আপেল আছে ততসংখ্যক বৃত্ত ভরাট করতে বলুন।
৭. এরপর শিক্ষার্থীদের ১০০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং সংখ্যা গণনার খেলটি কীভাবে খেলতে হয় ব্যাখ্যা করুন। তাদের সাথে সংখ্যা গণনার খেলাটি খেলুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ১১ থেকে ১৫ পর্যন্ত সংখ্যা গুনতে, পড়তে, রং করতে ও লিখতে পারছে কি না যাচাই করুন।

## গণনা করা, রং করা, পড়া ও লেখা।

| গণনা করি | সমান সংখ্যক রং করি | পড়ি | লিখি | |
|---|---|---|---|---|
|  |  | ১৬ | ১৬ | ১৬ |
|  |  | ১৭ | ১৭ | ১৭ |
|  |  | ১৮ | ১৮ | ১৮ |
|  |  | ১৯ | ১৯ | ১৯ |
|  |  | ২০ | ২০ | ২০ |

পরিশিষ্ট ৩ - এ সংখ্যা গণনার খেলা খেলি।

# ১১. সংখ্যা (১-২০)

## ১১.১ সংখ্যাঃ ১১ থেকে ২০ (পৃষ্ঠা ৫৮)

**শিখনফল**

২.১.২ ১০ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

**পাঠ সংখ্যাঃ ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো দুই ধরনের ব্লকের কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**


-এ রকম ১টি কার্ড

**[১ম ও ২য় পাঠ]**


-এ রকম ১০টি কার্ড

১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ৫৮ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং উপরের আপেলের ছবিগুলো দেখতে বলুন। শিক্ষার্থীদের কতগুলো আপেল (ষোলো) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন।

৩. "আমরা কীভাবে আপেল গুলোর সংখ্যাকে কার্ডের মাধ্যমে প্রকাশ করতে পারি?"- শিক্ষার্থীদের এই প্রশ্নটি করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে দেখাতে বলুন। এরপর একসাথে ১০টি লাল বৃত্তের গ্রুপ/ দলের বিষয়টির প্রতি তাদের দৃষ্টি আকর্ষণ করুন এবং কার্ড ব্যবহার করে সঠিক উত্তরটি বোর্ডে দেখান।

৪. "১৬" সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে জোরে জোরে পড়ুন। কীভাবে "১৬" সংখ্যাটি লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে "১৬" লিখতে বলুন।


৫. একই ভাবে "১৭" সংখাটি লিখতে শেখান।

৬. "১৬" ও "১৭" এর মতো করে "১৮" থেকে "২০" পর্যন্ত লিখতে শেখান, তবে "১৮" থেকে "২০" পর্যন্ত সংখ্যার জন্য পাঠ্যপুস্তকে যতসংখ্যক আপেল আছে ততসংখ্যক বৃত্ত ভরাট করতে বলুন।


৭. এরপর শিক্ষার্থীদের ১০০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং সংখ্যা গণনার খেলটি কীভাবে খেলতে হয় ব্যাখ্যা করুন। তাদের সাথে সংখ্যা গণনার খেলাটি খেলুন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ১৬ থেকে ২০ পর্যন্ত সংখ্যা গুণতে, পড়তে, রং করতে ও লিখতে পারছে কি না যাচাই করুন।



## কথায় লিখি।

| গণনা করি | পড়ি | কথায় লিখি | |
|---|---|---|---|
|  | ১ এক | এক | এক |
|  | ২ দুই | দুই | দুই |
|  | ৩ তিন | তিন | তিন |
|  | ৪ চার | চার | চার |
|  | ৫ পাঁচ | পাঁচ | পাঁচ |



# ১১. সংখ্যা (১১২০)

**১১.১ সংখ্যা: ১১ থেকে ২০** (পৃষ্ঠা ৫৯)

**শিখনফল**

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।
৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।
৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

**পাঠ সংখ্যা:২**

**শিক্ষা উপকরণ :** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো ব্লকের কার্ড।  -এ রকম ৫ টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**






১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৫৯ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং ওপরের ব্লকের ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের কতটি ব্লক (এক) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন।
৩. এরপর “১” সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে সাথে জোরে জোরে সংখ্যাটি পড়ুন। শিক্ষার্থীদের কীভাবে “১” সংখ্যাটি লিখতে হয় বোর্ডে দেখান।
৪. কীভাবে “১” কথায় (এক) লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে “এক” লিখতে বলেন।
৫. একইভাবে “২” থেকে “৫” পর্যন্ত শিক্ষার্থীদের কথায় লিখতে শেখান।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ১ খেকে ৫ পর্যন্ত কথায় গুনতে, পড়তে ও লিখতে পারল কি না যাচাই করুন।



## কথায় লিখি।

| গণনা করি | পড়ি | | কথায় লিখি | |
|---|---|---|---|---|
|  | ৬ | ছয় | ছয় | ছয় |
|  | ৭ | সাত | সাত | সাত |
|  | ৮ | আট | আট | আট |
|  | ৯ | নয় | নয় | নয় |
|  | ১০ | দশ | দশ | দশ |



# ১১. সংখ্যা (১১ - ২০)

**১১.১ সংখ্যাঃ ১১ থেকে ২০** (পৃষ্ঠা ৬০)

**শিখনফল**

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।
৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।
৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

**পাঠ সংখ্যাঃ২**

**শিক্ষা উপকরণঃ**পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মত ব্লকের কার্ড।


-এ রকম ১০টি কার্ড


**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালচনা করুন।
২. শিক্ষার্থীদের ৬০ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং ওপরের ব্লকের ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের কতটি ব্লক (ছয়) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন।
৩. এরপর "৬" সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে সাথে জোরে জোরে সংখ্যাটি পড়ুন। শিক্ষার্থীদের কীভাবে "৬" সংখ্যাটি লিখতে হয় বোর্ডে দেখান।
৪. কীভাবে "৬" কথায় (ছয়) লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে "ছয়" লিখতে বলেন।
৫. একইভাবে "৭" থেকে "১০" পর্যন্ত শিক্ষার্থীদের কথায় লিখতে শেখান।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা ৬ খেকে ১০ পর্যন্ত কথায় গুনতে, পড়তে ও লিখতে পারল কি না যাচাই করুন।



## কথায় লিখি।

| গণনা করি | পড়ি | কথায় লিখি | |
|---|---|---|---|
| | ১১ এগারো | এগারো | এগারো |
| | ১২ বারো | বারো | বারো |
| | ১৩ তেরো | তেরো | তেরো |
| | ১৪ চৌদ্দ | চৌদ্দ | চৌদ্দ |
| | ১৫ পনেরো | পনেরো | পনেরো |



# ১১. সংখ্যা (১১ - ২০)

## ১১.১ সংখ্যা : ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৬১)

### শিখনফল

২.৩.১ দশেরগুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।
৩.১.১ উপকরণ গুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।
৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।
৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।
৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির  -এ রকম ১ টি কার্ড
মত দুই ধরনের ব্লকের কার্ড।  -এ রকম ৫ টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

**[১ম ও ২য় পাঠ]**


১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৬১ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং ওপরের ব্লকের ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের কতটি ব্লক (এগার) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন। শিক্ষার্থীদের ১০-এর দলটির উপর মনোযোগ দিতে বলুন।।
৩. এরপর "১১" সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে সাথে জোরে জোরে "১১" সংখ্যাটি পড়ুন। শিক্ষার্থীদের কীভাবে "১১" সংখ্যাটি লিখতে হয় বোর্ডে দেখান।
৪. কীভাবে "১১" কথায় (এগার) লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে "এগার" লিখতে বলেন।
৫. একইভাবে "১২" থেকে "১৫" পর্যন্ত শিক্ষার্থীদের কথায় লিখতে শেখান।


### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা ১১ খেকে ১৫ পর্যন্ত কথায় গুনতে, পড়তে ও লিখতে পারল কি না যাচাই করুন।



## কথায় লিখি।

| গণনা করি | পড়ি | কথায় লিখি | |
|---|---|---|---|
|  | ১৬ ষোলো | ষোলো | ষোলো |
|  | ১৭ সতেরো | সতেরো | সতেরো |
|  | ১৮ আঠারো | আঠারো | আঠারো |
|  | ১৯ উনিশ | উনিশ | উনিশ |
|  | ২০ বিশ | বিশ | বিশ |



# ১১. সংখ্যা (১১-২০)

## ১১.১ সংখ্যা : ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৬২)

**শিখনফল**

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।
৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।
৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।
৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

**পাঠসংখ্যা :** ২

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মত দুই ধরনের ব্লকের কার্ড।


-এ রকম ১টি কার্ড


-এ রকম ১০টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**


**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালো চনা করুন।
২. শিক্ষার্থীদের ৬২ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং ওপরের ব্লকের ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের কতটি ব্লক (ষোলো) আছে গুনতে বলুন এবং নিজেও তাদের সাথে গণনা করুন। শিক্ষার্থীদের ১০-এর দলটির উপর মনোযোগ দিতে বলুন।
৩. এরপর "১৬" সংখ্যাটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের সাথে সাথে জোরে জোরে "১৬" সংখ্যাটি পড়ুন। শিক্ষার্থীদের কীভাবে "১৬" সংখ্যাটি লিখতে হয় বোর্ডে দেখান।
৪. কীভাবে "১৬" কথায় (ষোলো) লিখতে হয় তা বোর্ডে দেখান এবং শিক্ষার্থীদের নিজেদের বইতে "ষোলো" লিখতে বলেন।
৫. একইভাবে "১৭" থেকে "২০" পর্যন্ত শিক্ষার্থীদের কথায় লিখতে শেখান।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ১৭ খেকে ২০ পর্যন্ত কথায় গুনতে, পড়তে ও লিখতে পারল কি না যাচাই করুন।

## নিচে কতগুলো ব্লক আছে?



# ১১. সংখ্যা (১১-২০)

## ১১.১ সংখ্যাঃ ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৬৩)

### শিখনফল

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।
৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।
৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।
৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

**পাঠসংখ্যা : ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মত দুই ধরনের ব্লকের কার্ড।


-এ রকম ২টি কার্ড


-এ রকম ১০টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালো চনা করুন।
২. পাঠ্যপুস্তকের মতো করে ১০টি ব্লক কার্ডের একটি দল এবং দুইটি আলাদা ব্লক কার্ড বোর্ডে রাখুন। “এখানে ১০টি ব্লকের কয়টি দল আছে?” -এই প্রশ্নটি করুন এবং শিক্ষার্থীদের প্রশ্নটির উত্তর বের করতে সহযোগিতা করুন। ১০-এর দলের কার্ডের নিচে “১০” লিখুন। “দল ছাড়া কতগুলো ব্লক আছে?”- এরপর এই প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং বাকি ব্লক কার্ডগুলোর নিচে “২” লিখুন।
৩. “একসাথে কতগুলো ব্লক আছে?”– এরপর এই প্রশ্নটি করন এবং শিক্ষর্থীদের উত্তর বের করতে সহযোগিতা করুন। “১০” ও “২” এর নিচে “১২” লিখুন এবং সংখ্যা গণনার বিষয়টি কীভাবে চিন্তা করতে হয় সেটি ব্যাখ্যা করুন।
৪. এরপর “১২” সংখ্যাটি নিচে কথায় (বারো) লিখুন।
৫. পরবর্তী প্রশ্নটির জন্যও কাজের মাধ্যমে একই পদ্ধতি ব্যবহার করুন।

### মূল্যায়ন

১. ১০ এর দলের ধারণার মাধ্যামে শিক্ষার্থীরা ব্লকের সংখ্যা গণনা করতে পারল কি না যাচাই করুন।
২. কার্যক্রমে শিক্ষার্থীরা সংখ্যাটি অঙ্কে ও কথায় লিখতে পারল কি না যাচাই করুন।



## খালি ঘর পূরণ করি :

ছোট থেকে বড়

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | → | | → | ১৩ | → | ১৪ | → | |
| | | | | | | | | ↓ |
| | ← | ১৯ | ← | | ← | ১৭ | ← | |

বড় থেকে ছোট

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | → | ১৯ | → | | → | | → | ১৬ |
| | | | | | | | | ↓ |
| | ← | ১২ | ← | | ← | ১৪ | ← | |

মাঝের সংখ্যাটি লিখি

| | | |
|---|---|---|
| ১৭ | | ১৯ |
| ১৬ | | ১৮ |

| | | |
|---|---|---|
| ১০ | | ১২ |
| ১২ | | ১৪ |

পরের সংখ্যাটি লিখি

| | |
|---|---|
| ১৪ | |
| ১৯ | |
| ১৭ | |
| ১২ | |
| ১০ | |

আগের সংখ্যাটি লিখি

| | |
|---|---|
| | ১৮ |
| | ১৩ |
| | ১৫ |
| | ১২ |
| | ২০ |



# ১১. সংখ্যা (১১-২০)

## ১১.১ সংখ্যা : ১১ থেকে ২০

(পৃষ্ঠা ৬৪)

**শিখনফল**

২.১.২ ১০ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

**পাঠসংখ্যা:** ২

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।


**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৬৪ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং প্রথম কাজটি ব্যাখ্যা করুন।
৩. শিক্ষার্থীদের সমস্যাটি নিজেদের খাতায় সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের এই অনুশীলনটি করার সময় বইয়ের প্রথম কাজটির মতো বোর্ডে একটি ছক আঁকুন। শিক্ষর্থীদের অনুশীলনে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন।
৪. অনুশীলনটি শেষ হলে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডের ছকে লিখতে বলুন। তাদের উত্তরগুলো অন্য শিক্ষার্থীদের সাথে যাচাই করুন।
৫. শিক্ষার্থীদের কাছে ২য় কাজটি ব্যাখ্যা করুন এবং নিজেদের খাতায় সমস্যার সমাধানটি করতে বলুন। শিক্ষার্থীদের এই অনুশীলনটি করার সময়, বইয়ের দ্বিতীয় কাজটির মতো বোর্ডে একটি ছক আঁকুন। শিক্ষর্থীদের অনুশীলনে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন।
৬. অনুশীলনটি শেষ হলে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডের ছকে লিখতে বলুন। তাদের উত্তরগুলো অন্য শিক্ষার্থীদের সাথে যাচাই করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা সংখ্যার ধারাবাহিকতা অনুমান করে সঠিক সংখ্যাটি বোর্ডের ছকে পূরণ করতে পারল কি না যাচাই করুন।




## ১ নিজে করি

বড় সংখ্যাটি গোল করি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫ | (১৮) | ১৪ | ১১ | ১৬ | ১৯ |
| ১৩ | ১২ | ২০ | ১৭ | ১১ | ২০ |

## ২ উপরের মতো সমস্যা তৈরি করি। সহপাঠীকে জিজ্ঞেস করি :


## ৩ সংখ্যা সাজাই



| | সংখ্যা | ছোট থেকে বড় | বড় থেকে ছোট |
|---|---|---|---|
| | ১১, ১৮, ১৯, ১৪, ১৫ | ১১, ১৪, ১৫, ১৮, ১৯ | ১৯, ১৮, ১৫, ১৪, ১১ |
| (১) | ১৬, ২০, ১৩, ১২, ১৭ | | |
| (২) | ১৮, ১৩, ১৫, ২০, ১১ | | |
| (৩) | ১২, ৯, ১৩, ১৫, ৪ | | |
| (৪) | ১৪, ৮, ০, ২০, ১৭ | | |

## ৫ সংখ্যা লাইন থেকে সংখ্যা খুঁজি




(১) ১৬ থেকে ৩ বেশি সংখ্যাটি কত ? (২) ১২ থেকে ৪ কম সংখ্যাটি কত ?

# ১১. সংখ্যা (১১-২০)

**১১.১ নিজে করি** (পৃষ্ঠা ৬৫)

**শিখনফল**

২.১.১ ১ থেকে ৯ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে।

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে

**পাঠসংখ্যা:২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম ও ২য় পাঠ]**

১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৬৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং প্রথম কাজটি ব্যাখ্যা করুন।
৩. শিক্ষার্থীদের সমস্যাটি নিজেদের খাতায় সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের এই অনুশীলনটি করার সময়, বইয়ের প্রথম কাজটির মতো বোর্ডে একটি ছক আঁকুন। শিক্ষর্থীদের অনুশীলনে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন। অনুশীলনটি শেষ হলে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডের ছকে লিখতে বলুন। তাদের উত্তরগুলো অন্য শিক্ষার্থীদের সাথে যাচাই করুন।
৪. শিক্ষার্থীদের কাছে ২য় কাজটি ব্যাখ্যা করুন এবং নিজেদের খাতায় সমস্যার সমাধানটি করতে বলুন। শিক্ষার্থীদের এই অনুশীলনটি করার সময় বইয়ের দ্বিতীয় কাজটির মতো বোর্ডে একটি ছক আঁকুন। শিক্ষর্থীদের অনুশীলনে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন। অনুশীলনটি শেষ হলে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডের ছকে লিখতে বলুন। তাদের উত্তরগুলো অন্য শিক্ষার্থীদের সাথে যাচাই করুন।
৫. ২য় ও ৩য় কাজে গুলোর জন্যও একই পদ্ধতি ব্যাখ্যা করুন।

**মুল্যায়ন**


১. সংখ্যার সমস্যাগুলো শিক্ষার্থীরা আগ্রহের সাথে সমাধান করতে পারছে কি না যাচাই করুন।

# ১২. যোগ

## ১২.১ যোগ

মিঠুর ১২টি পেনসিল ছিল। বাবা তাকে আরও ৪টি পেনসিল দিলেন। মিঠুর কতগুলো পেনসিল হলো ?

১২ + ৪ = ☐



**১** যোগ করি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) | ১২ + ২ | (২) | ১২ + ৫ | (৩) | ১২ + ৭ |
| (৪) | ১১ + ১ | (৫) | ১৪ + ৩ | (৬) | ১৫ + ১ |
| (৭) | ৬ + ১২ | (৮) | ১ + ১৮ | (৯) | ৩ + ১৪ |
| (১০) | ১০ + ৪ | (১১) | ১০ + ৮ | (১২) | ৫ + ১০ |

**২** মাইশার জন্মদিনে তাদের বাড়িতে ১৩ জন বন্ধু এবং ৫ জন আত্মীয় এসেছিল। জন্মদিনে তাদের বাড়িতে মোট কতজন অতিথি এসেছিল ?

**৩** ঝড়ে অপুদের বাড়ির আমগাছ থেকে আম পড়ল। অপু ৬টি আম এবং তার বোন ১১টি আম কুড়িয়ে পেল। তারা একত্রে কতগুলো আম পেল ?

**৪** ছবি আঁকার জন্য রফিকের ১০টি রং পেনসিল ছিল। সে দোকান থেকে আরও ৯টি রং পেনসিল কিনল। তার কতগুলো রং পেনসিল হলো?

# ১২. যোগ

## ১২.১ যোগ (পৃষ্ঠা ৬৬)

### শিখনফল

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।
৯.৩.২ সংখ্যা বিনিময়ে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠ সংখ্যা:৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মত দুই ধরনের ব্লকের কার্ড।


-এ রকম ১টি কার্ড


-এ রকম ৭টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

**[১ম পাঠ]**

১. “একটি ছেলের কাছে তিনটি ফুল আছে, একটি মেয়ে তাকে আরও চারটি ফুল দিল। তার কতগুলো ফুল হল?”-শিক্ষার্থীদের কাছে এই প্রশ্নটি করুন। কার্ড ব্যবহার করে কীভাবে সমস্যাটি সমাধান করা য়ায় শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন।

২. পাঠ্যপুস্তকের প্রথম কাজটি পড়ে শোনান। “তোমরা কীভাবে যোগ অঙ্কটি তৈরি করবে?”- এই প্রশ্নটি করুন ও তাদের চিন্তা করতে দিন। কয়েকজন শিক্ষার্থীকে যোগটি বোর্ডে লিখতে বলুন। সবশেষে নিজে বোর্ডে “১২+৪”-এই যোগটি লিখুন।

৩. ৬৬ নং পৃষ্ঠার ১ম কাজটিতে যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন। কীভাবে (১২+৪) যোগটি সমাধান করতে হয় কার্ডেগুলোর সাহায্যে বোর্ডে ব্যাখ্যা করুন।

৪. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৬৬ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং নিজেদের খাতায় অনুশীলনীর প্রথম সমস্যাটি সমাধান করতে বলুন। সমাধানটি করার পর কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং শ্রেণির সবাইকে উত্তরগুলো মেলাতে বলুন।

**[২য় পাঠও ৩য় পাঠ]**

১. নিম্নোক্ত নিয়মে ২ থেকে ৪ পর্যন্ত সমস্যাগুলো শিক্ষার্থীদের নিজেদের খাতায় সমাধান করতে বলুন। ১) যোগ অঙ্কটি লিখো ২) যোগটি হিসাব কর ৩) উত্তরটি লিখো। সমস্যাগুলো সমাধানের পর কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন। শ্রেণির অন্য সবাইকে উত্তরগুলো মেলাতে বলুন।

২. শিক্ষার্থীদের এককভাবে অতিরিক্ত সমস্যাগুলো সমাধান করতে দিন।

৩. শিক্ষার্থীদের একত্রে উত্তরগুলো মেলাতে বলুন এবং সহযোগিতা করুন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১+১ | ১৩+১ | ১২+১ | ১১+৫ | ১১+৬ | ২+১৩ | ৫+১২ | ৩+১৩ | ২+১৪ | ৪+১৩ |
| ১৭+১ | ১৬+৩ | ১৪+৪ | ১২+৭ | ১৫+৪ | ১+১৮ | ৯+১১ | ৩+১৭ | ৫+১৫ | ৮+১২ |

### মুল্যায়ন

১. নিয়ম অনুযায়ী শিক্ষার্থীরা যোগের হিসাবটি করতে পেরেছে কি না যাচাই করুন।

## ১২.২ যোগ

বড় গাছে ৯টি ডালিম ও ছোট গাছে ৪টি ডালিম আছে।



একত্রে কতগুলো ডালিম আছে ?

□ + □








# ১২. যোগ

## ১২.২ যোগ (পৃষ্ঠা ৬৭)

### শিখনফল

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।

৯.৩.২ সংখ্যা বিনিময়ে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।

১১.১.১ যোগ ও বিয়োগ - প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ১৩ টি ডালিমের ছবি সম্বলিত কার্ড।

### শিখন শেখানো কার্যাবলি

১. পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৬৭ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং উপরের ছবিটি দেখতে বলুন। "ছবিতে মোট কতগুলো ডালিম আছে?"- এই মূল প্রশ্নটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন।


৩. "বাম দিকের গাছটিতে কতগুলো ডালিম আছে?" ও "ডান দিকের গাছটিতে কতগুলো ডালিম আছে?"- এই প্রশ্ন দুটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন এবং সমাধান বের করতে সহযোগিতা করুন। এরপর " গাণিতিক বাক্যে সমস্যাটি কীভাবে লিখবে? "– এই প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং তাদের এ বিষয়ে চিন্তা করতে দিন। কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে গাণিতিক বাক্যটি লিখতে বলুন। শ্রেণির সবাইকে উত্তরটি জানান এবং বোর্ডে "৯+৪" যোগটি লিখুন।


৪. এরপর, নিজেরা কীভাবে খাতায় যোগের হিসাবটি করবে সে ব্যাপারে চিন্তা করতে দিন ও তাদের অনুশীলনে সহযোগিতা করুন।

৫. সমস্যাটি সমাধানের ব্যাপারে শিক্ষার্থীদের ধারণাগুলো বলতে বলুন এবং শ্রেণি আলোচনা শুরু করুন।

### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা পরস্পরের সাথে নিজেদের ধারণাগুলো বিনিময় করতে পারছে কি না যাচাই করুন।




৯ + ৪ = ☐

## কীভাবে ৯ + ৪ যোগ করি


[১] ৯ কে ১০ বানাতে আর ১ প্রয়োজন।

[২] ৪ ভেঙে ১ ও ৩ করা যায়।

[৩] ৯ এর সাথে ৪ হতে ১ নিয়ে ১০ তৈরি করা যায়।

[৪] ৪ থেকে ১ চলে যাওয়ায় ৩ রইল।

[৫] ১০ ও ৩ নিয়ে ১৩ হয়।



# ১২. বিয়োগ

## ১২.২ বিয়োগ (পৃষ্ঠা ৬৮)

**শিখনফল**

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।

৯.৩.২ সংখ্যা বিনিময়ে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।

১১.১.১ যোগ ও বিয়োগ- প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো ব্লকের কার্ড।  -এ রকম ১৩টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

১. পাঠ শুরুর পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিন।
২. যোগের "৯+৪" ধারণাটি মনে করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন।
৩. ৬৮ নং পৃষ্ঠার মাঝের অংশে যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন এবং "আমরা কীভাবে ১০টি কার্ডের সেট বানাতে পারি?"- এই প্রশ্নটি করুন যাতে ১০টি সেটের ধারনা বুঝতে পারে।
৪. এরপর "৯+৪" যোগটি থেকে ১০টি কার্ডের সেট বানানোর একটি সহজ নিয়ম সংক্ষেপে দেখান।
৫. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকে ৬৮ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং পৃষ্ঠার নিচের অংশে দেখতে বলুন। এরপর বোর্ডে দেখানো নিয়ম অনুযায়ী "৯+৪" হিসাবটির মূল ধারণাগুলো ব্যাখ্যা করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা যোগ করার মৌলিক উপায়গুলো বোঝতে পেরেছে কি না যাচাই করুন।

## তুমি কীভাবে ৮ + ৩ হিসাব করবে ?


৮ কে ১০ বানাতে______প্রয়োজন।

৩ কে ভেঙে ২ ও ______ করা যায়।

৮ এর সাথে ৩ হতে______ নিয়ে ১০ করা যায়।

৩ থেকে______ চলে যাওয়ায় ১ রইল।

১০ ও______ নিয়ে ______হয়।



### ১ যোগ করি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) | ৯ + ৫ | (২) | ৯ + ৭ | (৩) | ৯ + ৮ |
| (৪) | ৮ + ৪ | (৫) | ৮ + ৫ | (৬) | ৮ + ৬ |
| (৭) | ৬ + ৫ | (৮) | ৭ + ৮ | (৯) | ৫ + ৭ |
| (১০) | ৭ + ৭ | (১১) | ৬ + ৬ | (১২) | ৮ + ৮ |
| (১৩) | ৩ + ৮ | (১৪) | ২ + ৯ | (১৫) | ৯ + ৯ |

**২** মাঠে ৬ জন করে ২টি দলে হাডুডু খেলছে। মোট কতজন খেলছে ?

**৩** এক কাঁদিতে ৮টি কলা ও অন্য কাঁদিতে ৯টি কলা আছে। মোট কলার সংখ্যা কত ?

**৪** ৬ + ৭ এর জন্য একটি গল্প তৈরি করো।

# ১২. যোগ

## ১২.২ যোগ (পৃষ্ঠা ৬৯)

### শিখনফল

৯.৩.১ সংখ্যা বিনিময় করে উপকরণের সাহায্যে যোগ করতে পারবে।
৯.৩.২ সংখ্যা বিনিময়ে যোগফল কত হয় তা বলতে ও লিখতে পারবে।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা ওপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠ সংখ্যাঃ ৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মত ব্লকের কার্ড।  -এ রকম ১১ টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

**[১ম পাঠ]**

১. যোগের "৯+৪" ধারণাটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকে ৬৯ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং উপরের কাজগুলো দেখতে বলুন। "(৮+৩)-এই যোগটি আমরা কীভাবে হিসাব করতে পারি?"-এই প্রশ্নটি করুন এবং পূর্বের "৯+৪" সমাধানটির মতো করে "৮+৩" হিসাবটি করার বিভিন্ন উপায় চিন্তা করতে দিন। এরপর শিক্ষার্থীদের "৮+৩" হিসাবটি যোগ করার নিয়ম অনুযায়ী নিজেদের খাতায় সমস্যাটি সমাধান করতে বলুন।
৩. অনুশীলনটি করার পর, শিক্ষার্থীদের নিয়ম অনুযায়ী সমাধানটির ব্যাখ্যা শ্রেণির সবাইকে জানাতে বলুন। এরপর ৬৯ নং পৃষ্ঠার মতো কার্ডগুলো বোর্ডে রাখুন এবং সেগুলো ব্যবহার করে "৮+৩" হিসাবটি করার নিয়ম দেখিয়ে দিন।
৪. একই নিয়মে এই পৃষ্ঠার এক থেকে চার পর্যন্ত অনুশীলনী সমাধান করতে বলুন এবং তাদের সাহায্য করুন।
৫. এরপর, শিক্ষার্থীদের তাদের সমাধান বোর্ডে লিখতে বলুন এবং শ্রেণির প্রত্যেকের সাথে এক এক করে উত্তরটি যাচাই করুন।

**[২য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর নিচের অতিরিক্ত যোগের সমস্যাগুলো সমাধান করতে দিন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯+৬ | ৯+৪ | ৯+৭ | ৯+৫ | ৯+৮ | ৭+৫ | ৭+৪ | ৭+৮ | ৭+৭ | ৭+৯ |
| ৮+৩ | ৮+৭ | ৮+৮ | ৮+৯ | ৮+৪ | ৬+৭ | ৬+৫ | ৬+৯ | ৬+৮ | ৬+৬ |

**[৩য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর নিচের অতিরিক্ত যোগের সমস্যাগুলো সমাধান করতে দিন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫+৭ | ৩+৯ | ৪+৭ | ৩+৮ | ২+৯ | ৯+৯ | ৮+৮ | ৭+৭ | ৬+৬ | ৭+৮ |
| ৫+৮ | ৪+৮ | ৪+৯ | ৫+৯ | ৫+৬ | ৬+৯ | ৮+৯ | ৭+৯ | ৬+৮ | ৯+৭ |


### মূল্যায়ন

১. বিভিন্নভাবে ১০ তৈরির যোগটি সবাই সঠিকভাবে করতে পারল কি না যাচাই করুন।

## দেখি পারি কি না!

রানুর বাগানে তিনটি গোলাপ গাছ আছে। একটিতে ৫টি, আরেকটিতে ৩টি ও অন্যটিতে ৬টি গোলাপ ফুল ফুটেছে। বাগানে মোট কয়টি গোলাপ ফুল ফুটেছে ?

৫ + ৩ + ৬ = □




রমা ৭টি, সোমা ৮টি ও রিপন ৪টি লিচু খেয়েছে। তারা কতগুলো লিচু খেয়েছে ?

□ + □ + □ = □

যোগ করি :

(১) ১১ + ২ + ৩ (২) ১৩ + ১ + ৫ (৩) ২ + ৬ + ৪

(৪) ৪ + ৪ + ৪ (৫) ৫ + ৩ + ৫ (৬) ৩ + ৮ + ১

(৭) ৩ + ৯ + ৫ (৮) ৬ + ৬ + ৬ (৯) ৫ + ৫ + ৫

# ১২. বিয়োগ

## ১২.১ বিয়োগ (২) দেখি পারি কি না (পৃষ্ঠা ৭০)

**শিখনফল**

৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা পাশাপাশি যোগ করতে পারবে। (যোগফল অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো ব্লকের কার্ড।  -এ রকম ১৪টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলি**

১. যোগের পূর্বপাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৭০ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং ১ম কাজটি পড়তে বলুন। " গাণিতিক বাক্যে সমস্যাটি কীভাবে লিখবে?"– এই প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং তাদের এ বিষয়ে চিন্তা করতে দিন। কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে গাণিতিক বাক্যটি লিখতে বলুন। শ্রেণির সবাইকে উত্তরটি জানান এবং বোর্ডে "৫+৩+৬" সূত্রটি লিখুন।

৩. ৭০ নং পৃষ্ঠার মতো কার্ডগুলো বোর্ডে রাখুন এবং সেগুলো ব্যবহার করে "৫+৩+৬" হিসাবটি করার নিয়ম দেখিয়ে দিন।

৪. শিক্ষার্থীদের ২য় কাজটি দেখতে বলুন এবং তা জোরে জোরে পড়তে বলুন। গাণিতিক বাক্যটি চিন্তা করে বের করতে বলুন এবং খাতায় লিখতে বলুন। এরপর বোর্ডে "৭+৮+৪"-গাণিতিক বাক্যটি লিখুন এবং শিক্ষার্থীদের ১ম কাজটির মতো করে সমস্যাটি নিজেদের খাতায় হিসাব করতে বলুন।

৫. সমাধানটি সমাধানের পর শিক্ষার্থীর উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং এ ব্যাপারে শিক্ষার্থীদের ধারণাগুলো শ্রেণির সকলকে জানান।

৬. ১ ও ২ নং কাজের মতো করে পৃষ্ঠার নিচের অংশের সমস্যাগুলো সমাধান করতে বলুন।

৭. এরপর শিক্ষার্থীদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন এবং শ্রেণির সবার উত্তর এক এক করে যাচাই করুন।

**[২য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের যোগের অতিরিক্ত সমস্যাগুলো সমাধান করতে দিন। সমাধানের উত্তর বোর্ডে লিখতে বলুন এবং প্রত্যেক শিক্ষার্থীর উত্তর এক এক করে যাচাই করুন।

| | | | | |
|---|---|---|---|---|
| ১+২+১ | ২+৫+১ | ৩+২+১ | ৫+২+৩ | ৩+৩+৪ |
| ৫+৫+৩ | ৪+৬+২ | ৩+৭+৩ | ৮+২+৯ | ৯+১+১০ |

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ৩ অঙ্কের যোগের হিসাব সঠিকভাবে করতে পেরেছে কি না যাচাই করুন।

# ১৩. বিয়োগ

## ১৩.১ বিয়োগ


একটি বিদ্যালয়ের আলমারিতে ১৪টি বল ছিল। শিশুরা সেখান থেকে ৪টি বল নিয়ে মাঠে খেলছে। আলমারিতে আর কয়টি বল রইল ?

১৪ – ৪ = ☐



১৩টি কলা ছিল। রাজু ও রাজিয়া সেখান থেকে ১০টি খেয়েছে। কতগুলো কলা রইল ?

১৩ – ১০ = ☐



১ বিয়োগ করি :

| | | |
|---|---|---|
| (১) ১২ – ২ | (২) ১৮ – ৮ | (৩) ১৫ – ৫ |
| (৪) ১৪ – ১০ | (৫) ১৬ – ১০ | (৬) ১৯ – ১০ |
| (৭) ১৪ – ৩ | (৮) ১৮ – ৪ | (৯) ১৯ – ৭ |

২ শ্রেণিকক্ষে ১৭ জন শিক্ষার্থী বিয়োগ অঙ্ক করছে। তাদের মধ্যে ৫ জনের হিসাব ঠিক হয়নি। কতজন সঠিকভাবে বিয়োগটি করতে পেরেছে ?

# ১৩. বিয়োগ

## ১৩.১ বিয়োগ (পৃষ্ঠা ৭১)

### শিখনফল

১০.১.১ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি উপকরণ বাদ দিলে কয়টি থাকে তা বলতে পারবে।

১০.১.২ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি বাদ দিলে কয়টি থাকে তা সংখ্যায় বলতে ও লিখতে পারবে।

১০.১.৫ সংখ্যার বিয়োগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠ সংখ্যা:২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকেদেখানো ছবির  -এ রকম ৩টি কার্ড মত দুই ধরনের ব্লকের কার্ড।  -এ রকম ৪টি কার্ড

### শিখন শেখানো কার্যাবলি

**[১ম পাঠ]**

১. “তোমার পাঁচটি বেলুন ছিল, সেখান থেকে ২টি বেলুন উড়ে চলে গেল। কয়টি বেলুন বাকি রইল?”- শিক্ষার্থীদের কাছে এই প্রশ্নটি করুন। কার্ড ব্যবহার করে কীভাবে সমস্যাটি সমাধান করা যায় শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন।

২. পাঠ্যপুস্তকের প্রথম কাজটি পড়ে শোনান। “তোমরা কীভাবে বিয়োগটি তৈরি করবে?”- এই প্রশ্নটি করুন ও তাদের চিন্তা করতে দিন। কয়েকজন শিক্ষার্থীকে বিয়োগটি বোর্ডে লিখতে বলুন। সবশেষে নিজে বোর্ডে “১৪-৪”-এই বিয়োগটি লিখুন।

৩. ৭০ নং পৃষ্ঠার ১ম কাজটিতে যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন। কীভাবে বিয়োগটি (১৪-৪) সমাধান করতে হয় কার্ডেগুলোর সাহায্যে বোর্ডে ব্যাখ্যা করুন।

৪. শিক্ষার্থীদের ২য় কাজটি পড়ে শোনান এবং বিয়োগ অঙ্কটি লিখতে ও সমাধান করতে বলুন। সমাধানটি করার পর কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন এবং বোর্ডের কার্ড ব্যবহার করে সমাধানগুলো ব্যাখ্যা করতে বলুন ও তাদের সমাধানটি শ্রেণির সবাইকে জানান।

৫. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং এই পৃষ্ঠার সমস্যা দুটি সমাধান করতে বলুন

৬. শিক্ষার্থীদের সমাধানের পর সবার উত্তরগুলো যাচাই করুন।

**[২য় পাঠ]**

**১.** পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের বিয়োগের অতিরিক্ত সমস্যাগুলো সমাধান করতে দিন।


| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫-৫ | ১৪-৪ | ১৭-২ | ১৬-৪ | ১৮-৭ | ১৭-৩ | ১৯-৩ | ১৮-৭ | ১৬-৪ | ১৯-৮ |

### মূল্যায়ন

**১.** শিক্ষার্থীরা কার্ড ব্যবহার করে বিয়োগের হিসাবটি করতে পেরেছে কি না যাচাই করুন।


## ১৩.২ বিয়োগ

দোকানে ১৩টি খেলনা গাড়ি ছিল। এর মধ্য থেকে ৯টি বিক্রি হয়েছে।



দোকানে আর কয়টি খেলনা গাড়ি রইল ?

☐ − ☐



১৩টি থেকে একটি একটি করে ৯টি বাদ দিই।



আমার মনে হয় ১০ এর দল ব্যবহার করলে আরও সহজে হিসাব করা যায়।



# ১৩. বিয়োগ

## ১৩.১ বিয়োগ (পৃষ্ঠা ৭২)

### শিখনফল

১০.১.১ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি উপকরণ বাদ দিলে কয়টি থাকে তা বলতে পারবে।

১০.১.২ একগুচ্ছ উপকরণ থেকে কয়েকটি বাদ দিলে কয়টি থাকে তা সংখ্যায় বলতে ও লিখতে পারবে।

১০.১.৩ উপকরণের সাহায্যে বিয়োগ করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।

১০.১.৫ সংখ্যার বিয়োগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো কার্ড।



-এ রকম ১৩টি কার্ড

### শিখন শেখানো কাযালি

১. পাঠ শুরুর পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিন।

২. শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৭ ২ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং উপরের ছবিটি দেখতে বলুন। প্রশ্নটি পড়ে শোনান এবং " গাণিতিক বাক্যে সমস্যাটি কীভাবে লিখবে?"– এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। উত্তরগুলো জানার পর বোর্ডে "১৩-৯" বিয়োগের সমস্যাটি লিখুন।

৩. ৭২ নং পৃষ্ঠার যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন এবং দলে "১৩-৯" সমাস্যাটি সমাধানটি বের করার জন্য চিন্তা করতে বলুন। দলে আলোচনা করার পর, প্রত্যেক দলকে তাদের নিজেদের ধারনাগুলো কার্ড ব্যবহার করে বোর্ডে ব্যাখ্যা করতে বলুন। শ্রেণির সবাইকে তাদের ধারণাগুলো জানান এবং শ্রেণি আলোচনা শুরু করুন।

### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা কার্ড ব্যবহার করে নিজেদের ধারণাগুলো সহপাঠীদের কাছে বলতে পারছে কি না যাচাই করুন।

১৩ – ৯






আমরা ১০টি থেকে ৯টি
নিতে পারি, তাই নয় কি ?

যদি আমরা ১০টি থেকে ৯টি
নিই তাহলে কয়টি থাকবে ?





১৩ – ৯ = ☐


## কীভাবে ১৩ থেকে ৯ বিয়োগ করি ?

[১] ১৩ ভেঙে ১০ ও ৩ করা যায়।

[২] ১০ থেকে ৯ বিয়োগ করা যায়।

[৩] ১০ থেকে ৯ বিয়োগ করলে ১ থাকে।

[৪] ১ ও ৩ নিয়ে ৪ হয়।



# ১৩. বিয়োগ

## ১৩.১ বিয়োগ (পৃষ্ঠা ৭৩)

**শিখনফল**

১০.১.১ একগুচ্ছউপকরণ থেকে কয়েকটি উপকরণ বাদ দিলে কয়টি থাকে তা বলতে পারবে।

১০.১.২ এক গুচ্ছ উপকরণ থেকে কয়েকটি বাদ দিলে কয়টি থাকে তা সংখ্যায় বলতে ও লিখতে পারবে।

১০.১.৩ উপকরণের সাহায্যে বিয়োগ করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে।

১০.১.৫ সংখ্যার বিয়োগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যাঃ ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো র্কাড।  -এ রকম ১৩টি কার্ড

**শিখন শেখানো কার্যাবলিঃ**

**[১ম ও ২য় পাঠ]**

১. পাঠ শুরুর পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিন।
২. "১৩-৯" বিয়োগের হিসাব করার ধারনাটি মনে করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন।
৩. ৭৩ নং পৃষ্ঠার মাঝের অংশে যেভাবে দেখানো হয়েছে কার্ডগুলো সেভাবে বোর্ডে রাখুন এবং কার্ড ব্যবহার করে "১৩-৯" হিসাবটি করার সহজ একটি উপায় সংক্ষেপে বলুন।
৪. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৩ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং পৃষ্ঠার নিচের অংশে দেখতে বলুন। এরপর বোর্ডে দেখানো নিয়ম অনুযায়ী "১৩-৯" হিসাবটির মুল ধারণাগুলো ব্যাখ্যা করুন।

**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা বিয়োগ করার মৌলিক উপায়গুলো বোঝতে পেরেছে কি না যাচাই করুন।

## তুমি কীভাবে ১৪ থেকে ৮ বিয়োগ করবে ?


আমরা ১০ থেকে ৮ বিয়োগ করতে পারি।

১৪ ভেঙে ______ ও ______ করা যায়।

______থেকে ৮ বিয়োগ করলে

______থাকে।

২ ও ______ নিয়ে ______ হয়।



**১** বিয়োগ করি :

| | | |
|---|---|---|
| (১) ১৪ – ৯ | (২) ১৪ – ৬ | (৩) ১৪ – ৫ |
| (৪) ১১ – ৮ | (৫) ১১ – ৪ | (৬) ১১ – ২ |
| (৭) ১২ – ৭ | (৮) ১৩ – ৯ | (৯) ১৫ – ৬ |
| (১০) ১৮ – ৯ | (১১) ১২ – ৬ | (১২) ১৬ – ৮ |
| (১৩) ১২ – ৩ | (১৪) ১৩ – ৫ | (১৫) ১৭ – ৮ |

**২** করিমের ১৪টি লাটিম ছিল। সে ৬টি লাটিম বীথিকে দিল। করিমের কাছে কয়টি লাটিম রইল ?

**৩** এশার মা ১১টি পেয়ারা থেকে ৪টি পেয়ারা এশাকে দিলেন। মায়ের কাছে কয়টি পেয়ারা রইল ?

**৪** ১৩ - ৬ এর জন্য একটি গল্প তৈরি করো।

# ১৩. বিয়োগ

## ১৩.১ বিয়োগ (পৃষ্ঠা ৭৪)

**শিখনফল**

১০.১.৫ সংখ্যার বিয়োগকে ছবির মাধ্যমে প্রকাশ করতে পারবে।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।

**পাঠসংখ্যাঃ ৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো কার্ড।

 -এ রকম ১৮ টি কার্ড

**শিখন শেখানো কাযাবলি**

**[১ম পাঠ]**

১. বিয়োগের "১৩-৯" ধারণাটি পুনরালোচনা করুন।

২. "(১৪-৮)-এই বিয়োগটি আমরা কীভাবে হিসাব করতে পারি?"-এই প্রশ্নটি করুন এবং পূর্বের "১৩-৯" সমাধানটির মতো করে "১৪-৮" হিসাবটি করার বিভিন্ন উপায় চিন্তা করতে দিন। এরপর শিক্ষার্থীদের "১৩-৮" হিসাবটি বিয়োগ করার নিয়ম অনুযায়ী নিজেদের খাতায় সমস্যাটি সমাধান করতে বলুন।

৩. অনুশীলনটি করার পর শিক্ষার্থীদের নিময় অনুযায়ী সমাধানটি ব্যাখ্যা শ্রেণির সবাইকে জানাতে বলুন। এরপর ৭৪ নং পৃষ্ঠার মতো কার্ডগুলো বোর্ডে রাখুন এবং সেগুলো ব্যবহার করে "১৪-৮" হিসাবটি করার নিয়ম দেখিয়ে দিন।

৪. শিক্ষার্থীদের ৭৪ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং একই নিয়মে এই পৃষ্ঠার বাকি চারটি অনুশীলনী সমাধান করতে বলুন।

৫. শ্রেণির প্রত্যেকের উত্তর এক এক করে যাচাই করুন।

**[২য় পাঠ]**

১.পূর্বপাঠের পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের সমস্যাগুলো সমাধান করতে দিন।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪-৯ | ১৩-৯ | ১৫-৯ | ১৬-৯ | ১৭-৯ | ১৩-৭ | ১২-৭ | ১৫-৭ | ১৬-৭ | ১৪-৭ |
| ১৫-৮ | ১৭-৮ | ১৬-৮ | ১৪-৮ | ১২-৮ | ১৩-৬ | ১২-৬ | ১৫-৬ | ১৪-৬ | ১১-৬ |

**[৩য় পাঠ]**

১.পূর্বপাঠের পুনরালোচনারপর, শিক্ষার্থীদের নিচের সমস্যাগুলো সমাধান করতে দিন।


| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২-৩ | ১১-৩ | ১১-২ | ১১-৪ | ১২-৪ | ১৩-৬ | ১৪-৬ | ১৫-৬ | ১২-৬ | ১৪-৭ |
| ১২-৫ | ১৩-৪ | ১৩-৫ | ১৪-৫ | ১১-৫ | ১৫-৭ | ১৬-৮ | ১৭-৮ | ১৭-৯ | ১৮-৭ |

**মূল্যায়ন**


১. শিক্ষার্থীরা নিয়ম অনুসরণ করে বিয়োগের হিসাব করতে পারল কিনা যাচই করুন।

# ১৪. সংখ্যা (২১ থেকে ৫০)

রেজা ও মিনা ফুল ও আম গণনা করছে।




ছবির ফুল ও আম গণনা করো। এগুলো সহজে গণনা করার কি কোনো উপায় আছে?




ফুলের সংখ্যা

→ ১০ এর দুইটি দল ও ৪



আমের সংখ্যা

→ ১০ এর তিনটি দল

# ১৪. সংখ্যা (২১-৫০)

**শিখনফল** (পৃষ্ঠা ৭৫)

২.৩.১ দশের গুচ্ছ করে (১ থেকে ৫০ পর্যন্ত) উপকরণ গণনা করতে পারবে।

৩.১.১ উপকরণগুচ্ছের দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে (১ থেকে ৫০ পর্যন্ত)।

৩.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে।

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে

৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

১. ১১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা গণনার পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ওপরের ছবিটি দেখতে বলুন। বইয়ের কাজটি ব্যাখ্যা করুন। কতগুলো ফুল ও আম আছে তার সংখ্যাটি বের করার সহজ পদ্ধতি বের করতে বলুন এবং তাদের কাজে সহযোগিতা করুন। [মূল্যায়ন: শিক্ষার্থীরা আগ্রহের সাথে সংখ্যা গণনার সহজ পদ্ধতি খুঁজে বের করতে চেষ্টা করছে কি না যাচাই করুন।


৩. শিক্ষর্থীদের ধারণাগুলো বলতে বলুন এবং সংক্ষেপে বোর্ডে লিখুন। ধারণাগুলো নিয়ে শ্রেণি আলোচনা শুরু করুন।

৪. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৫ নং পৃষ্ঠার নিচের দিকের ছবিটি দেখতে বলুন । "ফুলের ছবিতে কতটি ১০ এর দল রয়েছে?" এবং "দল ছাড়া কতটি ফুল আছে?" এই প্রশ্নটি করুন। শিক্ষার্থীদের উত্তর নেওয়ার পর, কীভাবে উত্তর "২৪" হয় সেটি ব্যাখ্যা করুন। যেমন- "এখানে ১০ এর দুইটি দল আছে, তাই আমরা একে wekবলতে পারি। এখানে ২০টি ফুল ও আলাদাভাবে ৪টি ফুল আছে, তাই আমরা একসাথে PweŸkবলতে পারি।"


৫. "আমের ছবিতে কতগুলো ১০ এর দল আছে?" এই প্রশ্নটি করুন এবং তাদের উত্তরগুলো জানুন। এরপর উত্তরটি কীভাবে "৩০" বের করতে হয় ব্যাখ্যা করুন। যেমন- "এখানে ১০ এর তিনটি দল আছে, তাই আমরা ত্রিশ বলতে পারি।"


**মুল্যায়ন:**

১. ১০ এর দল ব্যবহার করে শিক্ষার্থীরা ২১ থেকে ৫০ পর্যন্ত গুনতে পেরেছে কি না যাচাই করুন।




কতগুলো ফুল ও আম আছে তা সংখ্যায় ও কথায় লিখ




| সংখ্যা | কথায় | সংখ্যা | কথায় | সংখ্যা | কথায় |
|---|---|---|---|---|---|
| ২১ | একুশ | ৩১ | একত্রিশ | ৪১ | একচল্লিশ |
| ২২ | বাইশ | ৩২ | বত্রিশ | ৪২ | বিয়াল্লিশ |
| ২৩ | তেইশ | ৩৩ | তেত্রিশ | ৪৩ | তেতাল্লিশ |
| ২৪ | চব্বিশ | ৩৪ | চৌত্রিশ | ৪৪ | চুয়াল্লিশ |
| ২৫ | পঁচিশ | ৩৫ | পঁয়ত্রিশ | ৪৫ | পঁয়তাল্লিশ |
| ২৬ | ছাব্বিশ | ৩৬ | ছত্রিশ | ৪৬ | ছেচল্লিশ |
| ২৭ | সাতাশ | ৩৭ | সাঁইত্রিশ | ৪৭ | সাতচল্লিশ |
| ২৮ | আটাশ | ৩৮ | আটত্রিশ | ৪৮ | আটচল্লিশ |
| ২৯ | ঊনত্রিশ | ৩৯ | ঊনচল্লিশ | ৪৯ | ঊনপঞ্চাশ |
| ৩০ | ত্রিশ | ৪০ | চল্লিশ | ৫০ | পঞ্চাশ |



# ১৪. সংখ্যা (২১-৫০)

(পৃষ্ঠা ৭৬)

**শিখনফল**

৫.১.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

৫.৩.১ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।

৯.১.১ উপকরণ একত্র করে উপকরণগুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।

**পাঠ সংখ্যা:২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান পাশের ছবির মত দুই ধরনের ব্লকের কার্ড।


-এ রকম ৩টি কার্ড


-এ রকম ৪টি কার্ড

**শিখন শেখানোকার্যাবলি**

**[১ম পাঠ]**

১. ২৪ থেকে ৩০ পর্যন্ত সংখ্যা গণনার পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের ৭৫ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং নিচের অংশের ছবিটি দেখতে বলুন। "তোমরা কি ফুল ও আমের সংখ্যাগুলোকে কার্ডের মাধ্যমে দেখাতে পাারবে?" শিক্ষার্থীদের এই প্রশ্নটি করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে ২০ এবং ৩০ সংখ্যা দুটিকে কার্ডের মাধ্যমে বোর্ডে দেখাতে বলুন। এরপর তাদের উত্তরগুলো নিয়ে শ্রেণি আলোচনা শুরু করুন।

৩. শিক্ষার্থীদের ৭৬ নং পৃষ্ঠার নিচের অংশের ছকটি দেখতে বলুন। ২১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যাগুলো বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের সাথে সবগুলো সংখ্যা জোরে জোরে পড়ুন এবং আপনার নির্দেশনা অনুসরণ করে সংখ্যাগুলোকে শিক্ষার্থীদের খাতায় লিখতে বলুন।

৪. ২১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যাগুলো কীভাবে কথায় লিখতে হয় সেটি বোর্ডে ব্যাখ্যা করুন এবং শিক্ষার্থীদের নিজেদের খাতায় সংখ্যাগুলো কথায় লিখতে বলুন।

৫. অনুশীলনটি শেষ হলে আপনি যে সংখ্যাটি মুখে বলবেন, সেটি শিক্ষার্থীদের খাতায় অঙ্কে ও কথায় লিখতে বলুন। ২১ থেকে ৩০ পর্যন্ত কিছু সংখ্যা বলুন এবং শিক্ষার্থীদের খাতায় অঙ্কে ও কথায় লিখতে দিন।

**[২য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর কীভাবে ৩১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে হয় বোর্ডে ব্যাখ্যা করুন এবং শিক্ষার্থীদের নিজেদের খাতায় সংখ্যাগুলো কথায় লিখতে বলুন।

২. শিক্ষার্থীদের অনুশীলনের পর একটি সংখ্যা মুখে বলুন এবং তা শিক্ষার্থীদের খাতায় লিখতে বলুন। এভাবে ২১ থেকে ৫০ পর্যন্ত কিছু সংখ্যা মুখে বলুন এবং সেগুলো শিক্ষার্থীদের অঙ্কে ও কথায় খাতায় লিখতে বলুন।


**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা ২১ থেকে ৩০ পর্যন্ত সংখ্যা অঙ্কে ও কথায় লিখতে পেরেছে কিনা যাচাই করুন।


১ খালি ঘরে সংখ্যা লিখ

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | ৪ | | ৬ | | ৮ | | ১০ |
| ১১ | | ১৩ | | | | ১৭ | | | ২০ |
| | ২২ | | | ২৫ | ২৬ | | ২৮ | ২৯ | |
| ৩১ | | ৩৩ | | | ৩৬ | | | ৩৯ | |
| | | | ৪৪ | | | ৪৭ | | | ৫০ |

২ আপেলের সংখ্যা কত ?



৩ সংখ্যায় লিখ



# ১৪. সংখ্যা (২১-৫০)

**শিখনফল** (পৃষ্ঠা ৭৭)

৩.৩.১ ১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশের সাহায্যে গণনা করতে পারবে।

৫.২.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।

৯.১.১ উপকরণ একত্র করে উপকরণগুচ্ছগুলোর সংখ্যা বলতে ও লিখতে পারবে।

**পাঠসংখ্যা: ১**


-এ রকম ৫ টি কার্ড

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের ৭৭নং পৃষ্ঠার  - এ রকম ৮ টি কার্ড মতো আপেলের ছবি সম্বলিত কার্ড, ডানপাশের ছবির মতো দুই ধরনের ব্লকের কার্ড।

## শিখন শেখানো কার্যাবলি

১. ২১ থেকে ৩০ পর্যন্ত সংখ্যা লিখার পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৭ নং পৃষ্ঠা খুলতে বলুন। ১ম প্রশ্নে দেখানো ছকের মতো একটি ছক তাদের খাতায় আঁকতে বলুন এবং আপনি নিজেও বোর্ডে অনুরূপ একটি ছক আঁকুন। শিক্ষার্থীদের ১ম সমস্যাটি ব্যাখ্যা করুন এবং খাতার ছকটি পূরণ করতে বলুন। [মূল্যায়ন: সংখ্যার ধারাবাহিকতা অনুমান করে শিক্ষার্থীরা সঠিক সংখ্যাটি ছকে বসাতে পেরেছে কি না যাচাই করুন (অনুমান)।] অনুশীলটি শেষ হলে, কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডের ছকে সংখ্যাগুলো বসাতে বলুন এবং অন্য শিক্ষার্থীদের তাদের উত্তর বোর্ডের উত্তরের সাথে মেলাতে বলুন।

৩. শিক্ষার্থীদের খাতায় ২য় প্রশ্নে উল্লেখিত ছবির মতো একটি ছবি আঁকতে বলুন এবং আপেলের ছবি সম্বলিত কার্ডটি বোর্ডে রাখুন। ২য় প্রশ্নটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন এবং তাদের খাতায় সমাধানটি করতে বলুন। [মূল্যায়ন: শিক্ষার্থীরা ১০ এর দল তৈরি করে গণনা করার সহজ উপায় খুঁজে বের করতে পেরেছে কি না যাচাই করুন]। অনুশীলনটি শেষ হলে, কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং অন্যান্য শিক্ষার্থীদের উত্তর বোর্ডের উত্তরের সাথে মেলাতে বলুন।

৪. শিক্ষার্থীদের খাতায় ৩য় প্রশ্নে উল্লেখিত ছবির মতো একটি ছবি আঁকতে বলুন এবং ব্লক কার্ডটি বোর্ডে রাখুন। ৩য় প্রশ্নটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন এবং তাদের খাতায় সমাধানটি করতে বলুন। [মূল্যায়ন: শিক্ষার্থীরা একক ও দশকের ধারণা অনুসরণ করে সংখ্যা লিখতে পেরেছে কি না যাচাই করুন]। অনুশীলনটি শেষ হলে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন ও সমাধান পদ্ধতি ব্যাখ্যা করতে বলুন এবং অন্যান্য শিক্ষার্থীকে তাদের উত্তর বোর্ডের উত্তরের সাথে মেলাতে বলুন।

## মূল্যায়ন

১. শিক্ষার্থীরা "১০ এর দলের ধারণা" ও "একক ও দশকের ধারণা" ব্যবহার কবে সমাধান করতে পেরেছে কি না যাচাই করুন।


# ১৫. ক্রমবাচক সংখ্যা

কোনো কিছু গণনা করার সময় আমরা ১, ২, ৩ এর মতো সংখ্যাবাচক সংখ্যা ব্যবহার করি। কিন্তু কোনো জিনিসের অবস্থান বোঝাতে আমরা ক্রমবাচক সংখ্যা ব্যবহার করি।

| গণনাকারী সংখ্যা | এক | দুই | তিন | চার | পাঁচ |
|---|---|---|---|---|---|
| ক্রমবাচক সংখ্যা | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |

বিভিন্ন প্রাণী এক লাইনে দাঁড়িয়ে আছে।




ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে প্রাণিদের অবস্থান বলো।

- বাম থেকে কে দ্বিতীয়? ____________
- ডান থেকে কে প্রথম? ____________
- ডান থেকে কে পঞ্চম? ____________
- বাম থেকে কে চতুর্থ? ____________
- ডান থেকে কে তৃতীয়? ____________




এবার তুমিও বলো, শ্রেণিকক্ষে তুমি কোথায় বসো।

## ১৫. ক্রমবাচক সংখ্যা

**শিখনফল** (পৃষ্ঠা ৭৮)

৮.১.১ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা বলতে পারবে।

৮.১.২ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা পড়তে পারবে।

৮.১.৩ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা লিখতে পারবে।

৮.১.৪ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা ব্যবহার করতে পারবে।

**পাঠসংখ্যা: ২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ৫টি প্রাণীর (কুকুর, বিড়াল, খরগোশ, ইঁদুর ও মোরগ) ছবিসম্বলিত কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ ম ও ২য় পাঠ]**

১. কুকুর, বিড়াল, খরগোশ, ইঁদুর ও মোরগের ছবিসম্বলিত কার্ডগুলো বোর্ডে রাখুন এবং "বোর্ডে কতগুলো প্রাণীর ছবি আছে?" এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। প্রশ্নটির উত্তর দিতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন।

২. বোর্ডের প্রাণীর ছবি সম্বলিত কার্ডগুলো থেকে ক্রমবাচক সংখ্যা সম্পর্কিত পাঁচটি প্রশ্ন করুন এবং তাদের উত্তরগুলো যাচাই করুন।

৩. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৮ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পাঁচটি প্রাণীর ছবিটি দেখতে বলুন। কীভাবে ক্রমবাচক সংখ্যা বলতে বা পড়তে হয় ব্যাখ্যা করুন। ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে কোনো কিছুর অবস্থান ও দিক (সামনে থেকে পেছনে, ডান থেকে বামে, ওপর থেকে নিচে) বোঝাতে ব্যবহৃত শব্দগুলোর গুরুত্ব ব্যাখ্যা করুন।


৪. "তুমি শ্রেণিকক্ষের কোথায় বসে আছো?" শিক্ষার্থীদের এই প্রশ্নটি করুন এবং অবস্থান ও দিক প্রকাশে ব্যবহৃত শব্দগুলো দিয়ে তাদের অবস্থান ব্যাখ্যা করতে সহযোগিতা করুন [মূল্যায়ন: শিক্ষার্থীরা অবস্থান ও দিক প্রকাশে ব্যবহৃত শব্দগুলো দিয়ে তাদের অবস্থান ব্যাখ্যা করতে চেষ্টা করছে কি না যাচাই করুন। (প্রক্রিয়াকরণ দক্ষতা: যোগাযোগ) ]

৫. এই কাজ করার মাধ্যমে পাঠ সমাপ্ত করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে বস্তুরক্রম বলতে পারছে কি না যাচাই করুন।


২ বাম ও ডান থেকে প্রতিটি ফলের অবস্থান বলো





পাঁচজন শিক্ষার্থী হাত ধরে দাঁড়িয়ে আছে।




(১) বাম থেকে চারজনকে গোল করো।
(২) বাম থেকে চতুর্থজনকে গোল করো।




৩ নিচের ৫ জন শিশুর মধ্যে আলিকে খুঁজে বের করতে হবে। তার বন্ধু বলল, আলি দ্বিতীয় আসনে বসেছে। অপর এক বন্ধু বলল, আলির ডান দিকে ৩ জন শিশু আছে।
ছবিতে আলিকে খুঁজে বের করে রং করো।



# ১৫. ক্রমবাচক সংখ্যা

**শিখনফল** (পৃষ্ঠা ৭৯)

৮.১.১ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা বলতে পারবে।
৮.১.২ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা পড়তে পারবে।
৮.১.৩ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা লিখতে পারবে।
৮.১.৪ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা ব্যবহার করতে পারবে।

**পাঠ সংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ৫ জন শিক্ষার্থী (৩ জন ছেলে ও ২ জন মেয়ে) এবং ৫টি বিভিন্ন ফলের ছবি সম্বলিত কার্ড।


**শিখন শেখানো কার্যাবলি**

১. ক্রমবাচক সংখ্যার ওপর পূর্বপাঠ পুনরালোচনা করুন।
২. পাঠ্যপুস্তকের ছবিতে যেভাবে দেখানো হয়েছে সেই ভাবে ৫টি বিভিন্ন ফলের ছবিসম্বলিত কার্ড বোর্ডে রাখুন এবং শিক্ষার্থী বাম থেকে ডানে প্রতিটি ফলের অবস্থান জিজ্ঞেস করুন। প্রশ্নের উত্তর দিতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন।
৩. পাঠ্যপুস্তকের ছবিতে যেভাবে দেখানো হয়েছে সেই ভাবে ৫ শিক্ষার্থীর ছবি সম্বলিত কার্ড বোর্ডে রাখুন। পাঠ্যপুস্তকের প্রশ্ন দুটিতে উল্লেখিত কাজটি ব্যাখ্যা করুন এবং শ্রেণিতে কাজটি করতে বলুন।
৪. শিক্ষার্থীরা তাদের কাজটি সম্পন্ন করলে কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে ডেকে তাদের উত্তর লিখতে বলুন এবং বোর্ডের রাখা কার্ডগুলোর সাহায্যে অন্য শিক্ষার্থীদের উত্তরটি মূল্যায়ন করতে বলুন।
৫. শিক্ষার্থীদের ৭৯ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং কাজসম্বলিত ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের গণনা বাচক সংখ্যা ও ক্রমবাচক সংখ্যার মধ্যাকার পার্থক্য ব্যাখ্যা করুন।[মূল্যায়ন: শিক্ষার্থীরা গণনাবাচক সংখ্যা ও ক্রমবাচক সংখ্যার মধ্যকার পার্থক্য বলতে পারল কি না যাচাই করুন।]
৬. পাঠ্যপুস্তকের নিচের দিকের অনুশীলনটি ব্যাখ্যা করুন এবং নিজের খাতায় কাজটি অনুশীলন করতে বলুন।
৭. শিক্ষার্থীদের তাদের উত্তরটি বলতে বলুন এবং উত্তরটি অন্য শিক্ষার্থীর সাথে মেলাতে বলুন। এরপর আজকের পাঠটি সমাপ্ত করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থী ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে কোনো বস্তুর ক্রম বলতে পারছে কি না যাচাই করুন।


কয়েকজন শিশু লাইনে দাঁড়িয়ে আছে। সবিতা সামনে থেকে দ্বিতীয় এবং তার পিছনে আরও ৫ জন শিশু আছে। লাইনে কতজন শিশু আছে ?




শিশুদের সংখ্যা কীভাবে হিসাব করবে ?

☐ + ☐ = ☐

কয়েকজন শিশু লাইনে দাঁড়িয়ে আছে। রাজু সামনে থেকে তৃতীয় এবং পিছন থেকে পঞ্চম। লাইনে কতজন শিশু আছে ?




শিশুর সংখ্যা কীভাবে হিসাব করবে ?

______________________

৪ তামিম তার পরিবারে বয়সে ছোট থেকে তৃতীয় এবং বড় থেকে চতুর্থ সদস্য। তার পরিবারের সদস্য সংখ্যা কত ?

# ১৫. ক্রমবাচক সংখ্যা

**শিখনফল** (পৃষ্ঠা ৮০)

৮.১.১ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা বলতে পারবে।
৮.১.২ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা পড়তে পারবে।
৮.১.৩ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা লিখতে পারবে।
৮.১.৪ প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা ব্যবহার করতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, সাদা রংয়ের ৬টি ও লাল রংয়ের ১টি গোলাকার কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

১. পূর্বপাঠ পুনরালোচনা করুন।
২. ৮০ নং পৃষ্ঠার ওপরের দিকের ১ম কাজটি ব্যাখ্যা করুন এবং লাল কার্ডটির সবিতা নামকরণ করে বোর্ডে রাখুন। লাল কার্ডের বাম পাশে একটি সাদা কার্ড রাখুন এবং "সবিতার সামনে কত জন শিক্ষার্থী আছে?" এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। লাল কার্ডের ডান পাশে ৫টি সাদা কার্ড রাখুন এবং "সবিতার পেছনে কতজন শিক্ষার্থী আছে?" এই প্রশ্নটি জিজ্ঞেস করুন।
৩. "বোর্ডের একই লাইনে কতজন শিক্ষার্থী দাঁড়িয়ে আছে ?" এই প্রশ্নটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন এবং উত্তর দিতে সহযোগিতা করুন।
৪. ৮০ নং পৃষ্ঠার ওপরের দিকের ২য় কাজটি ব্যাখ্যা করুন এবং লাল কার্ডটির সবিতা নামকরণ করে বোর্ডে রাখুন। দুইজন শিক্ষার্থীকে কিছু সাদা কার্ড দিয়ে লাল কার্ডটির সামনে ও পেছনে রাখতে বলুন এবং "সবিতার সামনে কতজন শিক্ষার্থী আছে?" ও "সবিতার পেছনে কতজন শিক্ষার্থী আছে?" এই প্রশ্নদুটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের উত্তর যাচাই করুন।
৫. পাঠ্যপুস্তকের নিচের দিকের অনুশীলনটি ব্যাখ্যা করুন এবং শিক্ষর্থীদের নিজের খাতায় ছবি এঁকে কাজটি অনুশীলন করতে বলুন।
৬. কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং উত্তরটি অন্য শিক্ষার্থীর সাথে মেলাতে বলুন। এরপর আজকের পাঠটি সমাপ্ত করুন।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা অর্ধ-বাস্তব বস্তু বা উপকরণ ব্যবহার করে সেগুলোর ক্রম বা অবস্থান বলতে পারছে কি না যাচাই করুন।

# ১৬. বাংলাদেশি মুদ্রা ও নোট



৫০ পয়সা




১ টাকা




২ টাকা



৫ টাকা



১ টাকা





২ টাকা





৫ টাকা





১০ টাকা





২০ টাকা





৫০ টাকা



# ১৬. বাংলাদেশি মুদ্রা ও নোট

**শিখনফল** **(পৃষ্ঠা ৮১)**

১৫.১.১ বাংলাদেশি মুদ্রা এবং ৫০ টাকা পর্যন্ত প্রচলিত নোট চিনে বলতে পারবে।

**পাঠসংখ্যাঃ ১**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ৫০ পয়সা, ১ টাকা, ২ টাকা, ও ৫ টাকার বাংলাদেশি মুদ্রা; ১, ২, ৫, ১০, ২০ ও ৫০ টাকার বাংলাদেশি নোট।

## শিখন শেখানো কার্যাবলি

১. পাঠ আরম্ভ করার পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করুন।

২. কিছু মুদ্রা বা কয়েন দেখিয়ে, "তোমরা কি জানো বাংলাদেশে কত ধরনের মুদ্রা ও নোট আছে?" এই প্রশ্নটি শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন। উত্তরটি বের করতে শিক্ষাথীদের সহযোগিতা করুন। শিক্ষার্থীদের উত্তর দেওয়া শেষ হলে বাংলাদেরশ ১৩ ধরনের মুদ্রা ও নোট রয়েছে এই বিষয়টি তাদের কাছে ব্যাখ্যা করুন।

৩. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮১ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং মুদ্রা ও নোটগুলোর ছবিটি দেখতে বলুন। "আমরা একটি মুদ্রা/নোট থেকে অন্যটিকে কীভাবে আলাদা করতে পারি?" -শিক্ষাথীদের এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের মুদ্রা ও নোটের ছবিটি সতর্কভাবে দেখতে বলুন এবং দলের সবাই মিলে প্রতিটি মুদ্রা ও নোটের সাথে অন্য মুদ্রা ও নোটের পার্থক্য বের করতে বলুন। শিক্ষার্থীদের দলে আলোচনা করতে সহযোগিতা করুন। [মূল্যায়নঃ শিক্ষার্থীরা আগ্রহের সাথে পার্থক্যগুলো বের করার চেষ্টা করছে কি না যাচাই করুন (অংশগ্রহনঃ আগ্রহ)।]


৪. দলীয় আলোচনার পর, "তোমরা কী কী পার্থক্য বের করেছ?"- এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের প্রশ্নটির উত্তর দিতে সহযোগিতা করুন এবং তাদের উত্তরগুলো সংক্ষেপে ছক আকারে বোর্ডে লিখুন।

৫. শিক্ষার্থীদের বোর্ডের ছকটি দেখতে বলুন এবং "একটি মুদ্রা বা নোট থেকে কীভাবে অন্যটিকে আলাদাভাবে চিহ্নিত করতে পারি?" -এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের উত্তরগুলো বের করতে সহযোগিতা করুন। [মূল্যায়নঃ শিক্ষার্থীরা মুদ্রা ও নোটের পার্থক্য বের করার সময় নিজেদের মতামত ব্যক্ত করতে পেরেছে কিনা যাচাই করুন ।(প্রক্রিয়াকরণ দক্ষতাঃ অনুমান / সিদ্ধান্ত গ্রহণ)]। কীভাবে বাংলাদেশি মুদ্রা ও নোটগুলোকে আলাদা করা যায় (সংখ্যা, ছবি, আকার, আকৃতি, রং ইত্যাদি) সেটি ব্যাখ্যা করুন।

## মূল্যায়ন

১. শিক্ষার্থীরা ৫০ টাকা পর্যন্ত বাংলাদেশি মুদ্রা ও নোটগুলোকে চিহ্নিত করতে পেরেছে কিনা যাচাই করুন।

যদি রেজার নিচের নোটগুলো থাকে, তবে তার কাছে কত টাকা আছে ?



কত টাকার কয়টি করে নোট আছে গণনা করো



৫ + ৫ = ১০

**১০ টাকা**



২ + ২ + ২ = ৬

**৬ টাকা**

১০ + ৬ = ১৬

মোট : ১৬ টাকা

১. মিনার কাছে নিচের নোটগুলো আছে। সে ১৮ টাকা দিয়ে একটি কলম কিনতে চায়। সে কিনতে পারবে কি ?



২. তাসলিমা ১৩ টাকা নিয়ে দোকানে গেল। সে ৮ টাকার একটি খাতা কিনল। তার কাছে কত টাকা রইল ?

## ১৬. বাংলাদেশি মুদ্রা ও নোট

**শিখনফল** (পৃষ্ঠা ৮২)

১৫.১.২ দৈনন্দিন লেনদেনে মুদ্রা ও টাকা ব্যবহার করতে পারবে।

**পাঠসংখ্যাঃ ২**

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, তিনটি ২ টাকা ও দুইটি ৫ টাকার নোট।

**শিখন শেখানো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. পাঠ আরম্ভ করার পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করুন এবং বিভিন্ন ধরনের বাংলাদেশি মুদ্রা ও নোটের পূর্ব পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮১ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পাঠ্যপুস্তকের ওপরের অংশে দেয়া কাজটি দেখতে বলুন। কাজটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন এবং দলে আলোচনা করে সমাধানটি বের করতে বলুন।[মূল্যায়নঃ দলীয় সহযোগিতার ভিত্তিতে হিসাবটি সমাধান করার চেষ্টা করছে কি না যাচাই করুন। (দলীয় কাজে সহযোগিতা )]

৩. দলীয় আলোচনার পর শিক্ষার্থীদের সমাধানটি বল তে বলুন এবং তাদের উত্তরগুলোর থেকে সংক্ষেপে সমাধানটি বোর্ডে লিখুন।এরপর সমাধানটি সম্পর্কে শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন।

৪. শিক্ষার্থীদের একটি নমুনা সমাধান ব্যাখ্যা করুন এবং আজকের পাঠের সারসংক্ষেপ তৈরি করুন।

**[২য় পাঠ]**

১. কীভাবে টাকার হিসাব করতে হয় তার উপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮২ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ১ম অনুশীলনটি সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের অনুশীলনে সহযোগিতা করুন। [মূল্যায়নঃ শিক্ষার্থীরা আগ্রহের সাথে সমস্যাটি সমাধান করতে চেষ্টা করছে কি না যাচাই করুন ( আগ্রহ) ।]

৩. কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং কীভাবে সমস্যাটি সমাধান করতে হয় ব্যাখ্যা করতে বলুন। সমস্যাটি সমাধানের ব্যাপারে শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন এবং আলোচনার সারসংক্ষেপ থেকে একটি নমুনা উত্তর ব্যাখ্যা করুন।


৪. শিক্ষার্থীদের ২য় সমস্যাটি সমাধান করতে বলুন এবং তাদের সহযোগিতা করুন।

৫. কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরটি বোর্ডে লিখতে বলুন এবং কীভাবে সমস্যাটি সমাধান করতে হয় ব্যাখ্যা করতে বলুন। সমস্যাটি সমাধানের ব্যাপারে শ্রেণির সবাইকে নিয়ে আলোচনা করুন এবং আলোচনার সারসংক্ষেপ থেকে একটি নমুনা উত্তর ব্যাখ্যা করুন।

**মূল্যায়ন**

১. নমুনা সমাধানের ধারণা থেকে শিক্ষার্থীরা ৫০ টাকা পর্যন্ত মুদ্রা ও নোটের হিসাব করতে পারে কি না যাচাই করুন।

চিন্তা করি আমরা কীভাবে ১ টাকা, ২ টাকা ও ৫ টাকার নোট ব্যবহার করে টাকা বিনিময় করতে পারি?




নিচের ছকে খালি জায়গা পূরণ করি :

| নোট | | ২ টাকার নোট  | ১ টাকার নোট  |
|---|---|---|---|
| ৫ টাকা  | → | ___টি | ___টি |
| | → | ___টি | ___টি |
| | → | ০টি |  ৫ টি |

৩ আমরা কীভাবে ১ টাকা, ২ টাকা ও ৫ টাকার নোট ব্যবহার করে ১০ টাকা ভাঙাতে পারি?

## ১৬. বাংলাদেশি মুদ্রা ও নোট

**শিখনফল** (পৃষ্ঠা ৮৩)

১৫.১.২ দৈনন্দিন লেনদেনে মুদ্রা ও টাকা ব্যবহার করতে পারবে।

**পাঠসংখ্যা: ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ১, ২, ৫ ও ১০ টাকার নোটের ছবিসম্বলিত কার্ড।

**শিখন শেখানোর কার্যাবলি**

১. পাঠ আরম্ভ করার পূর্বে শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করুন এবং পূর্বপাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮৩ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পাঠ্যপুস্তকের উপরের অংশে দেওয়া কাজটি সতর্কভাবে পড়তে বলুন।
৩. শিক্ষার্থীদের কাজটি ব্যাখ্যা করুন। "আমরা ৫ টাকার নোটের সাথে ১ টাকার নোট বিনিময় করতে চাই। কীভাবে আমরা ৫ টাকার নোটের সাথে ১ টাকার নোট বিনিময় করতে পারি?" ও "একটি ৫ টাকার নোট বিনিময়ের জন্য কতটি ১ টাকার নোট প্রয়োজন?"- এই প্রশ্ন দুটি করুন। শিক্ষার্থীদের অবাধে উত্তর দিতে সহযোগিতা করুন। শিক্ষার্থীদের উত্তরগুলো পাওয়ার পর, তাদের সমস্যা সমাধানের উপায় ব্যাখ্যা করুন।
৪. প্রতিটি দলে ১, ২, ৫, ও ১০ টাকার কিছু কার্ড সরবরাহ করুন এবং কার্ডগুলো ব্যবহার করে পূর্বের সমস্যাটির কয়েকটি সমাধান বের করতে বলুন। [মূল্যায়ন: শিক্ষার্থীরা দলের সদস্যদের সহযোগিতায় হিসাব করার বিভিন্ন উপায় বের করার চেষ্টা করছে কি না যাচাই করুন (দলীয় কাজে সহযোগিতা)।]
৫. শিক্ষার্থীদের দলীয় আলোচনা করে সমাধানটি বলতে বলুন এবং সংক্ষেপে বোর্ডে লিখতে বলুন।
৬. পাঠ্যপুস্তকের নিচের অংশের অনুশীলনটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন এবং কার্ডগুলো ব্যবহার করে দলে সমস্যাটি সমাধান করতে বলুন। দলীয় কাজে শিক্ষার্থীদের সহযোগিতা করুন।
৭. শিক্ষার্থীদের দলীয় কাজের পর সমাধানটি বোর্ডে লিখতে বলুন। উত্তরটির ব্যাপারে শ্রেণির সবাই মিলে আলোচনা শুরু করতে সহযোগিতা করুন।
৮. শিক্ষার্থীদের একটি নমুনা সমাধান বলে দিন এবং আজকের পাঠের সারসংক্ষেপ তৈরি করুন।

**মূল্যায়ন**

১. অনুমানের ভিত্তিতে ৫ ও ১০ টাকার নোটের সাথে ১, ২ ও ৫ টাকার নোট বিনিময় করতে পেরেছে কি না যাচাই করুন।



# ১৭. যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০)


## ১৭.১ যোগ




রেজার ১২টি কাগজ আছে এবং মিনার ১৪টি কাগজ আছে। তাদের একত্রে কতগুলো কাগজ আছে?

তুমি কীভাবে হিসাব করবে ?

১২ + ১৪ = ☐







মিলির কাছে ২০ টাকা ছিল এবং তার বাবা তাকে কলম কেনার জন্য ২৫ টাকা দিলেন। এখন মিলির কত টাকা হলো?



# ১৭. যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০)

## ১৭.১. যোগ

(পৃষ্ঠা ৮৪)

**শিখনফল**

৯.৪.১ হাতে না রেখে দুইটি সংখ্যা ওপরে নিচে যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা ওপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা: ১**


-এ রকম ২টি কার্ড


-এ রকম ৬টি কার্ড

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো দুই ধরনের ব্লকের কার্ড।

**শিখন শেখনো কার্যাবলি**

১. পাঠ্যবইয়ের ৮৪ পৃষ্ঠার উপরের সমস্যাটি একটি কাজের মাধ্যমে উপস্থাপন করুন। "তোমরা কীভাবে হিসাব কর?" ও " আমরা কীভাবে যোগ অঙ্কটি লিখতে পারি?" - এই প্রশ্ন দুটি করুন এবং তাদের চিন্তা করতে দিন। কয়েকজন শিক্ষার্থীকে যোগটি বোর্ডে লিখতে বলুন। উত্তরটি সবাইকে বলুন এবং "১২+১৪"- এই যোগ অঙ্কটি বোর্ডে লিখুন।
২. শিক্ষার্থীরা নিজেরা কীভাবে যোগ অঙ্কটি খাতায় সমাধান করবে সে ব্যাপারে তাদের চিন্তা করতে দিন এবং তাদের অনুশীলনে সহযোগিতা করুন।
৩. কীভাবে সমস্যাটি সমাধান করা যায় সে ব্যাপারে শিক্ষার্থীদের ধারণাগুলো বলতে বলুন এবং শ্রেণি আলোচনা শুরু করুন।
৪. আলোচনার পর বোর্ডে একটি ছক আঁকুন এবং ৮৪ পৃষ্ঠায় দেখানো ছবির মতো বোর্ডে কার্ডগুলো রাখুন। বোর্ডের কার্ড ব্যবহার করে উলম্বভাবে যোগের ("১২+১৪") সমাধানটি কীভাবে করতে হয় সেটি ব্যাখ্যা করুন।
৫. শিক্ষার্থীদের ৮৪ নং পৃষ্ঠার নিচের সমস্যাটি দেখতে বলুন এবং সমস্যাটি তাদের কাছে ব্যাখ্যা করুন। শিক্ষার্থীদের যোগের সূত্রটি নিজেদের খাতায় লিখতে বলুন এবং উলম্বভাবে যোগটি সমাধান করতে বলুন।
৬. কয়েকজন শিক্ষার্থীকে তাদের সমাধানগুলো ব্যাখ্যা করতে বলুন এবং ব্যাখ্যাটি সবাইকে জানান।

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা উলম্বভাবে যোগ করতে পেরেছে কি না যাচাই করুন।

**১** যোগ করি :

| | | | | |
|---|---|---|---|---|
| (১) ১১ + ১৮ | (২) ২২ + ১৫ | (৩) ৩৪ + ১৪ | (৪) ১২ + ২৪ | (৫) ২৫ + ২৩ |
| (৬) ৩০ + ১৪ | (৭) ২৯ + ২০ | (৮) ১০ + ২০ | (৯) ৪০ + ১০ | (১০) ১০ + ৪০ |
| (১১) ৩২ + ৪ | (১২) ৭ + ৪২ | (১৩) ২০ + ৮ | (১৪) ৬ + ৪০ | (১৫) ৫০ + ০ |

(১৬) ১৫ + ১৩ (১৭) ২১ + ২৭ (১৮) ৩৪ + ১২

(১৯) ১৯ + ৩০ (২০) ১০ + ২৮ (২১) ২০ + ২০

(২২) ৩০ + ২০ (২৩) ৪৩ + ৫ (২৪) ৯ + ৩০

**২** একটি বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে ২৪ জন বালক ও ২৫ জন বালিকা আছে। এই বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে কতজন শিক্ষার্থী আছে ?

**৩** সবিতা একটি বই পড়ছে। সে গতকাল ১৩ পৃষ্ঠা পড়েছে এবং আজকে ১০ পৃষ্ঠা পড়েছে। দুই দিনে সে কত পৃষ্ঠা পড়েছে ?

**৪** বিনা ২০ টাকা দিয়ে একটি পেয়ারা এবং ৩০ টাকা দিয়ে একটি বেল কিনল। সে মোট কত টাকা খরচ করল?

**৫** হাদির ৪০টি সাদা কাগজ ছিল। পরে তার বাবা তাকে আরও ৭টি কাগজ দিলেন। এখন তার কয়টি কাগজ হলো?

# ১৭. যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০)

## ১৭.১. যোগ (পৃষ্ঠা ৮৫)

### শিখনফল

৯.৪.১ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে নিচে যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
৯.৪.২ হাতে না রেখে দুইটি সংখ্যা উপরে পাশাপাশি যোগ করতে পারবে (যোগফল অনূর্ধ্ব ৫০)।
১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০)।

**পাঠসংখ্যা:৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

### শিখন শেখনো কার্যাবলি

**[১ম পাঠ]**

১. উলম্বভাবে যোগের প্রক্রিয়াটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের ৮৫ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং তাদের খাতায় ১ম সমস্যাটি সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের কাজে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন।
৩. এরপর শিক্ষাথীদের তাদের সমাধানটি বোর্ডে লিখতে বলুন এবং এক এক করে সবার উত্তরটি যাচাই করতে বলুন।

**[২য় পাঠ]**

৪. পূর্বপাঠের পুনরালোনার পর শিক্ষার্থীদের ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম সমস্যাটি ব্যাখ্যা করুন এবং সর্বপ্রথম তাদের বাক্যে একটি সমস্যা তৈরি করতে বলুন। যোগের উলম্ব প্রক্রিয়া অনুসরণ করে সমস্যাগুলো সমাধান করতে বলুন।
৫. এরপর শিক্ষার্থীদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন এবং এক এক করে সবার উত্তর মেলাতে বলুন।

**[৩য় পাঠ ]**

১. পূর্বপাঠের পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের অতিরিক্ত যোগের সমস্যাগুলো করতে দিন।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | ১১ | ১৬ | ২০ | ৩০ | ৬ | ৪১ |
| + ১০ | + ২০ | + ৩০ | + ১৮ | + ১৭ | + ৩০ | + ৭ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩০+১০ | ১১+২২ | ১৩+১২ | ১৫+১৪ | ২৩+১২ | ২৪+২৪ | ৩২+১১ |
| ২০+৬ | ৪০+৮ | ৩+৩০ | ৮+২০ | ৩৬+৩ | ৬+৩২ | ৮+৩১ |

**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা যোগের উল্লম্ব প্রক্রিয়া অনুসরণ করে দুই অঙ্কের যোগ করতে পারছে কি না যাচাই করুন।




## ১৭.২. বিয়োগ



রেজার গল্পের বই আছে ২৫টি এবং মিনার গল্পের বই আছে ১২টি। মিনার থেকে রেজার কতটি গল্পের বই বেশি আছে ?

তুমি কীভাবে হিসাব করবে?

২৫–১২ = ☐








আকাশ ৩৪ টাকা নিয়ে বাজারে গেল এবং সবজি কিনল। এখন তার ১৪ টাকা আছে। সে সবজির জন্য কত টাকা খরচ করেছে?

```
  ৩৪
– ১৪
────
```

৩৪–১৪ = ☐



# ১৭. যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০)

## ১৭.১. বিয়োগ (পৃষ্ঠা ৮৬)

### শিখনফল

১০.৩.১ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা উপরে-নিচে বিয়োগ করতে পারবে (হাতে না রেখে) ।

১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে) ।

১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০) ।

**পাঠসংখ্যাঃ ১**


-এ রকম ২টি কার্ড


- এ রকম ৫টি কার্ড

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, ডান দিকে দেখানো ছবির মতো দুই ধরনের ব্লকের কার্ড ।

### শিখন শেখানো কার্যাবলি

১. পাঠ্যবইয়ের ৮৬ পৃষ্ঠার উপরের সমস্যাটি একটি কাজের মাধ্যমে উপস্থাপন করুন । “তোমরা কীভাবে হিসাব করো?” ও “কীভাবে আমরা হিসাবটি লিখতে পারি?”- এই প্রশ্ন দুটি করুন এবং তাদের চিন্তা করতে দিন । কয়েকজন শিক্ষার্থীকে হিসাবটি বোর্ডে লিখতে বলুন । উত্তরটি সবাইকে বলুন এবং “২৫-১২”- এই বিয়োগ অঙ্কটি বোর্ডে লিখুন ।

২. শিক্ষার্থীরা নিজেরা কীভাবে সূত্রটি খাতায় সমাধান করবে সে ব্যাপারে তাদের চিন্তা করতে দিন এবং তাদের অনুশীলনে সহযোগিতা করুন ।

৩. কীভাবে সমস্যাটি সমাধান করা যায় সে ব্যাপারে শিক্ষার্থীদের ধারণাগুলো বলতে বলুন এবং শ্রেণি আলোচনা শুরু করুন ।

৪. আলোচনার পর বোর্ডে একটি ছক আঁকুন এবং ৮৬ পৃষ্ঠায় দেখানো ছবির মতো বোর্ডে কার্ডগুলো রাখুন । বোর্ডের কার্ড ব্যবহার করে উলম্বভাবে বিয়োগের (“২৫-১২”) সমাধানটি কীভাবে করতে হয় সেটি ব্যাখ্যা করুন ।

৫. শিক্ষার্থীদের ৮৬ নং পৃষ্ঠার নিচের সমস্যাটি দেখতে বলুন এবং সমস্যাটি তাদের কাছে ব্যাখ্যা করুন । শিক্ষার্থীদের বিয়োগ অঙ্কটি নিজেদের খাতায় লিখতে বলুন এবং উলম্বভাবে বিয়োগটি সমাধান করতে বলুন ।

৬. কয়েকজন শিক্ষার্থীকে তাদের সমাধানগুলো ব্যাখ্যা করতে বলুন এবং ব্যাখ্যাটি সবাইকে জানান ।

### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা উলম্বভাবে যোগ করতে পেরেছে কি না যাচাই করুন ।

**১** বিয়োগ করি :

| | | | | |
|---|---|---|---|---|
| (১) ২৯ <br> − ১৬ | (২) ৩৭ <br> − ১৫ | (৩) ৪৮ <br> − ১৩ | (৪) ২৪ <br> − ১৪ | (৫) ৩৮ <br> − ৩১ |
| (৬) ৪৯ <br> − ৪৩ | (৭) ২৫ <br> − ১০ | (৮) ৪৫ <br> − ৪০ | (৯) ৩০ <br> − ২০ | (১০) ৫০ <br> − ১০ |
| (১১) ৪১ <br> − ৪১ | (১২) ২০ <br> − ২০ | (১৩) ৩৯ <br> − ২ | (১৪) ৪৬ <br> − ৬ | (১৫) ৩২ <br> − ০ |

| | | |
|---|---|---|
| (১৬) ৩৫ − ১৩ | (১৭) ৪৭ − ২৬ | (১৮) ৩১ − ১১ |
| (১৯) ২৯ − ২২ | (২০) ৩০−১০ | (২১) ২৩ −২৩ |
| (২২) ২৪−৩ | (২৩) ৩৮−৮ | (২৪) ৫০−০ |

**২** তাসলিমার ৩৭টি সাদা কাগজ ছিল। সে ছবি আঁকতে ১৫টি ব্যবহার করল। তার কাছে কতগুলো সাদা কাগজ রইল ?

**৩** সাকিব ৪৮ টাকার একটি খেলনা কিনতে চায়। কিন্তু তার মাত্র ২৮ টাকা আছে। খেলনাটি কিনতে তার আরও কত টাকার প্রয়োজন ?

**৪** ২য় শ্রেণিতে ২২ জন এবং ১ম শ্রেণিতে ৩৪ জন শিক্ষার্থী আছে। কোন শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা বেশি ? কত বেশি ?

**৫** গল্পের একটি বইয়ের পৃষ্ঠা সংখ্যা ৫০। মিতা ২০ পৃষ্ঠা পড়া শেষ করেছে। কত পৃষ্ঠা পড়া হয়নি ?

# ১৭. যোগ ও বিয়োগ (২১ থেকে ৫০)

## ১৭.১. বিয়োগ (পৃষ্ঠা ৮৭)

**শিখনফল**

১০.৩.১ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা উপরে-নিচে বিয়োগ করতে পারবে (হাতে না রেখে) ।
১০.৩.২ বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা পাশাপাশি বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)।
১১.১.১ যোগ ও বিয়োগ-প্রক্রিয়া ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ৫০) ।

**পাঠ সংখ্যা:৩**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক ।

**শিখন শেখনো কার্যাবলি**

**[১ম পাঠ]**

১. উলম্বভাবে বিয়োগের প্রক্রিয়াটি পুনরালোচনা করুন ।
২. শিক্ষার্থীদের ৮৭ নং পৃষ্ঠাটি খুলতে বলুন এবং তাদের খাতায় ১ম সমস্যাটি সমাধান করতে বলুন। শিক্ষার্থীদের কাজে সহযোগিতা করুন এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করুন ।
৩. এরপর শিক্ষার্থীদের তাদের সমাধানটি বোর্ডে লিখতে বলুন এবং এক এক করে সবার উত্তরটি যাচাই করতে বলুন ।

**[২য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের ২,৩, ৪ ও ৫নং সমস্যাটি শিক্ষার্থীদের কাছে ব্যাখ্যা করুন এবং সর্বপ্রথম সেগুলো দিয়ে বাক্যে সমস্যা তৈরি করতে বলুন। এরপর বিয়োগের উলম্ব প্রক্রিয়া অনুসরণ করে সমাধানগুলো হিসাব করতে বলুন ।
২. শিক্ষার্থীদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন এবং এক এক করে সবার উত্তর মেলাতে বলুন ।

**[৩য় পাঠ]**

১. পূর্বপাঠ পুনরালোচনার পর শিক্ষার্থীদের নিচের অতিরিক্ত সমস্যাগুলো করতে দিন ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪৫ | ২৩ | ৩৭ | ৩৬ | ৪৯ | ২৬ | ৪৮ |
| ২৪ | ১১ | ১৪ | ১০ | ২০ | ২৪ | ৬ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৩-১২ | ৩৬-১৪ | ৪২-১১ | ২৯-১৬ | ৩৫-২২ | ৪৫-৩৩ | ৪৮-১৫ |
| ৩৪-২০ | ২৭-১০ | ১৮-০ | ৪৬-৬ | ২৬-১৬ | ৩৭-২৭ | ৪৯-২৯ |


**মুল্যায়ন**

১. শিক্ষার্থীরা বিয়োগের উল্লম্ব প্রক্রিয়া অনুসরণ করে দুই অঙ্কের বিয়োগ করতে পেরেছে কি না যাচাই করুন ।


# ১৮. জ্যামিতিক আকৃতি

ছবিতে গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতি খুঁজি!


গোল আকৃতি



তিনকোনা আকৃতি



চারকোনা আকৃতি











## ১৮. জ্যামিতিক আকৃতি

**শিখনফল** **(পৃষ্ঠা ৮৮)**

২৭.১.১ গোল, তিনকোণনা, চারকোনা বস্তু চিনে বলতে পারবে।

**পাঠসংখ্যা : ১**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, বিভিন্ন ধরনের গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতির কার্ড।

### শিখন শেখানো কার্যাবলি

১. গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতি কার্ড বোর্ডে রাখুন এবং জিজ্ঞেস করুন "কোন কোন ধরনের আকৃতি বোর্ডে আছে"। কার্ডগুলোকে গোল, তিনকোনা ও চারকোনা এই তিন ভাগে ভাগ করুন এবং জিজ্ঞেস করুন "ভাগগুলোর মধ্যে পার্থক্য কী"? কোণের সংখ্যার ভিত্তিতে আকৃতির তিনটি ভাগকে ব্যাখ্যা করুন।

২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮৮ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং নিচের ছবিটি দেখতে বলুন। শিক্ষার্থীদের ছবি থেকে গোল, তিনকোনা ও চারকোনা আকৃতিগুলো খুঁজে বের করতে বলুন [মূল্যায়নঃ শিক্ষর্থীরা আগ্রহের সাথে তিন ধরনের আকৃতিগুলো খুঁজে বের করার চেষ্টা করছে কি না যাচাই করুন (অংশগ্রহন, আগ্রহ)]।

৩. "ছবিতে কোথায় গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতি পেয়েছ?" প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের প্রশ্নটির উত্তর দিতে সহযোগিতা করুন। [মূল্যায়নঃ আকৃতিগুলোকে তিন ভাগে ভাগ করতে পারছে কি না যাচাই করুন। (প্রক্রিয়াকরণ দক্ষতাঃ শ্রেণিবিভাগ করা) ]।

৪. "ছবিতে কতগুলো গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতি পেয়েছ?" প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের প্রশ্নটির উত্তর দিতে সহযোগিতা করুন। শিক্ষার্থীর উত্তরের সাথে ছবিতে আকৃতির সংখ্যা সঠিক কি না যাচাই করুন।


### মূল্যায়ন

১. শিক্ষার্থীরা কোণের ভিত্তিতে তিন ধরনের আকৃতি বলতে পারছে কি না যাচাই করুন।


তোমার বিদ্যালয় ও শ্রেণিকক্ষের গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি খুঁজে বের কর। তুমি এই আকৃতিগুলো কোথায় কোথায় খুঁজে পেয়েছ ?




গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি ব্যবহার করে ছবি আঁকি।







# ১৮. জ্যামিতিক আকৃতি

**শিখনফল** (পৃষ্ঠা ৮৯)

২৭.১.১ পরিবেশের গোল, তিনকোনা, চারকোনা, বিভিন্ন বস্তুর আকার চিনবে ও বলতে পারবে।

**পাঠসংখ্যা :২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক, বিভিন্ন ধরনের গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতির কার্ড।

**শিখন শেখানো কার্যাবলি**

[১ম পাঠ]

১. গোল, তিনকোনা ও চারকোনা আকৃতির কার্ডে দেখিয়ে তিন ধরনের আকৃতির ওপর পূর্বপাঠটি পুনরালোচনা করুন।

২. শ্রেণিকক্ষের গোল, তিনকোনা ও চারকোনা আকৃতিগুলো খুঁজে বের করতে বলুন [মূল্যায়ন: শিক্ষার্থীরা আগ্রহের সাথে শ্রেণিকক্ষের তিন ধরনের আকৃতিগুলো খুঁজে বের করার চেষ্টা করছে কিনা যাচাই করুন (অংশগ্রহণ, আগ্রহ)]

৩. "শ্রেণিকক্ষের কোথায় গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতি পেয়েছ?" প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের প্রশ্নটির উত্তর দিতে সহযোগিতা করুন। [মূল্যায়ন: পরিবেশের বস্তুর আকৃতিগুলোকে তিন ভাগে ভাগ করতে পারছে কি না যাচাই করুন। (প্রক্রিয়াকরণ দক্ষতা: শ্রেণীবিভাগ করা) ]।

[২য় পাঠ]

১. শ্রেণিকক্ষের তিন ধরনের আকৃতির ওপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।

২. শিক্ষার্থীদের গোল, তিনকোনা ও চারকোনা এই তিনটি আকৃতি থেকে যেকোনো একটি আকৃতি বাছাই করে নিজেদের খাতায় আঁকতে বলুন।

৩. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৮৯ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং পৃষ্ঠার নিচের দিকের ছবিগুলো দেখতে বলুন। বইয়ের ছবিটিকে উদাহরণ হিসেবে দেখিয়ে, শিক্ষার্থীরা নিজেদের খাতায় যে আকৃতিটি এঁকেছে সেটি দিয়ে একটি ছবি আঁকতে বলুন।

৪. শিক্ষাথীদের তাদের সহপাঠীকে কাজটি দেখাতে বলুন। শিক্ষার্থীরা "কী আকৃতি ব্যবহার করেছে?" এবং "কি ছবি একেছে?", উপস্থাপনের মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা করতে শিক্ষার্থীকে সহযোগিতা করুন।[মূল্যায়ন: আকৃতির বৈশিষ্ট্য অনুসারে শিক্ষার্থীর আঁকা ছবিটি সে ব্যাখ্যা করতে পারছে কি না যাচাই করুন (প্রক্রিয়াকরণ দক্ষতা: যোগাযোগ) ।]

**মূল্যায়ন**

১. শিক্ষার্থী পরিবেশ থেকে তিন ধরনের আকৃতি চিহ্নিত করতে পেরেছে কি না যাচাই করুন।

২. গোল, তিনকোনা ও চারকোনা আকৃতির বস্তুর বৈশিষ্ট্য বুঝে তা থেকে ছবি আঁকতে পেরেছে কি না যাচাই করুন।


গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি ব্যবহার করে বিভিন্ন আকৃতি তৈরি করি।



আমরা তৈরি করেছি একজন মানুষ, একটি জাতীয় পতাকা ও একটি মাছ ।

তোমার পছন্দের যেকোনো ছবি আঁকো।





**দেখি পারি কি না।**

তোমার নিজের ছবি আঁকো।

## ১৮. জ্যামিতিক আকৃতি

শিখনফল (পৃষ্ঠা ৯০)


২৭.১ পরিবেশের গোল, তিনকোনা, চারকোনা, বিভিন্ন বস্তুর আকার চিনবে ও বলতে পারবে।

পাঠসংখ্যা : ১

**শিক্ষা উপকরণঃ** পাঠ্যপুস্তক, বিভিন্ন ধরনের ও আকারের গোল আকৃতি, তিনকোনা আকৃতি ও চারকোনা আকৃতির কার্ড (যদি সম্ভব হয়)।


**শিখন শেখানো কার্যাবলি**

১. শ্রেণীকক্ষের তিন ধরনের আকৃতির ওপর পূর্বের পাঠটি পুনরালোচনা করুন।
২. শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৯০ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং ছবিগুলো দেখতে বলুন। "বাম দিকের ছবিটিতে কোন কোন আকৃতি ব্যবহার করা হয়েছে?" শিক্ষর্থীদের প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং উত্তর দিতে সহযোগিতা করুন। এক এক করে প্রতিটি শিক্ষার্থীর উত্তর যাচাই করুন।পাঠ্যপুস্তকের মাঝের ও ডান দিকের ছবি দুটির জন্যও একই প্রশ্ন করুন।
৩. শিক্ষার্থীদের খাতায় গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি ব্যবহার করে আরও বিভিন্ন ধরনের আকৃতি তৈরি করতে বলুন। যদি সম্ভব হয় বিভিন্ন ধরনের গোল, তিনকোনা ও চারকোনা আকৃতির কার্ড শিক্ষার্থীদের হাতে দিন। [মূল্যায়নঃ শিক্ষার্থীরা আগ্রহের সাথে বিভিন্ন আকৃতি তৈরি করতে চেষ্টা করছে কি না যাচাই করুন। (অংশগ্রহণঃ আগ্রহ )]।
৪. শিক্ষার্থীদের তাদের সহপাঠীকে কাজটি দেখাতে বলুন। শিক্ষার্থীরা "কী আকৃতি ব্যবহার করেছে?" এবং " ক ছবি একেছে?", উপস্থাপনের মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা করতে শিক্ষার্থীদের সহযোগিতা করুন [ মূল্যায়নঃ আকৃতির বৈশিষ্ট্য অনুসারে শিক্ষার্থীর আঁকা ছবিটি সে ব্যাখ্যা করতে পারছে কি না যাচাই করুন (প্রক্রিয়াকরণ দক্ষতাঃ যোগাযোগ) ।]
৫. কাগজের চরকা দেখিয়ে "চরকার কোন আকৃতিগুলো ব্যবহার করা হয়েছে মনে হয়?"- এই প্রশ্নটি জিজ্ঞেস করুন। শিক্ষর্থীদের উত্তরটি দিতে সহযোগিতা করুন এবং তাদের উত্তরের সাথে সাথে ব্যাখ্যা প্রদান করুন।



**মূল্যায়ন**

১. শিক্ষার্থীরা গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি ব্যবহার করে বিভিন্ন ধরনের আকৃতি তৈরি করতে পারছে কি না যাচাই করুন।




## ১৯. নিজে করি

১। অঙ্কে লিখি

২২ ☐ ☐ ☐

২। অঙ্কে লিখি

(১) উনিশ (২) দশ (৩) চার
(৪) পাঁচ (৫) পনেরো (৬) আট
(৭) এগারো (৮) তেরো (৯) সতেরো


৩। কথায় লিখি

(১) ২ (২) ১২ (৩) ৭ (৪) ৩
(৫) ১৬ (৬) ১০ (৭) ১৮ (৮) ১

৪। বড় সংখ্যাটি গোল করি

১৫ | ১১ ৮ | ১৯ ১৬ | ১৪ ১৭ | ১২






৫। খালি ঘরে সংখ্যা লিখি

বড় থেকে ছোট

(১) ১৯ ☐ ১৭ ☐ ১৫ ☐ ১৩ ☐

ছোট থেকে বড়

(২) ☐ ৩৮ ৩৯ ☐ ☐ ৪২ ☐ ৪৪

৬। (ক) বামদিক থেকে চতুর্থ ছবিটি রং করি

(খ) ডানদিক থেকে দুইটি ছবি রং করি


(গ) ডানদিক থেকে পঞ্চম ছবিটি রং করি

৭। রেজা বলল, আমি সামনে থেকে দ্বিতীয় লাইনে বসেছি এবং আমার ডান দিকে দুই জন শিক্ষার্থী আছে। রেজা কোথায় বসেছে ? গোল দাও।

শ্রেণিকক্ষ

দেখি পারি কি না তোমার নিজের শ্রেণিতে একই রকম প্রশ্ন তৈরি কর এবং এর উত্তর দাও।






৮। যোগ করি

(১) ১০ + ৬ (২) ১২ + ৪ (৩) ১৬ + ৩
(৪) ৫ + ১১ (৫) ৯ + ৩ (৬) ৬ + ৫
(৭) ৪ + ৭ (৮) ২ + ৯ (৯) ৬ + ৮

৯। বিয়োগ করি

(১) ১৬ − ২ (২) ১৮ − ৪ (৩) ১৪ − ১০
(৪) ১৫ − ১০ (৫) ১৪ − ৬ (৬) ১১ − ৫
(৭) ১২ − ৩ (৮) ১৭ − ৮ (৯) ১৬ − ৯


১০। হিসাব করি

(১) ৭ + ৬ (২) ২ + ৮ + ৫ (৩) ১৬ − ৩
(৪) ১৪ + ৪ + ২ (৫) ৬ + ৭ + ৩ (৬) ৫ + ৯ + ৪
(৭) ১৫ − ৮ (৮) ১৩ − ৫ (৯) ৮ + ৫

১১। যোগ করি

(১) ২৩ + ১৪ (২) ১১ + ৩২ (৩) ২০ + ১৮ (৪) ১০ + ৩০ (৫) ৯ + ৪০
(৬) ২১ + ২৫ (৭) ৩৫ + ১৩ (৮) ১১ + ৩৩
(৯) ১০ + ২৮ (১০) ২০ + ২০ (১১) ৩০ + ৭






১২। বিয়োগ করি

(১) ২৮ − ১১ (২) ৩৬ − ২৬ (৩) ৪৫ − ৪০ (৪) ৫০ − ১০ (৫) ২৩ − ৩
(৬) ৩৮−২৪ (৭) ২৬−১৩ (৮) ৪৪−২২
(৯) ৩৩ − ১৩ (১০) ২৮ − ২১ (১১) ৪৭ − ৪৭

১৩। হালিমার ২৫টি বই ছিল। সে বইমেলা থেকে আরও ১৪টি বই কিনল। এখন তার কতগুলো বই হলো ?

১৪। একটি ক্রিকেট ম্যাচে মানিকের দল ৪৮ রান করল এবং তুহিনের দল ৩২ রান করল। কোন দল বেশি রান করেছে এবং কত বেশি ?


১৫। রনির বয়স ছিল ৪৯ বছর এবং অপুর বয়স ছিল ৩৩ বছর। রনি থেকে অপু কত বছরের ছোট ?

১৬। ৪৮ থেকে কোন সংখ্যা বিয়োগ করলে ২০ হবে ?

১৭। রেহানার ২৬টি রং পেনসিল ছিল। সে মেলা থেকে আরও ১২টি রং পেনসিল কিনল। সে তার ছোট ভাইকে ৭টি রং পেনসিল দিল। রেহানার কাছে কতটি রং পেনসিল রইল ?

১৮। মা তপনকে ২৪টি পুলি পিঠা দিল। তপন তার ছোট বোনকে ১২টি পিঠা দিল। পরে মা তাকে আবার ১০টি পিঠা দিল। তপনের কতটি পিঠা হলো ?






১৯। পাশের বক্সে নোটগুলো আছে। ১২ টাকা দিয়ে আইসক্রিম কিনতে কোন কোন নোট কয়টি করে দিতে হবে ? সবগুলো উপায় লিখ।

২০। এই চিত্রগুলোর নাম লিখি। এরপর ডটগুলো যোগ করে চিত্র আঁকি।

গোল

## ১৯. নিজে করি

**শিখনফল** **পৃষ্ঠা ৯১-৯৫**

**পাঠসংখ্যা: ১২**

**শিক্ষা উপকরণ:** পাঠ্যপুস্তক।

**শিখন শেখানো কার্যাবলি**

| | |
|---|---|
| [১ম পাঠ] | পৃষ্ঠা ৯১ |
| [২য় - ৩য় পাঠ] | পৃষ্ঠা ৯২ |
| [৪র্থ - ৫ম পাঠ] | পৃষ্ঠা ৯৩ |
| [৬ষ্ঠ- ৯ম পাঠ] | পৃষ্ঠা ৯৪ |
| [১০ম -১২শ পাঠ] | পৃষ্ঠা ৯৫ |

১. শিক্ষার্থীদের ৯০-৯৪ পৃষ্ঠা খুলতে বলুন।
২. শিক্ষার্থীদেরকে এই অধ্যায়ের সমস্যাগুলো তাদের খাতায় সমাধান করতে বলুন। অনুশীলনের সময় শিক্ষার্থীদের সহযোগিতা করুন, প্রয়োজনে তাদেরকে নির্দেশনা দিন।
৩. অনুশীলন শেষে কয়েকজন শিক্ষার্থীকে তাদের উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন। পরে এক একজন শিক্ষার্থী দ্বারা তাদের উত্তরগুলো যাচাই করুন।
৪. শিক্ষার্থীরা যে সমস্যাটি সমাধান করার ক্ষেত্রে বেশি ভুল করছে, সে সমস্যাগুলোতে বেশি মনোযোগ দিন। উক্ত সমস্যাগুলো সম্পর্কে পুঙ্খানুপুঙ্খরূপে ব্যাখ্যা করুন যাতে করে শিক্ষার্থীরা প্রাথমিক ও মৌলিক জ্ঞানে দক্ষ হতে পারে এবং তাদের গাণিতিক দক্ষতা বা সামর্থ্য নিশ্চিত হয়।

**মূল্যায়ন**

১. শিক্ষাবর্ষ শেষে "সামষ্টিক মূল্যায়ন" হিসেবে অথবা পাঠের মানোন্নয়নের জন্য শিক্ষকের শিখন শেখানো প্রক্রিয়ার প্রতিচ্ছবি দেখতে "গাঠনিক মূল্যায়ন" হিসেবে এই অধ্যায়টি ব্যবহার করুন।